আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৬ || সংখ্যা ১১ || সোমবার || অগ্রহায়ন ২৮ || ১৪২৮ || জমাদিউল আঃ ৯ || ১৪৪৩ || Vol. 26 || Issue 11 || 13 December || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

মুখ থুবড়ে পড়ে যুক্তরাষ্ট্রের তৎপরতা



বাংলা পত্রিকা ডেস্ক: সব জায়গায় পাকিস্তানী বাহিনী হেরে যাচ্ছে। (বাকি অংশ ২৮ পাতায়)

নিষেধাজ্ঞায় সম্পত্তি বাজেয়াপ্ত হতে পারে আইজিপিসহ র‍্যাবের ৭ কর্মকর্তার





রাষ্ট্রদূত মিলারকে তলব



বাংলা পত্রিকা ডেস্ক: র‍্যাব এবং প্রতিষ্ঠানটির সাবেক-বর্তমান সাত কর্মকর্তার ওপর যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষেধাজ্ঞার ঘটনায় রীতিমতো তোলপাড় চলছে। এ ঘটনায় আনুষ্ঠানিকভাবে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশ সরকার। ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলারকে শনিবার সকালেই (বাকি অংশ ৩৬ পাতায়)

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের নির্বাচনে সভাপতি আবু তাহের সম্পাদক মনোয়ার

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সভা শেষে নির্বাচনের মাধ্যমে আগামী দুই বছরের (২০২২-২০২৩) জন্য নতুন কমিটি গঠিত হয়েছে। এতে সাপ্তাহিক বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের সভাপতি এবং সাপ্তাহিক আজকাল-এর বিশেষ প্রতিনিধি (বাকি অংশ ১৯ পাতায়)


আবু তাহের


মনোয়ারুল ইসলাম

যেখানেই লঙ্ঘন সেখানেই পদক্ষেপ: ব্লিনকেন



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের বৈদেশিক নীতিতে (বাকি অংশ ১৯ পাতায়)

‘লুকিয়ে’ ঢাকায় ফিরলেন মুরাদ



বাংলা পত্রিকা ডেস্ক: বিতর্কিত রাজনীতিক সদ্য পদত্যাগী তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসানকে কানাডা ও দুবাইয়ে ঢুকতে না পেরে অবশেষে তাকে দেশেই ফিরতে হয়েছে। রোববার বিকাল ৪টা ৫৫ মিনিটে এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। বিমানবন্দরের ঊর্ধ্বতন এক কর্মকর্তা জানান, মুরাদ এমিরেটস এয়ারলাইন্সের ইকে ৫৮৬ ফ্লাইটে দেশে ফিরেছেন। ডা. মুরাদ হাসানের দেশে ফেরার খবরে দুপুর থেকেই বিমানবন্দরের ভিআইপি গেটে অপেক্ষা করছিলেন গণমাধ্যমকর্মীরা। ওই গেট দিয়েই বের হওয়ার কথা ছিল তার। বিমানবন্দরে নামার পর প্রথমে মুরাদ হাসানকে বিমানবন্দরের ইমিগ্রেশন অফিসে নেয়া হয়। সেখানে তার ইমিগ্রেশন সংক্রান্ত (বাকি অংশ ৩৭ পাতায়)

বিদেশের সম্পদ বাজেয়াপ্ত হবে

বাংলা পত্রিকা ডেস্ক: মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এবং এর বর্তমান ও সাবেক সাত কর্মকর্তার ওপর যুক্তরাষ্ট্র যে নিষেধাজ্ঞা দিয়েছে, সেটিকে ভুল বলে মনে (বাকি অংশ ৩৬ পাতায়)

যুক্তরাষ্ট্রে ঘূর্ণিঝড়ে, নিহত ৮০



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে শক্তিশালী ঘূর্ণিঝড় রাতারাতি আঘাত হেনেছে বলে জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। এই ঘূর্ণিঝড়ে অন্তত ৮০ জনের প্রাণ গেছে। তার মধ্যে কেনটাকি অঙ্গরাজ্যেই ৭০ জনের মৃত্যু (বাকি অংশ ১৯ পাতায়)

‘লুণ্ঠন করেনি, র‍্যাব মানবাধিকার রক্ষা করে চলছে’

বাংলা পত্রিকা ডেস্ক: র‍্যাবের কর্মকর্তাদের বিরুদ্ধে আমেরিকা ভ্রমণ নিষেধাজ্ঞাসহ যে নানা অভিযোগ তুলেছে তা প্রত্যাখ্যান করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। (বাকি অংশ ৩৭ পাতায়)

বিশ্বজুড়ে যাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির কেন্দ্রে মানবাধিকার। যথাযথ উপায় অবলম্বন করে তা নিশ্চিতে প্রতিশ্রুতিবদ্ধ যুক্তরাষ্ট্র। একই সঙ্গে যেখানেই মানবাধিকার লঙ্ঘন হোক না কেন, সে বিষয়ে কর্তৃপক্ষের মনোযোগ আকর্ষণ করা হবে। মানবাধিকার লঙ্ঘন এবং নির্যাতনের দায়ে অভিযুক্তদের (বাকি অংশ ৩৭ পাতায়)

আমেকিান ভিসা বাতিল জেনারেল আজিজের



বাংলা পত্রিকা ডেস্ক: সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজকে যুক্তরাষ্ট্রে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। ইতিমধ্যেই তার আমেরিকান ভিসা বাতিল করা হয়েছে। এক পত্র (বাকি অংশ ৩৭ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate
76-26 Broadway, Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs • Inquiries • Collections
Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York, Virginia & CT
OUR MOST POPULAR COURSES:
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company

KABIR CHOWDHURRY
স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
৩-এর পৃষ্ঠা

সুফি মুফতী আজানগাছী রহঃ'র ওরশ শুরু হচ্ছে ১৭ ডিসেম্বর

বাংলা পত্রিকা রিপোর্ট: ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর ফারুক (রা.)-এর ৩৭তম বংশধর হযরত মাওলানা সুফি মুফতী আজানগাছী রহঃ'র ১০ দিনব্যাপী ওরশ শুরু হচ্ছে আগামী ১৭ ডিসেম্বর শুক্রবার। চলবে ২৬ ডিসেম্বর রোববার পর্যন্ত। কলকাতার ১৮ বাগমারী রোডে এই মাহফিলের আয়োজন করা হয়েছে। করোনা পরিস্থিতির কারণে মাহফিলের কার্যক্রম ভারতীয় সময় অনুযায়ী ইউটিভ লাইভে সম্প্রচারিত হবে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে। ওরশ মাহফিল শুরুর দিন ১৭ ডিসেম্বর শুক্রবার বেলা ১১টায় এর কার্যক্রম শুরু হবে। প্রতিদিন ওরশের কার্যক্রম শুরু হবে ক্ষেত্রবেশে সকাল ৯টায় অথবা সকাল ১০টায় এবং চলবে রাত ১০টা পর্যন্ত। **হযরত মাওলানা সুফি মুফতী আজানগাছী রহঃ এর সংক্ষিপ্ত পরিচয়** ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর ফারুক (রা.)-এর ৩৭তম বংশধর এবং হযরত মুজাদ্দিদ আলফ-সানী (রহঃ) এর **(বাকি অংশ ৯ পাতায়)**





পাইলট শিকদার আহমেদের
আলোকচিত্র প্রদর্শনীতে বিমোহিত দর্শক



আশরাফুল হাবিব মিহির: আন্তর্জাতিক পুরস্কারে ভুষিত আলোকচিত্র শিল্পী শিকদার মেজবাহউদ্দিন আহমেদের আলোকচিত্র প্রদর্শনী নিউ ইয়র্কের প্রিমাভেরা গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। সাউথ এশিয়ান রাইটার্স এন্ড জার্নালিস্টস ফোরাম ইউএসএ'র আয়োজনে দু'দিনব্যাপী এই প্রদর্শনীর উদ্বোধন করেন খ্যাতিমান সঙ্গীত গুরু মুক্তালিব বিশ্বাস। গত ৪ ও ৫ ডিসেম্বর শনি ও রোববার, বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত চলা নিউইয়র্কে প্রথম প্রদর্শনীতে বাছাইকৃত শিল্পীর ৩০টি ছবি স্থান পায় এবং প্রদর্শনীতে বিপুল সংখ্যক দর্শকের সমাগম ঘটে। প্রদর্শনীর শিরোনাম ছিলো- 'ট্রাভেলার অন টপ অ্যান্ড বিয়ন্ড'।

সাংবাদিক আকবর হায়দার কিরনের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রবীণ সাংবাদিক মনজুর আহমেদ, প্রখ্যাত অভিনেত্রী রেখা আহমেদ, সাপ্তাহিক ঠিকানা'র সাবেক সম্পাদক ও ক্রীড়াবিদ সাঈদ-উর রব, বাংলা পত্রিকা'র সম্পাদক এবং টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, বীর মুক্তিযোদ্ধা ও শিল্পী তাজুল ইমাম, সিনিয়র সাংবাদিক মাইন উদ্দিন আহমেদ, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাইদ, কৃতি এথলেট সাইদুর রহমান ডন, বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস আহমেদ, বিশিষ্ট আলোকচিত্র শিল্পী ড. ওবায়দুল্লাহ মামুন, বিশিষ্ট টিভি ব্যক্তিত্ব শামীম শাহেদ, শিল্পী আকতার আহমেদ রাশা, বিশিষ্ট সাংবাদিক মনির হায়দার, সাংবাদিক ও লেখক শিব্বীর আহমেদ, সাংবাদিক শহীদুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মিনহাজ আহমেদ, ফটো সাংবাদিক নিহার সিদ্দিকী, বাংলাভিশন নর্থ আমেরিকার ভাইস প্রেসিডেন্ট মাহমুদ হোসাইন বাদশা প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রদর্শনীর শেষদিনে আয়োজক সংগঠনের পক্ষ থেকে আলোকচিত্রী শিকদার মেজবাহউদ্দিন আহমেদের হাতে বিশেষ সম্মাননা স্মারক তুলে দেন সাংবাদিক আকবর হায়দার কিরণ।

উল্লেখ্য, ব্যক্তিগত জীবনে পাইলট, আলোকচিত্রী শিকদার মেজবাহউদ্দিন আহমেদ দীর্ঘকাল ধরে দেশ-বিদেশের বিভিন্ন স্থান ঘুরে অগনিত ছবি তুলেছেন। ছবি তোলা নেশা ও পেশা। এজন্য পেয়েছেন বেশ কয়েকটি আন্তর্জাতিক পুরস্কার। প্রদর্শনীদে আগত দর্শকরা শিল্পীর তোলা ছবির সৌন্দর্যে বিমোহিত হন এবং গুনীজনেরা ছবির ভূয়সী প্রশংসা করেন।

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090
PHYSICAL THERAPY
আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি
ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত





WE ARE OPEN
We have missed you





Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ



শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসটেন্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ ব্রোডওয়ে এভিনিউ, ব্রুকলিন, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

৯০৮৯ কানারসিন এভিনিউ, ব্রুকলিন, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

প্রাণের মাঝে আয়

রজত জয়ন্তী

25 YEARS CELEBRATION

২৬-২৭ ডিসেম্বর ২০২১

ম্যাজাস্টিক হল, নিউইয়র্ক

স্টলের জন্য যোগাযোগ

৯২৯-৪৯৯-৫৩৮১, ৭১৮-৩৫০-৬১৩৭

আহবায়ক

মিনহাজ চৌধুরী , আবদুল হাফিজ আবদাল

সচিব

রাজীব খান, মেহরাজ ফাহমি

প্রধান সমন্বয়কারী

মোস্তফা কামাল পাশা (মওদুদ) , ওয়াদুদ আহমদ

আব্দুল মালেক খান লায়েক
সভাপতি

দুরুদ মিয়া (রনেল)
সাধারণ সম্পাদক

মিডিয়া পার্টনার ঠিকানা TIME প্রথম আলো সাপ্তাহিক বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

সিলেট সদর থানা অ্যাসোসিয়েশন
অব আমেরিকা ইনক্

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

রেমিট্যান্সের নিম্নগতি

প্রণোদনা বৃদ্ধিতে মিলতে পারে সুফল

প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তবে উদ্বেগের বিষয় হলো, গত ছয় মাস ধরে কমছে রেমিট্যান্স প্রবাহ। ২০২০ সালের জুলাই থেকে রেমিট্যান্স প্রবাহে অস্থিরতার বিষয়টি ৯ ডিসেম্বর বুধবার যুগান্তরে প্রকাশিত এক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। রেমিট্যান্সের নিম্নগতি অব্যাহত থাকলে বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা বড় ধরনের চাপে পড়বে। রেমিট্যান্স কমার ফলে ইতোমধ্যে রিজার্ভে চাপ বাড়ায় ডলারের দাম বৃদ্ধি পেয়ে টাকার মান কমে গেছে। এ চাপ আরও বাড়লে মানুষের ক্রয়ক্ষমতায় নেতিবাচক প্রভাব পড়বে, যা অর্থনীতির সূচকগুলোকে এলোমেলো করে দিতে পারে।

এ অবস্থায় রেমিট্যান্স বাড়ানোর জন্য নানা পদক্ষেপ নেওয়া হচ্ছে। জানা গেছে, রেমিট্যান্স বাড়াতে কী পদক্ষেপ নেওয়া যায় সে বিষয়ে জানাতে অর্থ মন্ত্রণালয় থেকে বাংলাদেশ ব্যাংককে গত মাসের মাঝামাঝি সময়ে চিঠি দেওয়া হয়। কেন্দ্রীয় ব্যাংক বিষয়টি পর্যালোচনা করে সম্প্রতি এর জবাব দিয়েছে।

এতে রেমিট্যান্স বাড়ানোর বিষয়ে যেসব সুপারিশ করা হয়েছে, তার অন্যতম হলো প্রবাসীদের রেমিট্যান্স পাঠানোর খরচ কমানো। খরচের বিষয়টি বিবেচনা করে অনেকে ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স পাঠান না; ওইসব রেমিট্যান্স আসে হুন্ডিতে। এতে ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ কমে যাচ্ছে। অনেক প্রবাসী ব্যাংকিং ব্যবস্থা সম্পর্কে অবহিত নন, যে কারণে তারা ব্যাংকে না গিয়ে হুন্ডিতে রেমিট্যান্স পাঠান।

বিদেশে বাংলাদেশি অধ্যুষিত এলাকাগুলোয় হুন্ডিবাজদের তৎপরতা বেশি, যে কারণে অনেক প্রবাসী তাদের মাধ্যমেই রেমিট্যান্স পাঠাতে উৎসাহী হন। জানা গেছে, গত কয়েক বছর ধরে রেমিট্যান্স পাঠানোর খরচ কমানোর বিষয়টি আলোচনায় থাকলেও তা বাস্তবায়িত হয়নি।

এ অবস্থায় কাঙ্ক্ষিত সুফল পেতে খরচ কমানোর পাশাপাশি রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে বিদেশে বাংলাদেশি ব্যাংক বা এক্সচেঞ্জ হাউজ সুবিধা বাড়ানো দরকার। বিদেশে বাংলাদেশি ব্যাংকে কর্মরত কর্মীদের দক্ষতা বৃদ্ধি করার পদক্ষেপও নেওয়া দরকার। প্রণোদনা ও অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধির বিষয়টি প্রবাসী বাংলাদেশিদের সময়মতো জানাতে হবে।

প্রবাসী বাংলাদেশিদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করার পদক্ষেপ নেওয়া না হলে হুন্ডিবাজ চক্রের প্রতি তাদের আকর্ষণ কমবে কিনা, এ বিষয়ে সন্দেহ থেকেই যায়। প্রবাসীরা বিভিন্ন দেশে দালাল ও নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নানাভাবে হয়রানির শিকার হয়ে থাকেন। তাদের এসব সমস্যা দূর করতেও যথাযথ পদক্ষেপ নেওয়া দরকার।

প্রবাসী বাংলাদেশিদের সমস্যাগুলো নিরসনে দ্রুত পদক্ষেপ নেওয়া না হলে রেমিট্যান্স প্রেরণে প্রণোদনাসহ সুযোগ-সুবিধা যতই বাড়ানো হোক না কেন, এ ক্ষেত্রে কাঙ্খিত সুফল মিলবে কিনা, সে বিষয়ে সন্দেহ থেকেই যায়।

রাজনীতিতে শিষ্টাচার ফিরবে কবে?

মুঈদ রহমান

গত সপ্তাহে দেশের সবচেয়ে আলোচিত বিষয় ছিল তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসানের পদত্যাগ। এটাকে পদত্যাগ না বলে অপসারণও বলা যায়। কেননা, কেউ যত অপরাধই করুন না কেন, দায়িত্বে যত অবহেলাই করুন না কেন, জনগণ দ্বারা যত তিরস্কৃতই হোন না কেন, স্বেচ্ছায় পদত্যাগ করার নজির এদেশে নেই। ডা. মুরাদের ক্ষেত্রেও তা-ই হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশেই তিনি পদত্যাগ করতে বাধ্য হয়েছেন, নিজ থেকে নয়। সংবিধানের ৫৮(২) ধারা অনুযায়ী, 'প্রধানমন্ত্রী যে কোনো সময় কোনো মন্ত্রীকে পদত্যাগ করিতে অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত মন্ত্রী অনুরূপ অনুরোধ পালনে অসমর্থ হইলে তিনি রাষ্ট্রপতিকে উক্ত মন্ত্রীর নিয়োগের অবসান ঘটাইবার পরামর্শ দান করিতে পারিবেন।' এ নির্দেশের অন্যথা হলে মন্ত্রিসভা থেকে তাকে বহিষ্কৃত হতে হতো।

প্রথমে ভেবেছিলাম এ নিয়ে কিছু লিখব না। কারণ লিখতে গেলে যেসব ঘটনার বিবরণ দিতে হবে তা অতিমাত্রায় অস্বস্তিকর। সুতরাং তা থেকে বিরত থাকাই ভালো। কিন্তু দ্বিতীয় ভাবনা বলছে, কিছু বলা উচিত। কারণ আজকের মুরাদ আমাদের চলমান ক্ষমতাভোগী রাজনীতি ও সংস্কৃতির প্রতিনিধিত্ব করে। তার চরিত্র বিশ্লেষণের মধ্য দিয়েই বোঝা যাবে বাংলাদেশের বর্তমান রাজনীতি এখন কতটা শিষ্টাচারবহির্ভূত, কতটা আক্রমণাত্মক, কতটা জবরদস্তিমূলক এবং স্বেচ্ছাচারিতার কোন পর্যায়ে আছে।

পেশায় চিকিৎসক জামালপুর-৪ আসনের সংসদ সদস্য ডা. মুরাদ হাসান আওয়ামীপন্থি চিকিৎসকদের সংগঠন স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) এবং একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির কেন্দ্রীয় সদস্য। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর গঠিত সরকারে প্রথমে মুরাদ হাসানকে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়। পরবর্তী সময়ে ২০১৯ সালের মে মাসে মন্ত্রণালয় পরিবর্তন করে তাকে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়। সেখানে কর্মরত অবস্থায়ই তিনি পদ হারান। তাছাড়া জামালপুর জেলা আওয়ামী লীগের তিনি স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ছিলেন। জেলা আওয়ামী লীগ তাকে ওই পদ থেকেও অব্যাহতি দিয়েছে। নারীর প্রতি অশালীন উক্তি করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী তার বিরুদ্ধে শাহবাগ থানায় মামলা করেছেন। কথা উঠেছে, মুরাদ হাসানের সংসদ-সদস্যপদ থাকবে কি না। আরও জানা যায়, গত বৃহস্পতিবার গভীর রাতে সাবেক মন্ত্রী মহোদয় মুখ লুকিয়ে কানাডার উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। সব মিলিয়ে গতকালের 'বাঘ' আজ 'বিড়ালে' পরিণত হওয়ার দশা! ঘটনার সূত্রপাত দুবছর আগের একটি ফোনালাপ ফাঁস হওয়ার পর। কারও ব্যক্তিগত ফোনালাপ নিয়ে মন্তব্য করার বেলায় আমার অরুচি আছে। তবে ফোনালাপটি যদি তার ব্যক্তিগত সীমা ছাড়িয়ে রাষ্ট্র বা সমাজ কাঠামোর জন্য হুমকি হয়ে দাঁড়ায়, তাহলে তা আলোচনার দাবি রাখে। তাই কোনো এক নায়িকার সঙ্গে ডা. মুরাদের ব্যক্তিগত কী কথা হয়েছে, তা কতটা কুরুচিপূর্ণ সে বিষয়ে আলোচনায় আমার কোনো আগ্রহ নেই। কিন্তু তার কথায় দেশের আইনশৃঙ্খলার কাজে নিয়োজিত প্রায় সব সংস্থাকে অপব্যবহারের যে হুমকি আছে, তা বিচার্য বিষয়। এর সরাসরি কোনো প্রমাণ পাওয়া না গেলেও তার কথায় ক্ষমতাসীনদের রাষ্ট্রযন্ত্র অপব্যবহারের ইঙ্গিত পাওয়া যায়, যা রীতিমতো ভয়ংকর। তার কথায় সামান্যতম সত্যতাও যদি থাকে, তাহলে বোঝা যাবে সাধারণ মানুষ কতটা নিরাপত্তাহীনতার মধ্যে জীবনযাপন করছেন।

আগেই বলেছি, কারও ব্যক্তিগত ফোনালাপ নিয়ে কথা বলার কোনো আগ্রহ আমার নেই। কিন্তু তিনি প্রকাশ্যে গণমাধ্যমে যে ধরনের অশালীন বক্তব্য পরিবেশন করেছেন, তা রাজনৈতিক অঙ্গনকে ভীষণভাবে কলুষিত করেছে। রাজনীতিতে প্রতিপক্ষ থাকবেই। তাদের সার্বিক কর্মকাণ্ডের সমালোচনা করাও দোষের কিছু নয়। কিন্তু এরও তো একটা সীমা-পরিসীমা থাকা উচিত। ডা. মুরাদ বিএনপি নেতা তারেক রহমানের মেয়ে জাইমা রহমান সম্পর্কে যে অশালীন মন্তব্য করেছেন, তা কোনো মন্ত্রী তো দূরে থাক, কোনো সুস্থ মানসিকতার মানুষের মুখে উচ্চারিত হওয়া সম্ভব নয়। এরকম একজন অসুস্থ মানসিকতার মানুষ আমাদের দেশে অর্ধযুগেরও বেশি সময় মন্ত্রিত্বের মতো গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি শুধু রাজনৈতিক প্রতিপক্ষের প্রতি শিষ্টাচারবহির্ভূত আচরণ করেই ক্ষান্ত থাকেননি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের প্রতিও ঢালাওভাবে আশালীন উক্তির তির ছুড়েছেন।

পেশায় চিকিৎসক জামালপুর-৪ আসনের সংসদ সদস্য ডা. মুরাদ হাসান আওয়ামীপন্থি চিকিৎসকদের সংগঠন স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) এবং একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির কেন্দ্রীয় সদস্য। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর গঠিত সরকারে প্রথমে মুরাদ হাসানকে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়।

লক্ষণীয় বিষয় হলো, তিনি এসব অপকাণ্ডকে ব্যক্তিগত পর্যায়ে রাখেননি। তার প্রকাশ্য বক্তব্য ছিল, তিনি যা কিছু বলেন, যা কিছু করেন, তা সম্পূর্ণই মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে। স্বাভাবিকভাবেই সব দায় গিয়ে পড়ে মাননীয় প্রধানমন্ত্রীর ওপর। আর তিনি সে দায় নেবেন কেন? তাই প্রধানমন্ত্রী তাকে অপসারণ করতে বাধ্য হয়েছেন। এর কোনো বিকল্প ছিল না। তবে সাধারণ মানুষের বিবেচনা হলো, ডা. মুরাদ যে অপরাধ করেছেন তার বিপরীতে কেবল মন্ত্রিত্ব থেকে বাদ দেওয়া হলে তা হবে অত্যন্ত মামুলি সাজা। প্রকৃত শাস্তি দিতে হলে তাকে আইনের আওতায় নিয়ে আসতে হবে। তথ্যপ্রযুক্তি আইন কেবল ভিন্নমতকে দমিয়ে রাখার কাজে ব্যবহার করলে চলবে না।

আলোচিত ঘটনার পর যে প্রশ্নগুলো জনমনে ঘুরপাক খাচ্ছে তা হলো, এই মুরাদরা কার সৃষ্টি, কোন ধরনের আশ্রয়-প্রশ্রয় তাদের এতটা ঔদ্ধত্যপূর্ণ আচরণে উৎসাহ জোগায়, কোন রাজনৈতিক পরিবেশ তাদের এতখানি বেপরোয়া হয়ে উঠতে সাহায্য করে? আরও প্রশ্ন জাগে, এক মুরাদের অপসারণই কি রাজনীতিতে শিষ্টাচার ফিরিয়ে আনতে সক্ষম হবে? এ সময়ে আমাদের প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করতে হবে। এটা সময়ের প্রয়োজন ও দাবি।

উদ্দেশ্যহীন রাজনীতিই মুরাদদের সৃষ্টি করে। যে রাজনীতির উদ্দেশ্যই হলো প্রতিপক্ষকে ঘায়েল করা, তা সে যে ভাষাতেই হোক, সে ধরনের রাজনীতিতে এদের জন্ম ও বেড়ে ওঠা অত্যন্ত সহজ। দেশের ভবিষ্যৎ আর্থসামাজিক চিন্তাভাবনা এ ধরনের রাজনীতিতে সক্রিয় থাকে না। আর তারা বেড়ে ওঠে দলীয় আশ্রয়-প্রশ্রয়ে। ফোনালাপটি হয়তো দুবছর আগেকার। কিন্তু খোদ তথ্য ও সম্প্রচারমন্ত্রী তার নিজ মুখে বলেছেন, তিন-চার মাস ধরে ডা. মুরাদের কর্মকাণ্ড বিব্রতকর ছিল। তাহলে তখনই ব্যবস্থা নেওয়া হলো না কেন? সেখানেই দলীয় আশ্রয়-প্রশ্রয়ের বিষয়টি সামনে আসে। বেপরোয়া হয়ে ওঠার পেছনে কাজ করছে রাজনীতিতে জবাবদিহিতা না থাকা। ক্ষমতাসীনরা কোনো কাজে বা কথায় জনমনে কী ধরনের প্রতিক্রিয়া হবে, তার তোয়াক্কা করেন না। তারা জানেন, সরকারের খাস নজরে থাকার একমাত্র যোগ্যতা হলো বিরোধী মতকে দমন করা। আর এর জন্য যত রকম সহযোগিতার প্রয়োজন, সরকারি দল তা দিতে প্রস্তুত। আমরা যদি গত ৫ বছরে টেলিভিশনে প্রচারিত টকশোগুলোর দিকে নজর দিই, তাহলেই দেখব সরকারি দলের নেতাকর্মীদের 'বডি ল্যাঙ্গুয়েজ' কেমন। খুবই আক্রমণাত্মক, অন্য কারও অবস্থান তারা প্রত্যাশা করেন না কিংবা মেনে নিতে পারেন না। দীর্ঘদিন চলে আসা রাজনীতির এই অরাজনৈতিক সংস্কৃতিই মুরাদদের বেপরোয়া করে তুলেছে। তাই অত্যন্ত যুক্তিসংগতভাবেই বলা যায়, কেবল একজন মুরাদের অপসারণের মাধ্যমেই সব সমস্যার সমাধান করা যাবে না। একজন প্রকাশিত হলেও এমন শতজন আড়ালে আছেন। রাজনীতিতে জবাবদিহিতা ফিরিয়ে আনতে না পারলে, রাজনৈতিক সংস্কৃতিতে পরিবর্তন আনতে না পারলে এ ধরনের মুরাদদের বারবার দেখতে হবে।

সরকারকে সমালোচনা সইবার সক্ষমতা অর্জন করতে হবে এবং গণতান্ত্রিক সরকারের দাবিদার হিসাবে এটা তাদের দায়িত্বও বটে। মতামত প্রকাশের প্রতিক্রিয়ায় সরকারি মহলের আচরণ অনেক ক্ষেত্রেই অসহিষ্ণু, যা ঔদ্ধত্যপূর্ণ মানসিকতা সৃষ্টির সহায়ক। এ ধরনের অসহিষ্ণু পরিবেশের কারণে অনেক যোগ্য ও স্বনামধন্য ব্যক্তিও কোনো কথা পরিষ্কারভাবে বলতে বা লিখতে সংশয়বোধ করেন। অধ্যাপক রেহমান সোবহানের পাণ্ডিত্য এবং মুক্তিযুদ্ধে সক্রিয় অবদান প্রশ্নাতীত। এমন সর্বজন গ্রহণযোগ্য ব্যক্তিও স্বাধীন মতপ্রকাশের ক্ষেত্রে অস্বস্তিবোধ করছেন। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সিপিডি আয়োজিত আলোচনায় তিনি বলেছেন, ষাটের দশকে যে বক্তব্য তিনি এক ঘণ্টায় লিখে ফেলতে পারতেন, সে রকমের কিছু এখন লিখতে গেলে সপ্তাহখানেক সময় লেগে যায়। কারণ, এখন অনেক ভেবেচিন্তে লিখতে হয়। লেখা দাঁড় করাতে গিয়ে কী লেখা যাবে আর কী লেখা যাবে না, সেই চিন্তা করতেই সময় চলে যায়। ষাটের দশক ছিল আইয়ুবি শাসন। আমরা তা মেনে নিতে পারিনি। গণতান্ত্রিক আন্দোলন ও মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে সৃষ্টি হয়েছে স্বাধীন গণতান্ত্রিক বাংলাদেশের। তার ৫০ বছরে এসে যথাযথ মতপ্রকাশের ক্ষেত্রে বাধা এলে সেদেশে মুরাদদের পুনঃপুন জন্ম অনিবার্য।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়

নামাজের সময়-সূচী

ডিসেম্বর	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
ফজর	৫.৪৯	৫.৪৯	৫.৫০	৫.৫০	৫.৫১	৫.৫২	৫.৫২
সূর্যোদয়	৭.১০	৭.১১	৭.১২	৭.১২	৭.১৩	৭.১৪	৭.১৪
জোহর	১১.৫১	১১.৫১	১১.৫১	১১.৫২	১১.৫২	১১.৫৩	১১.৫৩
আসর	২.৪৮	২.৪৮	২.৪৯	২.৪৯	২.৪৯	২.৫০	২.৫০
মাগরিব	৪.৩০	৪.৩০	৪.৩০	৪.৩১	৪.৩১	৪.৩১	৪.৩২
এশা	৫.৫১	৫.৫১	৫.৫১	৫.৫১	৫.৫২	৫.৫২	৫.৫৩

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

ডিজিটাল বাংলাদেশ এক সফল উন্নয়ন দর্শন



জুনাইদ আহমেদ পলক এমপি

বাঙালী জাতির দুটি অভূতপূর্ব সন্ধিক্ষণে এ বছর ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার সফলভাবে বাস্তবায়ন হচ্ছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করছি আমরা। এমনই এক স্মরণীয় মুহূর্তে বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের প্রেরণাদায়ী ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার বাস্তবায়নে আমরা কতটা সফল, তা মানুষের কাছে তুলে ধরার দায়বদ্ধতা যেমন রয়েছে, তেমনি বিশ্বে ডিজিটাল বিপ্লবের প্রেক্ষাপটে সদ্য স্বাধীন বাংলাদেশে বিজ্ঞান, কারিগরি ও আধুনিক প্রযুক্তিনির্ভর বাংলাদেশের ভিত যার হাত ধরে রচিত হয়েছিল, প্রাসঙ্গিকভাবে তাও তুলে ধরার প্রয়োজন রয়েছে।

ডিজিটাল বিপ্লবের শুরু ১৯৬৯ সালে ইন্টারনেট আবিষ্কারের ফলে। ইন্টারনেটের সঙ্গে ডিভাইসের যুক্ততা মানুষের দৈনন্দিন জীবন, সংস্কৃতি, ব্যবসা-বাণিজ্য, উৎপাদনে প্রভাব ফেলতে শুরু করে। বিজ্ঞান, কারিগরি ও প্রযুক্তিগত অগ্রগতির ফলে বিশ্বে উন্নয়ন দারুণ গতি পায়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর গুরুত্ব গভীরভাবে উপলব্ধি করেন। কারণ তিনি গড়তে চান সোনার বাংলা। তার এ স্বপ্নের বাস্তবায়নে তিনি ছিলেন দৃঢ়প্রতিজ্ঞ। বঙ্গবন্ধু রাষ্ট্র পরিচালনার জন্য সময় পান মাত্র সাড়ে তিন বছর। এ সময়ে প্রজ্ঞাবান ও বিচক্ষণ রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধু তার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ এমন কোনো খাত নেই যেখানে পরিকল্পিত উদ্যোগ ও কার্যক্রমের বাস্তবায়ন করেননি। শুধু তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও বিকাশে গৃহীত নানা উদ্যোগ ও কার্যক্রমের দিকে তাকালে দেখা যাবে বঙ্গবন্ধুর হাত ধরেই রচিত হয় একটি আধুনিক বিজ্ঞানমনস্ক প্রযুক্তিনির্ভর বাংলাদেশের ভিত্তি, যা বাংলাদেশকে ডিজিটাল বিপ্লবে অংশগ্রহণের পথ দেখায়।

১৯৭৫ সালে ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যা করা হয়। থেমে যায় সোনার বাংলা বিনির্মাণের স্বপ্ন। পঁচাত্তর-পরবর্তী ২১ বছরের শাসনামলে বিনা অর্থে ইন্টারনেট কেব্ল লাইনে যুক্ত হওয়ার প্রস্তাব ফিরিয়ে দেওয়ার ঘটনা প্রত্যক্ষ করে দেশের মানুষ। দীর্ঘ ২১ বছর পর ১৯৯৬ সালে আরেক দূরদর্শী নেতা বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরসূরি দেশরত্ন শেখ হাসিনাকে দেশ পরিচালনার জন্য নির্বাচিত করে জনগণ

বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ ১৯৭৩ সালের ৫ সেপ্টেম্বর জাতিসংঘের ১৫টি সংস্থার মধ্যে গুরুত্বপূর্ণ ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) সদস্যপদ লাভ করে। আর্থ-সামাজিক জরিপ, আবহাওয়ার তথ্য আদান-প্রদানে আর্থ-রিসোর্স টেকনোলজি স্যাটেলাইট প্রোগ্রাম বাস্তবায়িত হয় তারই নির্দেশে। ১৯৭৫ সালের ১৪ জুন বঙ্গবন্ধু বেতবুনিয়ায় স্যাটেলাইটের আর্থ স্টেশনের উদ্বোধন করেন। বিজ্ঞান, প্রযুক্তিবিদ্যা ও কারিগরি শিক্ষাকে গুরুত্ব দিয়ে কুদরাত-এ-খুদার মতো একজন বিজ্ঞানীর নেতৃত্বে শিক্ষা কমিশন রিপোর্ট প্রণয়ন এবং শিক্ষায় প্রযুক্তি ব্যবহার করার লক্ষ্য বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা ছিল তার অত্যন্ত সুচিন্তিত ও দূরদর্শী উদ্যোগ।

১৯৭৫ সালে ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যা করা হয়। থেমে যায় সোনার বাংলা বিনির্মাণের স্বপ্ন। পঁচাত্তর-পরবর্তী ২১ বছরের শাসনামলে বিনা অর্থে ইন্টারনেট কেব্ল লাইনে যুক্ত হওয়ার প্রস্তাব ফিরিয়ে দেওয়ার ঘটনা প্রত্যক্ষ করে দেশের মানুষ। দীর্ঘ ২১ বছর পর ১৯৯৬ সালে আরেক দূরদর্শী নেতা বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরসূরি দেশরত্ন শেখ হাসিনাকে দেশ পরিচালনার জন্য নির্বাচিত করে জনগণ। তিনি দেশ পরিচালনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও বিকাশের ওপর গুরুত্ব দেন। ১৯৯৯ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভায় গাজীপুরের কালিয়াকৈরে হাই-টেক পার্ক নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়। বর্তমানে হাই-টেক পার্কের সংখ্যা ৩৯। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মোবাইল ফোনের মনোপলি ভেঙে তা মানুষের কাছে সহজলভ্য করেন। ২০১৫ সালে কম্পিউটার আমদানিতে শুল্ক হ্রাস, হার্ডওয়ার, সফটওয়্যার শিল্প উৎপাদনকারীদের ভর্তুকি, প্রণোদনা প্রদানসহ বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন। সরকারের বিভিন্ন নীতি সহায়তার ফলে বর্তমানে দেশে হাই-টেক পার্কসহ বিভিন্ন স্থানে স্যামসাং, ওয়ালটন, সিম্ফোনি, মাই ফোন, শাওমিসহ দেশি-বিদেশি ১৪টি প্রতিষ্ঠান বাংলাদেশে মোবাইল ফোন ও ল্যাপটপ উৎপাদন করছে এবং পৃথিবীর বিভিন্ন দেশে তা রপ্তানি হচ্ছে ও দেশের মোবাইল ফোন চাহিদার ৭০ শতাংশ পূরণ করছে। ডিজিটাল ডিভাইস উৎপাদনে রপ্তানিকারক দেশ হিসাবে পরিচিত হয়েছে বাংলাদেশ। আর দিন বদলের সনদ রূপকল্প-২০২১- এর মূল উপজীব্য হিসাবে ডিজিটাল বাংলাদেশের ঘোষণা আসে ২০০৮ সালের ১২ ডিসেম্বর। নবম জাতীয় সংসদ নির্বাচনের আগে জননেত্রী শেখ হাসিনা দেশকে একটি সুখী, সমৃদ্ধ ও জ্ঞানভিত্তিক ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা দেন। ঘোষণায় বলা হয়, ২০২১ সালে স্বাধীনতার ৫০ বছরে দেশ পরিণত হবে ডিজিটাল বাংলাদেশে।

ডিজিটাল বাংলাদেশ আসলে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার আধুনিক রূপ, যার বাস্তবায়ন শুরু হয় ২০০৯ সালে। মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন দর্শনের কেন্দ্রবিন্দুতে থাকা দেশের সব মানুষের উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও বিকাশ, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, দক্ষ মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি, ডিজিটাল অর্থনীতি ও ক্যাশলেস সোসাইটি গড়ে তোলার ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হয়। এসব কর্মযজ্ঞ বাস্তবায়নের জন্য আইন, নীতিমালা প্রণয়ন থেকে শুরু করে সামগ্রিক কার্যক্রমের পরামর্শ ও তদারকি করছেন ডিজিটাল বাংলাদেশের আর্কিটেক্ট প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।

জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সরকারি সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে ২০১০ সালের ১১ নভেম্বর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ৪৫০১টি ইউনিয়নে একযোগে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র উদ্বোধন করেন, যা বর্তমানে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) নামে সুপরিচিত। এই সেন্টার থেকে গ্রামীণ জনপদের মানুষ খুব সহজেই তাদের বাড়ির কাছে পরিচিত পরিবেশে জীবন ও জীবিকাভিত্তিক তথ্য ও প্রয়োজনীয় সেবা পাচ্ছেন। প্রথমে কেবল ইউনিয়ন পরিষদ কেন্দ্রিক এর কার্যক্রম চালু হলেও বর্তমানে পৌরসভা, সিটি করপোরেশন, গার্মেন্টস কর্মী এবং প্রবাসী নাগরিকদের জন্য আলাদা ডিজিটাল সেন্টার চালু হয়েছে। বর্তমানে সারা দেশে ৮,২৮০টি ডিজিটাল সেন্টারের মাধ্যমে ৩০০-এর অধিক ধরনের সরকারি-বেসরকারি সেবা জনগণ গ্রহণ করতে পারছেন। ডিজিটাল সেন্টার সাধারণ মানুষের জীবনমান সহজ করার পাশাপাশি দৃষ্টিভঙ্গিও বদলে দিয়েছে। মানুষ এখন বিশ্বাস করে, ঘরের কাছেই সব ধরনের সেবা পাওয়া সম্ভব। মানুষের এ বিশ্বাস অর্জন ডিজিটাল বাংলাদেশের পথচলায় সবচেয়ে বড় পাওয়া। ফলে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সুফল দেশের প্রত্যেক মানুষ পাচ্ছে।

কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থানসহ এমন কোনো খাত নেই যেখানে তথ্যপ্রযুক্তি ব্যবহার হচ্ছে না। এটা সম্ভব হচ্ছে মূলত সারা দেশে একটি শক্তিশালী আইসিটি অবকাঠামো গড়ে ওঠার কারণে, যা গ্রাম পর্যন্ত বিস্তৃত। বর্তমান সরকার দায়িত্ব লাভ করার আগে প্রতি এমবিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথের দাম ছিল ৭৮ হাজার টাকা। বর্তমানে প্রতি এমবিপিএস ৩০০ টাকার নিচে। দেশের ১৮ হাজার ৫০০ সরকারি অফিস একই নেটওয়ার্কের আওতায়। ৩৮০০ ইউনিয়নে পৌঁছে গেছে উচ্চগতির (ব্রডব্যান্ড) ইন্টারনেট। ইন্টারনেট ও মোবাইল ফোনের সহজলভ্যতায় তথ্যপ্রযুক্তিতে মানুষের অভিযোজন ও সক্ষমতা দুই-ই বেড়েছে।

দেশে বর্তমানে মোবাইল সংযোগের সংখ্যা ১৮ কোটির অধিক। ইন্টারনেট ব্যবহারকারী বর্তমানে প্রায় ১৩ কোটি। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) প্রতিবেদনে যথার্থভাবেই মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রামীণ এলাকায় আর্থসামাজিক ব্যবধান কমিয়ে আনার কথা বলা হয়েছে। বাস্তবেও দেখা যাচ্ছে, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে আর্থিক সেবায় মানুষের অন্তর্ভুক্তি রীতিমতো বিস্ময়কর। অনলাইন ব্যাংকিং, ইলেকট্রনিক মানি ট্রান্সফার, এটিএম কার্ড ব্যবহার শুধু ক্যাশলেস সোসাইটি গড়াসহ ই-গভর্মেন্ট প্রতিষ্ঠায় ভূমিকা রাখছে তা নয়, ই-কমার্সেরও ব্যাপক প্রসার ঘটাচ্ছে। বিশ্বের ১৯৪টি দেশের সাইবার নিরাপত্তায় গৃহীত আইনি ব্যবস্থা, প্রযুক্তিগত দক্ষতা, সাংগঠনিক ব্যবস্থা, সক্ষমতা বৃদ্ধি এবং পারস্পরিক সহযোগিতার ওপর ভিত্তি করে তৈরি করা সূচকে বাংলাদেশ ITU-তে ৫৩তম স্থানে এবং NCSI জাতীয় সাইবার নিরাপত্তা সূচকে ৩৭তম স্থানে অবস্থান করছে। যার ফলে দক্ষিণ এশিয়া ও সার্ক দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথম। (বাকি অংশ ৮ পাতায়)





বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

ডিজিটাল বাংলাদেশ এক সফল উন্নয়ন দর্শন

(৬ পাতার পর)

স্টার্টআপ সংস্কৃতির বিকাশে আইডিয়া প্রকল্প ও স্টার্টআপ বাংলাদেশ কোম্পানি লিমিটেডসহ সরকারের নানা উদ্যোগে ভালো সুফল পাওয়া যাচ্ছে। বর্তমানে দেশে স্টার্টআপ ইকোসিস্টেম গড়ে উঠেছে। ই-গভর্মেন্ট কার্যক্রমে বাংলাদেশকে প্রায় দুইশ বছর ধরে ব্রিটিশ ঔপনিবেশিক আমলের প্রচলিত সেবা প্রদানের পদ্ধতির ডিজিটালাইজেশন করা হয়। ৫২ হাজারেরও বেশি ওয়েবসাইটের জাতীয় তথ্য বাতায়নে যুক্ত রয়েছে ৯৫ লাখেরও অধিক বিষয়ভিত্তিক কনটেন্ট এবং ৬৮৫টির বেশি ই-সেবা সহজেই মানুষ অনলাইনে পাচ্ছে। ৮ হাজার ২৮০টি ডিজিটাল সেন্টার থেকে ৬০ কোটির অধিক এবং জাতীয় হেল্পলাইন ৩৩৩-এর মাধ্যমে ৭ কোটির বেশি সেবা দেওয়া হয়। ডিজিটাল সেন্টার, জাতীয় তথ্য বাতায়ন ও মাইগভ থেকে প্রতি মাসে সেবা গ্রহণকারীর সংখ্যা ৭৫ লাখ।

২০২৫ সাল নাগাদ যখন শতভাগ সরকারি সেবা অনলাইনে পাওয়া যাবে, তখন নাগরিকদের সময়, খরচ ও যাতায়াত সাশ্রয়ের পরিমাণ কত বাড়বে তা সহজেই অনুমেয়। ই-নথিতে ১ কোটি ৬৭ লাখ ফাইলের নিষ্পত্তি হয়। এ পর্যন্ত ৪৭ লাখ ৭১ হাজারের অধিক ই-মিউটেশন সম্পন্ন হয়েছে অনলাইনে। 'ফোর টায়ার ন্যাশনাল ডাটা সেন্টার' প্রকল্পের আওতায় দেশে একটি সমন্বিত ও বিশ্বমানের ডাটা সেন্টার গড়ে তোলা হয়েছে। এর ফলে সরকারের বিভিন্ন সংস্থার ই-সেবা সংরক্ষণের ক্ষমতা বৃদ্ধি, ই-সেবাগুলোর সাইবার নিরাপত্তা নিশ্চিত হওয়ার পাশাপাশি দেশীয় ও আন্তর্জাতিক সংস্থার মধ্যে তথ্য আদান-প্রদানের মাধ্যমে জনসেবা উন্নত হবে।

ডিজিটাল অর্থনীতির ক্ষেত্রেও দেশে ইতিবাচক ধারা পরিলক্ষিত হচ্ছে। আইসিটি রপ্তানি ২০১৮ সালেই ১ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যায়। বর্তমানে আইসিটি খাতে রপ্তানি ১ দশমিক ৩ বিলিয়ন ইউএস ডলার। অনলাইন শ্রমশক্তিতে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। প্রায় সাড়ে ৬ লাখ ফ্রিল্যান্সারের আউটসোর্সিং খাত থেকে প্রায় ৫০০ মিলিয়ন মার্কিন ডলার আয় হচ্ছে। ৩৯টি হাই-টেক/আইটি পার্কের মধ্যে ইতোমধ্যে নির্মিত ৯টিতে দেশি-বিদেশি ১৬৬টি প্রতিষ্ঠান ব্যবসায়িক কার্যক্রম শুরু করেছে। এতে বিনিয়োগ ১৫০০ কোটি টাকা এবং কর্মসংস্থান হয়েছে ২১ হাজার, মানবসম্পদ উন্নয়ন হয়েছে ৩২ হাজার। নারীর ক্ষমতায়ন প্রকল্পের মাধ্যমে ১০ হাজার ৫০০ নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্যপ্রযুক্তিনির্ভর ২০ লাখ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট মহাকাশে প্রেরণের মাধ্যমে বাংলাদেশ আজ স্যাটেলাইটের এলিট ক্লাবের সদস্য হওয়ার গৌরব অর্জন করেছে।

করোনা মহামারিতে যখন গোটা বিশ্ব টালমাটাল, পরিস্থিতি মোকাবিলায় এমনকি উন্নত দেশগুলোও হিমশিম খাচ্ছিল, তখনো সরকারের বিভিন্ন ডিজিটাল উদ্যোগ মানুষকে দেখিয়েছে নতুন পথ, জুগিয়েছে প্রেরণা। বিগত ১২ বছরে তথ্যপ্রযুক্তি খাতে যথাযথ অবকাঠামো গড়ে তোলার ফলে করোনাকালে ভার্চুয়াল মন্ত্রিসভা বৈঠক, আদালতের কার্যক্রম, বিজনেস কনটিনিউটি প্ল্যান অনুসারে অফিস, ব্যবসা-বাণিজ্যের কার্যক্রমসহ প্রায় সবকিছুই চলমান রাখা হয়। মহামারির মধ্যেও প্রযুক্তির সহায়তায় ব্যবসা-বাণিজ্যসহ অর্থনৈতিক কার্যক্রম চালু থাকায় তা আমাদের জাতীয় অর্থনীতিতে ইতিবাচক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখছে। প্রযুক্তির সহায়তায় করোনা সচেতনতা, বিভিন্ন দিকনির্দেশনা ও স্বাস্থ্যসেবাসহ সব ধরনের সেবা দেশের কোটি মানুষের কাছে পৌঁছে গেছে।

দেশব্যাপী লকডাউনে শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম যেন থেমে না যায় সেজন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ডিজিটাল কনটেন্ট তৈরি করা হয়। সংসদ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের মাধ্যমে দেশব্যাপী সম্প্রচার করা হয়। এ ছাড়া যে কোনো আপদকালে বিশ্ববিদ্যালয় পর্যায়ে নিয়মিত শ্রেণি কার্যক্রম এবং সরকারি-বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ডিজিটাল মাধ্যমে কার্যকর ও সহজ উপায়ে চলমান রাখতে 'ভার্চুয়াল ক্লাস' প্ল্যাটফরম চালু রয়েছে।

করোনা মহামারি থেকে দেশের জনগণকে সুরক্ষিত রাখতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে ভ্যাক্সিনেশন কার্যক্রম, ভ্যাক্সিনেশনের তথ্য সংরক্ষণ, ব্যবস্থাপনা ও সনদ প্রদানের লক্ষ্যে ভ্যাকসিন ম্যানেজমেন্ট সিস্টেম 'সুরক্ষা' ওয়েবসাইট চালু করা হয়েছে। যা সফলভাবে পরিচালিত হচ্ছে এবং দেশের জনগণ এর সুবিধা পাচ্ছে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার লক্ষ্যের চেয়েও অনেক বেশি অর্জন করেছে। বিগত বছরগুলোতে ডিজিটাল বাংলাদেশের কর্মযজ্ঞ শুধু দেশের অভ্যন্তরীণ উন্নয়ন এবং সেবা প্রদানের মাঝেই সীমাবদ্ধ থাকেনি, এর বিস্তৃতি ছড়িয়েছে বিশ্বজুড়ে। ২০১৭ সালে শুরু হওয়া সাউথ-সাউথ নেটওয়ার্কের মাধ্যমে সোমালিয়া, নেপাল, ভুটান, মালদ্বীপ, ফিজি, ফিলিপাইন ও প্যারাগুয়ের সঙ্গে সমঝোতার মাধ্যমে এসডিজি, ওপেন গভর্নমেন্ট ডাটা চেইঞ্জ ল্যাবসহ বিভিন্ন বিষয়ে জ্ঞান এবং সেবা বা সিস্টেম আদান-প্রদান করা হচ্ছে।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে নানা উদ্যোগ ও কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের ঝুলিতে এসেছে জাতিসংঘের সাউথ-সাউথ কো-অপারেশন অ্যান্ড ভিশনারি অ্যাওয়ার্ড, আইসিটি সাসটেইনেবল ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড, ওয়ার্ল্ড সামিট অন দ্য ইনফরমেশন সোসাইটি (ডব্লিউএসআইএস) উইটসা, এসোসিও অ্যাওয়ার্ডসহ অসংখ্য আন্তর্জাতিক পুরস্কার।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান, কারিগরি ও প্রযুক্তিনির্ভর বাংলাদেশের যে ভিত্তি তৈরি করে গেছেন, সে পথ ধরেই ডিজিটাল বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ করে বাংলাদেশকে এক অনন্য উচ্চতায় নিয়ে গেছেন। এক যুগের বেশি পথ চলায় প্রমাণিত হয়েছে, ডিজিটাল বাংলাদেশ জননেত্রী শেখ হাসিনার এক উন্নয়ন দর্শন। সরকারের বর্তমান লক্ষ্য ২০২৫ সালে আইসিটি রপ্তানি ৫ বিলিয়ন ডলারে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর কর্মসংস্থান ৩০ লাখে উন্নীত করা এবং সরকারি সেবার শতভাগ অনলাইনে পাওয়া নিশ্চিত করা, আরও ৩০০ স্কুল অব ফিউচার এবং ১ লাখ ৯ হাজার ওয়াইফাই কানেক্টিভিটি, ভিলেজ ডিজিটাল সেন্টার এবং ২৫ হাজার শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রতিষ্ঠা করা। এ ছাড়াও একই সময়ে আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে ইন্টার-অপারেবল ডিজিটাল ট্রানজাকশান (আইডিটি) চালু, ক্যাশলেস সোসাইটি গড়ে তোলা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব ফ্রন্টিয়ার টেকনোলজি (এসএইচআইএফটি) স্থাপন, ডিজিটাল লিডারশিপ একাডেমি এবং সেন্টার ফর ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন প্রতিষ্ঠা করা হবে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মধ্য দিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যে প্রসার ঘটেছে, তাকে পুরোপুরি কাজে লাগিয়ে ২০৪১ সালের মধ্যেই সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলার আধুনিক রূপ জ্ঞানভিত্তিক উন্নত বাংলাদেশ গড়ে তুলবে।

লেখক: প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এসে আপনার বিনিয়োগের অর্থ অর্জনে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৮ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

সুফি মুফতী আজানগাছী রহঃ'র ওরশ

(৩ পাতার পর)

যোগ্য উত্তরসূরি হযরত মাওলানা সূফী মুফতী আজান-গাছি (রহঃ) আখেরী জমানার সংস্কারক হিসেবে আবির্ভূত হন। তিনি কলকাতা আলিয়া মাদ্রাসা থেকে সর্বোচ্চ ডিগ্রী সম্পন্ন এবং পবিত্র কুরআন ও সুন্নাহ এবং আরবি, ফার্সি, বাংলা, উর্দু ও ইংরেজি ভাষায় গভীর জ্ঞান অর্জন করেন।

অতঃপর তিনি ইলমে মারেফাতের গভীর জ্ঞান লাভের উদ্দেশ্যে বিভিন্ন তরিকার কামেল মোরশেদ এর কাছে নিজেকে নিবেদিত করেন। তিনি কাদেরিয়া, ইমদাদিয়া, নকসবন্দিয়া, মোজাদ্দেদিয়া ও চিশতিয়া তরিকার আট কামেল মুর্শিদগনের খেদমতে থাকিয়া ফয়েজ ও বাতেনী এলেম হাসিল করেন এবং প্রত্যেকের কাছ থেকে খিলাফত লাভ করেন।

অতপর তিনি মক্কা-মদীনায় গমন, হজ্জব্রত পালন করেন এবং হেরেম শরীফে কঠোর সাধনায় নিয়োজিত থাকেন। পরে তিনি কলকাতায় ফিরে এসে ২৪ পরগণা জেলার শুরীর জংগলে দীর্ঘ ১৪ বছর কঠোর সাধনায় নিজেকে নিয়োজিত করেন।

চল্লিশ বছর বয়সে আল্লাহ পাক এবং রাসুল (সাঃ) এর হুকুমে লোকসমাজে আত্তপ্রকাশ করেন। আল্লাহ ও রাসুল মুহাম্মদ (সাঃ) এর হুকুম অনুযায়ী বিনা কাজায় ৫ ওয়াক্ত নামাজের সাথে রুহানি উন্নতি লাভের ৫ ওয়াক্ত কুরআনী হাক্কানী ওজিফা, হালাল রিজিক এবং সাধ্যমতো তাকওয়া ও পরহেজগারির দাওয়াত নিয়ে মানুষের কল্যাণে আবির্ভূত হন। পিতার জমিদারি ওয়াকফ করে, কলকাতার বাগমারীতে এক জমিদার সাহেবের কাছ থেকে কিছু জমি খরিদ করে ফকীরি হুজরা মোবারক এবং বিনা পয়সায় দীন- দুনিয়ার শান্তি- মঙ্গলের আহব্বানে ১৮৭৬ সালে হাক্কানী আঞ্জুমান প্রতিষ্ঠা করেন, আজ অবদি কামেল অলিয়াল্লাহ'র মাধ্যমে কোরান-হাদিস মোতাবেক দীনের দাওয়াত অব্যাহত রয়েছে এবং অব্যাহত থাকবে ইনশাআল্লাহ। ঠিকানাঃ ফকীরি হুজরা মোবারক, ১৮, বাগমারী রোড, মানিকতলা, কলকাতা।

সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৫ বছরে
The Weekly Bangla Patrika

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.









ছবি ঠিকানা এক

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে আফজাল হোসেনের প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। আমি স্ত্রী সন্তানসহ এদেশে থাকি। বাংলাদেশে আমার মা-বাবারা থাকেন। আমি তাদের জন্যে আবেদন করতে চাই। আমি জানি যে একজন ইউএস সিটিজেন তার মা-বাবার জন্য আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে নিবেচিত হন।

কিন্তু একটি ব্যাপারে আমি চিন্তিত যে এদেশে আমার উপার্জন খুব কম। সে কারণে আমার আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে কিনা? এই বিভাগে আমার প্রশ্নের মতো প্রশ্ন দেখেছিলাম কিন্তু তার উত্তর জানা নেই বলে আমার প্রয়োজনে আজ আপনার কাছে পরামার্শের জন্যে লিখলাম। আশা করি এই বিভাগে আমার প্রশ্নের উত্তর দিয়ে আমাকে উপকৃত করবেন।

আফজার হোসেনের প্রশ্নের উত্তরঃ

সবার জানার জন্যে উল্লেখ করতে চাই যে, একজন ইউএস সিটিজেন কাদের জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হন। একজন ইউএস সিটিজেন তার নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেনঃ

১. স্পাউস (স্বামী-স্ত্রী), ২) বিবাহিত ও অবিবাহিত সন্তান, ৩) মা-বাবা এবং ৪) ভাইবোন।

আপনি বাংলাদেশে বসবাসকারী আপনার মা-বাবার জন্যে আবেদন করতে চান। কিন্তু আপনার উপার্জন কম বলে উল্লেখ করেছেন। এ ব্যাপারে জানা দরকার যে আপনার পরিবারের সদস্য সংখ্যা কত। পরিবারের সদস্য সংখ্যা কত তার উপর নির্ভর করবে আপনার উপার্জন কত হতে হবে?

আপনার মাতা-পিতাকে স্পন্সর করতে হলে কত উপার্জন প্রয়োজন?

আপনার মাতাপিতা বা উপযুক্ত আত্মীয়দের স্পন্সর করার জন্য আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে, তাদের স্পন্সর এবং আর্থিক দায় গ্রহণের জন্য আপনার যথেষ্ট আর্থিক সংগতি রয়েছে। আপনাকে এফিডেভিড অব সাপোর্টের জন্য আই-৮৬৪ ফরম অবশ্যই পূরণ করতে হবে এবং আবেদনের পূর্বে প্রত্যেকের জন্য এ বছরের ট্যাক্সের প্রমাণ দাখিল করতে হবে। আপনার আয় অবশ্যই ২০২১ এর প্রোভার্টি গাইড লাইনের শর্ত পূরণ করতে হবে।

২০২১ এর প্রোভার্টি গাইড লাইন হচ্ছেঃ

ইউএস ইমিগ্রেশন আইন অনুযায়ী আপনার আয় যদি পোভার্টি গাইড লাইন অনুযায়ী না হয় সেক্ষেত্রে আপনাকে কোন আত্মীয় বা বন্ধুর কাছে থেকে উপার্জনের একটি অংশের দায় গ্রহনের জন্য এফিডেভিট অব সাপোর্ট দিতে হবে। উল্লেখ্য যে, নির্দিষ্ট উপার্জনের শর্ত পূরন করতে যৌথ স্পন্সর প্রয়োজন। যৌথ স্পন্সরধারীকে পৃথক আই-৮৬৪ ফরম পূরণ করতে হবে এবং নিম্ন লিখিত প্রমাণ যুক্ত করে দিতে হবেঃ

নাগরিকত্ব বা গ্রিনকার্ডের প্রমাণপত্র;
সর্বশেষ বছরের (২০২০) ট্যাক্স রিটার্ন এবং
সঙ্গে ডব্লিউ-২ ফরম
জব লেটার এবং
ব্যাংকের চিঠি অথবা ব্যাংকের ৩ মাসের স্টেটমেন্ট।

সাম্প্রতিক বছরের পোভার্টি গাইড লাইন অনুযায়ী পরিবারের সদস্য সংখ্যা এবং উপার্জনঃ

পরিবারের সদস্য সংখ্যা -উপার্জন
পরিবারের সদস্য সংখ্যা = ২জন ২১,৭৭৫ ডলার
পরিবারের সদস্য সংখ্যা = ৩ জন ২৭,৪৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা = ৪ জন ৩৩,১২৫ ডলার
পরিবারের সদস্য সংখ্যা =৫ জন ৩৮,৮০০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা = ৬ জন ৪৪,৪৭৫ ডলার
পরিবারের সদস্য সংখ্যা = ৭ জন ৫০,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা = ৮ জন ৫৫,৮২৫ ডলার

এ ব্যাপারে প্রয়োজনে বিস্তারিত এবং সুস্পষ্টভাবে জানতে চাইলে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে যোগাযোগ করতে পারেন। যিনি সাক্ষাতে আপনার জন্যে পরারমর্শ দিতে পারবেন।

কুইন্স থেকে আসলাম খানের প্রশ্নেঃ

আমি একজন গ্রিনকার্ডধারী। সিটিজেনশীপ লাভের অপেক্ষায় আছি। আজ আমি আপনার মাধ্যমে জানতে চাচ্ছ ইমিগ্রেশন বিষয়ে বিশেষ করে নাগরিকত্ব লাভের প্রক্রিয়া এবং তার সুবিধা সম্পর্কে। ইমিগ্রেশন বিষয়ে আমার তেমন কোন অভিজ্ঞতা বা ধারণা নেই। আশা করি উত্তর পাব।

আসলাম খানের প্রশ্নের উত্তরঃ

একজন মানুষের ইউএস'এর নাগরিকত্ব লাভ তাকে অনেক অধিকার পাওয়ার সুযোগ করে দেয়। এসব অধিকারের মধ্যে আছে যুক্তরাষ্ট্রে স্টেট ও ফেডারেল নির্বাচনে ভোট প্রদানের অধিকার। পরিবারের সদস্যদের এদেশে নিয়ে আসার জন্যে আবেদন করার অধিকার। আরও এদেশের বাইরে গিয়ে অবস্থান করে আবার ফিরে আসার অধিকার।



ন্যাচারালাইজেশন প্রক্রিয়ার মধ্যে দিয়ে আগত পার্মানেন্ট রেসিডেন্টকে নাগরিকত্ব দান করা হয়। তবে কতিপয় ক্ষেত্রে এদেশের বাইরে জন্ম লাভকারীর ন্যাচারাইজেশন ছাড়াও যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করতে পারে। যেমন অভিভাবকদের কোন একজন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করলে এদেশের বাইরে জন্মগ্রহণকারী তাদের সন্তান বিনা পরীক্ষায় এদেশের নাগরিকত্ব পাবে। ন্যাচারালাইজেশনের মাধ্যমে নাগরিকত্ব লাভ সম্পর্কে কিছু জানা-

ইমিগেশন এ্যান্ড ন্যাচারালাইজেশন অ্যাক্টের অধীনে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভের জন্য প্রয়োজনীয় শর্তাবলীঃ

আবেদন করার সময় আবেদন কারীর বয়স কমপক্ষে ১৮ বছছেরর হতে হবে। আবেদকারীকে নৈতিক চরিত্রের অধিকারী হতে হবে, কমপক্ষে ৫ বচরের গ্রিনকার্ডধারী হতে হবে। অবশ্য স্বামী অথবা স্ত্রী কেউ একজন আমেরিকার নাগরিক হলে সেক্ষেত্রে ৩ বছর হলেই চলবে, পড়ে, লিখতে এবং প্রাথমিক ইংরেজি বলার দক্ষতা থাকতে হবে। যুক্তরাষ্ট্র সরকার এবং তার ইতিহাস ভূগোল এবং অন্যান্য বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

উল্লেখ্য যে, আমেরিকার নাগরিক হওয়ার জন্য সকল ন্যাচারালাইজেশন আবেদনকারীকে অবশ্যই উপরের শর্ত পূরণ করতে হবে। অবশ্যই ইউএস মিলেটারী সার্ভিস বা ব্যতিক্রমী কোন বিচেনায় শর্ত শিথিল হতে পারে।

ন্যাচারালাইজেশন প্রক্রিয়াঃ ন্যাচারালাইজেশনের মাধ্যমে নাগরিকত্ব প্রাপ্তির পক্রিয়া শুরু হয় নাগরিকত্ব লাভের জন্য এন-৪০০ পূরণ করার পর থেকে। আবেদনকারীকে সাক্ষাতকারের জন্য নির্দিষ্ট তারিখে হাজির হয়ে ইংরেজি ও সিভিক জ্ঞানের পরীক্ষা দিতে হয়। ন্যাচারালাইজেশন টেস্টের ২টি পর্বঃ একটি হচ্ছে নাগরিকত্ব জ্ঞান পর্ব এবং অন্যটি ইংরেজি।

ইংরেজি টেস্টে ব্যতিক্রমঃ

কয়েকটি ক্ষেত্রে ইংরেজি ও সিভিক পরীক্ষার শর্ত পরিবর্তন হতে পারে। ইংরেজী টেষ্টে মওকুফ হতে পারে- (১) যদি কারো বয়স বয়স ৫০ উর্ধ্ব হয় এবং গ্রিন কার্ডের বয়স যদি কমপক্ষে ২০ বছর হয় অথবা (২) যদি প্রার্থীর বয়স ৫৫ বছর এবং গ্রিনকার্ডেও বয়স ১৫ বছর হয়। কারও বয়স যদি ৬৫ বছর এবং গ্রিনকার্ডের বয়স যদি ২৫ বছর হয় তবে তার জন্য সহজ টেস্ট হবে।

ইংরেজি ও সিভিক টেস্ট মওকুফের জন্য মেডিক্যাল অক্ষমতার আবেদন অবশ্যই একজন ডাক্তারকে আবেদনকারীর পক্ষে এন -৬৪৮ ফরম পূরণ করতে হবে। এন-৪৬৮ ব্যক্তিত এন-৪০০ ফাইল করা যাবে না। সম্প্রতি ইউএসসিআইএস বিধি সংশোধন করেছে যে এন-৬৪৮ অবশ্য এন-৪০০ এর সঙ্গে ফাইল করতে হবে।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।



শহীদ সাংবাদিক নিজামউদ্দিন আহমদ

গোলাম মঞ্জুরে মাওলা অপু

মুক্তিযুদ্ধে যুগান্তকারী ভূমিকা রেখেছেন অকুতোভয় সাংবাদিক নিজামউদ্দিন আহমদ। বিবিসির সংবাদদাতা হিসেবে তার পাঠানো সংবাদ বেতারে শোনার জন্য উদগ্রীব হয়ে থাকত সাধারণ মানুষ। তার নির্ভীক সংবাদ পরিবেশন মুক্তিযুদ্ধে প্রাণপণে অবতীর্ণ হওয়ার সাহস সঞ্চার করতে বলিষ্ঠ ভূমিকা রেখেছিল। ১৯৭১ সালের ১২ ডিসেম্বর পুরান ঢাকার ১২/সি, রোকনপুরের বাসা থেকে তাকে ধরে নিয়ে যায় হানাদাররা। এরপর তাকে আর কোথাও খুঁজে পাওয়া যায়নি। ১৬ ডিসেম্বর বিজয় লাভের পর তার স্বজনরা রায়েরবাজার ইটভাটা ও মিরপুর বধ্যভূমিতে বহু খোঁজাখুঁজির পরও তার লাশ পাননি। শহীদ নিজামউদ্দিন আহমদ ১৯২৯ সালের সেপ্টেম্বরে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার মাওয়া গ্রামে জন্মগ্রহণ করেন। কাজীর পাগলা এ টি ইনস্টিটিউশনে দশম শ্রেণী পর্যন্ত অধ্যয়নের পর ১৯৪৭ সালে ভাগ্যকূল উচ্চবিদ্যালয় থেকে এসএসসি পাস করেন। জগন্নাথ কলেজ থেকে ১৯৫০ সালে উচ্চমাধ্যমিক ও ১৯৫২ সালে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হন। ছাত্রজীবন থেকেই অত্যন্ত সক্রিয়ভাবে রাজনীতি ও সাংবাদিকতায় জড়িয়ে পড়েন। তিনি ১৯৬৫ সালে শ্রীনগর-লৌহজং আসন থেকে প্রাদেশিক পরিষদে স্বতন্ত্র সদস্য নির্বাচিত হন। প্রাণবন্ত, উচ্ছল ও অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী এই মহান সাংবাদিক ১৯৫০ সালে করাচির সিভিল অ্যান্ড মিলিটারি গেজেট-এ সাংবাদিকতার মাধ্যমে কর্মজীবন শুরু করেন। তিনি ঢাকার দৈনিক মিল্লাত ও দৈনিক আজাদ পত্রিকার সাথেও জড়িত ছিলেন। তিনি এএফপি, রয়টার্স, ইউপিআইর সংবাদদাতা ছিলেন। তিনি ১৯৫৮ সাল পর্যন্ত এপিপির পূর্ব পাকিস্তান প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের পর পিপিআইর পূর্ব পাকিস্তানের প্রথম ও একমাত্র প্রতিনিধি হিসেবে যোগ দেন।

১৯৭১ সালের ১২ ডিসেম্বর পুরান ঢাকার ১২/সি, রোকনপুরের বাসা থেকে তাকে ধরে নিয়ে যায় হানাদাররা। এরপর তাকে আর কোথাও খুঁজে পাওয়া যায়নি। ১৬ ডিসেম্বর বিজয় লাভের পর তার স্বজনরা রায়েরবাজার ইটভাটা ও মিরপুর বধ্যভূমিতে বহু খোঁজাখুঁজির পরও তার লাশ পাননি। শহীদ নিজামউদ্দিন আহমদ ১৯২৯ সালের সেপ্টেম্বরে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার মাওয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

১৯৬৪ সালে তিনি এর সম্পাদক এবং পরে মহাব্যবস্থাপক নিযুক্ত হন। স্বাধীনতাযুদ্ধের সময় তিনি বিবিসির সংবাদদাতা ছিলেন। ঝুঁকি নিয়ে সংবাদ পরিবেশনের কারণে বিবিসি কর্তৃপক্ষ তার জীবনের নিরাপত্তা প্রসঙ্গে একটি মন্তব্য অনুষ্ঠান প্রচার করেছিল। সরকার ১৯৯৫ সালে তাকে মরণোত্তর একুশে পদকে ভূষিত করেছে। নিবেদিতপ্রাণ এই সাংবাদিকের আত্মত্যাগ জাতির হৃদয়ে চির অম্লান হয়ে থাকবে।





এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

২৫ বছরে
সাপ্তাহিক বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা
পড়ুন,
লিখুন
এবং
বিজ্ঞপিন
দিন।
ফোনঃ
৭১৮-৪৮২-৯৯২৩

“কৌশলগত ‘গণতন্ত্র’ সম্মেলন”



গৌতম দাস

বাইডেন এটিকে নাম দিয়েছেন ‘ডেমোক্র্যাসি সামিট’। যেটা আসলে স্ট্রাটেজিক ‘ডেমোকক্র্যাসি সামিট’ বা একে বাংলায় বললে “কৌশলগত ‘গণতন্ত্র’ সম্মেলন”।

আমাদের দেশে ‘কৌশল করা’ শব্দের একটি অর্থ হলো ছলনা করা। ফলে কৌশল মানে হলো, যা বলবে তা করবে না বা করবে আরেকটি- এটিই কৌশল। ঠিক এ অর্থেই বাইডেনের আমেরিকা এক ‘ডেমোক্র্যাসি সামিট’ ডেকেছেন গত ৯-১০ ডিসেম্বর ২০২২। এর অর্থ হলো আমেরিকা যাকে যাকে ‘গণতান্ত্রিক রাষ্ট্র’ মনে করে তারাই এই সম্মেলনে দাওয়াত পেয়েছিলেন যার সোজা মানে এই মনে করাটা আগে আমেরিকা ‘মনে করত’ হলেও হবে না, এখনকার বাইডেন সরকারের নিজ লাভালাভের মানদন্ড দিয়ে যদি বলেন তা হলেই কেবল সেটি ‘গণতান্ত্রিক রাষ্ট্র’ বলে মানা হবে। তার মানে, এটিই বাইডেন কথিত গণতন্ত্রের মানদন্ড।

এক কথায় বললে, বাইডেনের ‘ডেমোক্র্যাসি সামিট’ এতই দেউলিয়া যে, এর ‘ডেমোক্যাসি’ ধারণার কোনো সংজ্ঞাই এখানে নেই। সংজ্ঞায় যাওয়ার মুরোদ নেই। তাই দেয়া হয়নি বা কাজ করে না। কোনো ক্রাইটেরিয়াই নেই। কী কী থাকলে ‘ডেমোক্র্যাসি’ মানা হবে তাও জানা যায় না। তারা বলতে পারেন না। কেবল এটি বাইডেন প্রশাসনের স্বার্থের খেয়াল যে, তারা কাকে কাকে ‘গণতান্ত্রিক রাষ্ট্র’ মনে করবে।

তা হলে কারা ‘গণতান্ত্রিক রাষ্ট্র’ তা বলতে না পারলে ডাকবে কী করে? খুব সহজ সেই একই পন্থা। যেমন কোনো ঘটনাকে তারা ‘টেররিজম’ বলবেন বা বলেন? এরও কোনো সংজ্ঞা বা মানদন্ড এখনো নেই। কখনো দেয়া হয়নি। এভাবেই চলছে। আর আছে এর বদলে তাদের একটি তালিকা। ওই তালিকায় যেসব রাষ্ট্রের নাম আছে সেটিই টেরর বা জঙ্গি রাষ্ট্র। এই হলো অসততার স্টাইল। বুশের আমল থেকে এ ব্যবস্থা চালু আছে আমেরিকায় এবং তা এখনো বহাল করে রাখা আছে। এমনকি জাতিসঙ্ঘেরও টেরর রাষ্ট্রের কোনো সংজ্ঞা বা ক্রাইটেরিয়া নেই। একই পদ্ধতি। এগুলোকেই বলা যায় ‘মাতবর’ রাষ্ট্রগুলোর বৈষয়িক মানে বিষয়-আশয়ের স্বার্থের ভিত্তিতে ওই তালিকায় নাম ঢুকানো বা বের করা। কাজেই এটি পরিষ্কার, বাইডেন প্রশাসনের চেয়ে বড় মানবাধিকারের দোকানদার ও স্বার্থবাজ আর কেউ নেই। আমাদের দুর্ভাগ্য হলো, ক্ষমতাবান প্রধান রাষ্ট্রগুলোর সমর্থন ছাড়া হিউম্যান রাইট লঙ্ঘনের ইস্যুতে কোনো পদক্ষেপ আসার কোনো সুযোগই নেই। একমাত্র এখন যতটুকু যা সম্ভব তা হলো, বিশ্বজুড়ে ব্যাপক জনমতের চাপ কিন্তু প্রতিটি রাষ্ট্রের বেলায় এমন গ্লোবাল জনমত তৈরি প্রায় অসম্ভব। তবু আমাদের লড়তে হবে, এ ছাড়া কোনো বিকল্প নেই।

গত লেখায় আমেরিকান ফরেন পলিসি পত্রিকায় মাইকেন কুগেলম্যানের নিয়মিত ‘সাউথ এশিয়া ব্রিফিং’-এর কথা বলেছিলাম। এটি সাপ্তাহিক ব্রিফিং বা কলামের মতো। চলতি সপ্তাহে সেই কুগেলম্যানও বাইডেনের ‘ডেমোক্র্যাসি সামিটকে’ ইস্যুতে কিছুটা সমালোচক হওয়াই বুদ্ধিমানের কাজ মনে করেছেন। তিনি আগেই স্বীকার করে নিচ্ছেন যে, ‘ডেমোক্র্যাসি সামিটে’ দাওয়াতি কারা হবেন এ নিয়ে কোনো সংজ্ঞা বা মানদন্ড এখানে নেই। তিনি লিখছেন তালিকায় নাম থাকা না থাকা নিয়ে বিতর্ক দেখা দিয়েছে আর এতে এই অনুমান তৈরি হয়েছে যে, বাইডেন প্রশাসন ‘অযোগ্য দাওয়াত-দাতা’। কুগেলম্যানের ভাষায় ‘আনফিট হোস্ট’ এবং তিনি বলছেন, দক্ষিণ এশিয়ার নিমন্ত্রিত দেশের তালিকা দেখে বোঝা গেছে, এই সামিটে দাওয়াত পাওয়ার যোগ্যতা বা একমাত্র মানদন্ড ডেমোক্র্যাটিক পারফরম্যান্স ছিল না; এটি প্রমাণিত। মানে, অন্য অনেক কিছু ছিল। কুগেলম্যান এমনকি ব্রিটিশ ফ্রিডম হাউজের র‍্যাংকিংয়ের সাথে তুলনা নিয়ে এসে প্রমাণ করার চেষ্টা করেন যে, বাইডেন কোনো মানদন্ডই মানেননি, এখানে অনুসরণ করেননি।

এবার তিনি সরাসরি লিখেছেন, আসলে এশিয়ার যেসব দেশের নাম তালিকায় রাখলে ‘আমেরিকার রাষ্ট্রস্বার্থ হাসিল হয়’ (বেস্ট সার্ভ ইটস কারেন্ট ইন্টারেস্ট) সেসব দেশের নামই ওখানে রাখা হয়েছে; অর্থাৎ বাইডেনের তালিকার গরমিলের বোঝা এতই ভারী যে, তিনি সোজা এর দায়দায়িত্ব নেননি। উল্টো সমালোচকদের দলে ভিড়ে গেছেন।

এখন আরেকজনের নাম করব তিনিও মাইকেল কুগেলম্যানের মতোই থিংকট্যাংক ফেলো- আলী রিয়াজ; তিনি কিন্তু একেবারে ‘ধরাশায়ী’ হয়ে গেছেন। সম্ভবত তিনি ভেবেছেন থিংকট্যাংকের সিনিয়র বা জুনিয়র ফেলো হওয়ার কাজটা হলো- উপস্থিত আমেরিকান প্রশাসনের পক্ষে সাফাই দেয়া। এটিই এশিয়ান অরিজিনের সমস্যা কি না, জানি না। আলী রিয়াজ ‘ডেমোক্র্যাসি সামিট’ ইস্যুতে কুগেলম্যানের উল্টো অবস্থানে গিয়ে বাংলাদেশের মানবজমিন পত্রিকায় বিরাট এক সাক্ষাৎকারে বাইডেনের পক্ষে ব্যাপকভাবে সাফাই জোগানোর চেষ্টা করেছেন। বলাবাহুল্য, সাফাইটি দাঁড়ায়নি। কত উজানে বাওয়া যায় তারও তো কিছু সীমা থাকে! কারণ বাইডেনের রাষ্ট্রস্বার্থের খেয়ালে যে তালিকা প্রস্তুত করা হয়েছে তার পক্ষে সাফাই তিনি কোথা থেকে আনবেন?

এমনকি বাংলাদেশের অভিজ্ঞতা কী? গত ২০০৭ সালে এই একই কথিত ‘গণতন্ত্র’ মানবাধিকার আর দুর্নীতিবিরোধী কথা বলে ‘তাদের’ আগমন ঘটেছিল। কিন্তু বাংলাদেশকে ভারতের হাতে তুলে দেয়া ছিল এর পরিণতি! এটি কে অস্বীকার করতে পারবে? তা হলে আলী রিয়াজ আজ কোথা থেকে কী আনবেন? কী সাফাই দেবেন?

তাই বাইডেনের ‘গণতন্ত্র’ সম্মেলন আসলে হয়ে গেছে কৌশলগত ‘গণতন্ত্র’ সম্মেলন; অর্থাৎ কৌশলগত; মানে যা বলে তা করে না; করে আরেকটি। ছলনা করে। নানান নখরাও করে। কেন? ইংরেজি স্ট্রাটেজিক শব্দটার বাংলা করা হয় কৌশলগত বা কৌশলী। তাই আলী রিয়াজের মানবজমিনে দেয়া বক্তব্যে তিনি উপায়ন্ত না পেয়ে এই স্ট্রাটেজিক শব্দটা এনেছেন। তিনি সংজ্ঞাহীনতা বা ক্রাইটেরিয়া না থাকার সব অভিযোগ স্বীকার করে নিয়েই যেন বলেছেন, ‘পাকিস্তান ও ভারতকে আমন্ত্রণ জানানোর কতগুলো কৌশলগত কারণ রয়েছে। শুধু যে গণতান্ত্রিক বিবেচনাই প্রাধান্য পেয়েছে, তা নয়। এর কারণ যুক্তরাষ্ট্রকে এ অঞ্চলে ও অন্যান্য অঞ্চলে তার কৌশলগত যে নীতি আছে, সে দিকে গুরুত্ব দিতে হয়েছে। এ কথা এখন আর বলার অপেক্ষা রাখে না যে, ভারতকে এখন আর আমরা কোনো অবস্থাতেই ‘গণতান্ত্রিক দেশ’ বলতে পারব না।’

অর্থাৎ এখানে তিনি পুরো সারেন্ডার করেছেন; অর্থাৎ তার গণতন্ত্র এখন আর বিশেষণ ছাড়া শুধু গণতন্ত্র নয়। এর বিশেষণ এখন ‘কৌশলগত’ এই শব্দটা। তবুও সাফাই দেয়ার চেষ্টা বন্ধ করেননি। তাই এবার কৌশলগত শব্দের আমদানি। অথচ কে না জানে যা কৌশলগত তা আর কোনো ক্রাইটেরিয়া বা মাপকাঠি নয়। এটি একান্তই বাইডেনের আমেরিকার লাভালাভের স্বার্থ!

ইমরানের রসিক জবাব

তবে আমেরিকান দাওয়াত মানে গণতন্ত্রের সার্টিফিকেট বেচা বিক্রির এক চরম তামাশা ঘটিয়ে দিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। তিনি এই দাওয়াতে যেতে অপারগতা (ফবপষরহব) জানিয়েছেন। সাথে বলেছেন, তারা চীন-আমেরিকা এমন দলাদলি বা ব্লক ভাগাভাগিতে পড়তে চান না!

যা হোক, মনে হচ্ছে আলী রিয়াজ কুগেলম্যানের কাছে জেনে নিতে পারতেন যে, থিংকট্যাংক ফেলোর চাকরি নেয়া মানেই আমেরিকান প্রশাসনের সিদ্ধান্তের দায় নিয়ে ‘পক্ষে’ লিখতেই হবে তা নয়। দায় না নিয়েও এবং সাথে সমালোচনা করে বা নিদেনপক্ষে অন্যরা কী সমালোচনা করেছে তার প্রতি সহানুভূতি প্রকাশ করেও সেসব উল্লেখ করে কথা বলা সম্ভব।

তবে সমস্যা হয়তো অন্যখানে এবং তা আরো জটিল হয়েছে; কারণ আলী রিয়াজ অহেতুক কমিউনিস্ট ও নন-কমিউনিস্ট ভাষ্যের বিতর্কে ঢুকে গেছেন। একালে কোনো রাষ্ট্র আর কমিউনিস্ট কি না, এটি কোনো ইস্যুই নয়। স্বৈরাচার বা ফ্যাসিস্ট রাষ্ট্র হতে গেলে তাকে কমিউনিস্ট হতে হবে, তা তো নয়। মোদির হিন্দুত্ববাদ নিশ্চয়ই কমিউনিজম নয় বা এই দোষে দুষ্ট নয়। আবার আজ পুতিনের রাশিয়া নিজেও দাবি করে না যে, সে কমিউনিস্ট রাষ্ট্র। এ ছাড়া একালে ব্যতিক্রম বাদে প্রায় সব রাষ্ট্রই আইএমএফ-বিশ্বব্যাংকের সক্রিয় সদস্য হয়ে গেছে; কারণ এই সক্রিয় সদস্যপদ না থাকলে রাষ্ট্রের বৈদেশিক বাণিজ্য সুবিধা থাকে না। আর না থাকলে মানুষকে কাজ দেয়া খাবারসহ দেয়া এসব রাষ্ট্র চালানোই মুশকিল, একালে প্রায় অসম্ভব। এই মাপকাঠিতে চীন-রাশিয়া সবাই আর কমিউনিস্ট কি না সে প্রশ্ন তোলা যায়। আর চীনের ক্ষেত্রে এমন প্রশ্ন তো আরো অচল। কারণ আমেরিকা ক্রমেই আরো দুর্বল হলো ও সক্ষমতা হারিয়ে ফেললে তাকে সরিয়ে চীন গ্লোবাল ক্যাপিটালিজম বা অর্থনীতির নেতার আসনে বসতে যাচ্ছে। কাজেই সে কমিউনিস্ট কি না, এটি নিয়ে কী করবেন? অবশ্য অভ্যন্তরীণভাবে চীনা কমিউনিস্ট পার্টি পুরনো বক্তব্যের সাফাইয়ের ওপরই চলে এবং কমিউনিজম-২ বলে কিছু করার ভাবনা আছে, এ কথা ভাবছে।

কাজেই ‘সারা বিশ্বের দিকে তাকালেই বোঝা যাবে দুটো আদর্শিক অবস্থান তৈরি হয়েছে যার একটির প্রতিনিধিত্ব করে যুক্তরাষ্ট্র। অপরটির প্রতিনিধিত্ব করে চীন ও (বলা যায়) রাশিয়া’- এগুলো একেবারেই ভুয়া কথাবার্তা এবং অচল মুখস্থ কথাবার্তা। একালে এটি কোনো বুদ্ধিমানের পর্যবেক্ষণ বা মিনিংফুল অবজারভেশন হয়নি। ‘ডেমোক্র্যাসি সামিট’কে কমিউনিজমের বুদ্ধি বা ক্রাইটেরিয়া দিয়ে সাফাই ব্যাখ্যা দেয়া আসলেই বেশ অভিনব। তা হলে চীন যখন গ্লোবাল ক্যাপিটালিজমের নেতা হবে, তখন কথিত ‘আদর্শিক অবস্থান’ জিনিসটা কোথায় থাকবে?

আসলে আমাদের ভেবে কথা বলতে হবে। পুরনো কমিউনিজম কী শিখিয়েছে তাই শেষ কথা বা সবচেয়ে জ্ঞানের কথা মেনে নেয়াটাই তো ভিত্তিহীন এবং তা অবাস্তব, ননপ্র্যাকটিক্যাল।

কথা আরো আছে। এই যে গণতন্ত্র শব্দটা আমেরিকা চালু করল মডার্ন রাষ্ট্র সম্পর্কে এটি তো মূল শব্দ বা ধারণা নয়। মূল ধারণামূলক শব্দটি হলো ‘রিপাবলিক’ বা মডার্ন রিপাবলিক। অথচ এটিকেই কমিউনিস্টদের বিরুদ্ধে ব্যবহার করতে গিয়ে শব্দটি বদলে আনা হলো ‘গণতন্ত্র’। পেছনের মূল কারণ সোভিয়েত ইউনিয়ন বা চীন- এ দুই রাষ্ট্রই তাদের বিপ্লবের পরে রাষ্ট্রের নামের মধ্যে এই ‘রিপাবলিক’ শব্দটা রেখেছিল। ইউএসএসআর (USSR) এই নামের মধ্যে ‘আর’ মানে রিপাবলিক। ওদিকে চীনের আনুষ্ঠানিক নাম পিআরসি (পিপলস রিপাবলিক অব চায়না) অর্থাৎ এখানেও ‘রিপাবলিক’ শব্দ বর্তমান। তাই কমিউনিস্ট রাষ্ট্রগুলো রিপাবলিক নয়, তা বলা সম্ভব ছিল না যদিও কাঠামো সমস্যা আছে। তাই আবার সেই আমেরিকান কৌশল বা স্ট্রাটেজি!

রিপাবলিক শব্দটি ফেলে দিয়ে প্রমিনেন্ট করা হলো নতুন শব্দ ‘গণতন্ত্র’। আর তাতে সবচেয়ে জোর দেয়া হলো, যা কমিউনিস্ট দেশে নেই বা দুর্বল অপুষ্ট; এর একটি যেমন ভোট বা নির্বাচন যার মূল এবং মৌলিক ধারণাটা হলো জনপ্রতিনিধিত্ব। অথচ আমেরিকান কথিত গণতন্ত্রের ধারণায় জনপ্রতিনিধিত্ব ধারণাটার গুরুত্ব নেই। যেমন বাক-ব্যক্তির স্বাধীনতা; অর্থাৎ যেসব শব্দ উচ্চারণ করলে কমিউনিস্টরা বিব্রত হবে। এতে গ্লোবাল আই-ডিয়ার লড়াইয়ে আমেরিকা মাইলেজ পেয়েছে, সন্দেহ নেই বিশেষ করে কোল্ড ওয়্যারের আমলে। কিন্তু সবচেয়ে ক্ষতি হয়েছে রাষ্ট্রবিষয়ক ধারণাগুলো বোঝাবুঝিতে, রাজ-নীতির বোঝাবুঝির ক্ষেত্রে। রাজনীতি বা রাষ্ট্র মানে তা নেমে এসেছে ভোটাভুটিতে। এ ছাড়া সবচেয়ে ক্ষতি করেছে রাষ্ট্রবিষয়ক ধারণার বিকাশ ঘটতে না দিয়েও এই ঐতিহাসিক ধারাবাহিকতায় ছেদ ঘটানো হয়ে গেছে।

যেমন কেন রিপাবলিক ধারণাটা? এটি যে মনার্কি বা রাজতন্ত্রের বিপরীতে রাজতন্ত্রের পেট চিরে একটি নতুন ধারণা বা সমাধান তা ভুলিয়ে দেয়া হয়েছে- আমেরিকার এই গণতন্ত্র শব্দটি এনে। যেমন আরো দিক হলো, ব্যক্তি মানুষের উন্মেষ, এর ইতি ও নেতি দিক, পারসোনাল লিবার্টি, রাইট টু লাইভ, বেঁচে থাকার বা জীবনের অধিকার এমনকি খোদ রাজনীতি বা রাজনৈতিকতা শব্দটার অর্থ কী? এসব কিছুকে আড়ালে ফেলা শুধু নয়, কবরে মাটিচাপা দেয়া হয়ে গেছে। আর সব কিছুকে নামিয়ে আনা হয়েছে ‘গণতন্ত্র’ আর ভোটাভুটিতে। কোল্ড ওয়্যারের যুগের এই আমেরিকা-সোভিয়েত এই ব্লক রাজ-নীতির ধারণার আড়ালে। অথচ আজো এসব বাজে তর্ক-আমেরিকা-সোভিয়েত ঠান্ডা যুদ্ধে কার পক্ষে মাইলেজ আসবে- সেসব নিজ অযোগ্যতাতেই আপনাআপনিই ক্ষয়ে লুপ্ত হয়ে গিয়েছিল। কারণ প্রশ্নটা আমেরিকা না সোভিয়েত- কে ভালো এর তর্ক একেবারেই নয়। কারণ আমাদের জানতে ও চিনতে হতো ও হবে রাষ্ট্রকে। নিজের রাষ্ট্র ও সমাজকে গড়তে।

যারা কমিউনিস্ট থেকে এখন থিংকট্যাংক ফেলো হয়েছেন তাদের জন্য সম্ভবত এটি কষ্টসাধ্য যে, একটি মনার্কির বিপরীতে রিপাবলিক তুলনা করে না বুঝলে জানা যাবে না যে, রাজতন্ত্রে ব্যক্তি-মানুষ বলে কিছু নেই। ধারণাটিই নেই, আসেনি। আমেরিকা কী করে ‘লিবার্টির’ আমেরিকা হয়ে উঠেছে সেই ইতিহাসে আগ্রহ নেই। আগ্রহ হলো, আমেরিকা কী করে ‘গণতন্ত্র’ নামে একটি ধাপ্পাবাজির প্রচারক হয়েছে অথবা এটি দিয়ে সোভিয়েতকে হারিয়েছে, সেখানে।

ইতিহাসে এক ট্রাইবাল সমাজ পেরিয়ে অনেক পরে মানুষের উন্মেষ হয়েছে তাও আবার রাজতন্ত্রের যুগের শেষপ্রান্তে এসে। তাও তাতে বেশির ভাগ ক্ষেত্রে ব্যক্তির উন্মেষের খবর হয়নি, জানা হয়নি অনেক সমাজে। যেমন আমেরিকা তালেবানদের পশ্চাৎপদ বলে কিংবা ইসলাম পশ্চাৎপদ বলে প্রপাগান্ডা করতে ভালোবাসে। আর এসব বলাবলিকে কাজে লাগাতে চায় এভাবে যে, ওরা পশ্চাৎপদ; কাজেই তার এখন আমেরিকান আধিপত্য মেনে নিতে হবে, কায়েমের কাজে লাগতে হবে। অথচ নিজেরা যে কথিত ‘গণতন্ত্রের’ প্রচারে লেগে আছে যেটি স্রেফ ভোটাভুটি আর আমেরিকার তাতে স্বীকৃতি। অথচ এসবের বিপরীতে আমাদের দরকার নিজ রাজনীতি ও রাষ্ট্রধারণার বিকাশ, নিজ রাষ্ট্র গড়ে তোলা।

একালের আমেরিকা আরো ভয়ঙ্কর। সে জুয়াচোর। একটি উদাহরণ দেবো, বাকিটা সবাই বুঝবে। ইটিআইএম- ইস্টার্ন টার্কিস্তান ইসলামিক মুভমেন্ট (ETIM)। নাম শুনে অনেকের বুঝতে কষ্ট হতে পারে, তাই চিনিয়ে দেই। এরাই হলো চীনা উইঘুরের সশস্ত্র সংগঠন। এই সশস্ত্রতার এখনকার বসবাস ও তৎপরতা আফগানিস্তানে আশ্রয় নিয়ে।

বুশের আমল থেকেই এরা টেরর বা সন্ত্রাসের দল হিসেবে আমেরিকান ও ইউএনের লিস্টে তালিকাভুক্ত। কিন্তু তা এখন ‘ছিল’ বলতে হচ্ছে; কারণ ডোনাল্ডট্রাম্প তো খুবই বুদ্ধিমান ও ধূর্ত করিৎকর্মা। তিনিই এই দলকে নিজ সন্ত্রাসবাদের তালিকা থেকে মুক্ত করে দিয়েছেন। এর উদ্দেশ্য কী? খুবই ‘মহৎ’! আর ইটিআইএম এখন কী নিয়ে ব্যস্ত ও কোথায়?

পাকিস্তানে চীনা অবকাঠামো নির্মাণ প্রকল্পের শেষ নেই। তেমনই এক প্রকল্পের এলাকায় ভেতরের সেটিও কয়েক মাইল বলে তাদের অভ্যন্তরীণ নিজস্ব বাস সার্ভিস চালু আছে, যা দিয়ে ইঞ্জিনিয়ার থেকে শ্রমিক বা যেকোনো কর্মী চলাচল করে থাকে। সেই বাসে বোমা বেঁধে রেখে তা দিয়ে হামলা করে। তেমনই এক বাস পাশের নদীর তীরে বা খাদে পড়ে যায়। এতে ১৩ জন চীনা ইঞ্জিনিয়ার মারা যান। আর এ হামলার নায়ক ইটিআইএম।

ট্রাম্পের তালিকামুক্তি কেন তা আমরা নিশ্চয় বুঝলাম। কিন্তু খেয়াল করতে হবে; তা হলে এটি কি চীনের সাথে আমেরিকার স্বার্থবিরোধ লড়বার ‘গণতান্ত্রিক’ পদ্ধতি! না, এটি ভাবার কারণ নেই, বাইডেন এসব থেকে দূরে। ট্রাম্প এ তালিকামুক্তি দিয়েছিলেন ক্ষমতা ছাড়ার অল্প আগ দিয়ে। মানে হলো, এর পুরো ‘লাভালাভ’ ও পারফরম্যান্স সব বাইডেনের।

এর পরে তালেবানরা গত আগস্টে ক্ষমতা দখলের আগে চীনা পররাষ্ট্রমন্ত্রীর সাথে তাদের নেতারা এক সাক্ষাৎ করেছিল। ওই মিটিং শেষে তালেবানরা প্রকাশ্যেই মি-ডিয়াকে জানিয়েছিল, এমন সশস্ত্র গ্রুপগুলো যারা আফ-গানিস্তানে আশ্রয় নিয়ে অন্য দেশে তৎপরতা চালাচ্ছে তাদের আর আশ্রয় দেবে না।’ আমরা অনেকেই জানি এখনকার আফগানিস্তানে আইএস (কে) বা খোরাসান গ্রুপ যারা তালেবানদের চেয়েও আরো রেডিক্যাল ও আলাদা, তাদের কামনা তালেবানরা যেন বিফল ও পরাজিত হয়, তারা অপেক্ষা করছে। এ দিকে চীনা পররাষ্ট্রমন্ত্রীর সাথে ওই সাক্ষাতের পরে ইটিআইএম এর পর থেকে অবাধে আফগানিস্তানে চলাচল সীমিত করে ফেলে এবং ওই আইএস (কে) এর সহযোগী প্রতিষ্ঠান হিসেবে প্রটেকশনে তৎপর হয়।

চীন-আমেরিকার স্বার্থবিরোধ থাকতেই পারে। কিন্তু সেই বিরোধে আপার-হ্যান্ড পেতে ইসলামী সশস্ত্র গ্রুপকে লেলিয়ে দিতে হবে, ব্যবহার করা হবে? এটি কোন গণতন্ত্র?

তা হলে ব্যাপারটা কী দাঁড়াল, বাইডেনের ‘গণতন্ত্র’ এই বুলির মূল কথা কী?

যেটা আমেরিকার রাষ্ট্রস্বার্থ সেটাই গণতন্ত্র!

তা হলে বাইডেনের এই ‘ডেমোক্র্যাসি সামিট’ কী বস্তু? আলী রিয়াজ আমাদের গণতন্ত্রের ‘দুটো আদর্শিক অবস্থান তৈরি’ শিখিয়েছেন। আমরা নিশ্চয় এখন এর মর্মবস্তু বুঝতে পেরেছি। আমেরিকান রাষ্ট্রস্বার্থটাই হলো আমেরিকান ‘গণতন্ত্রের আদর্শ’।

তা হলে বাংলাদেশের সরকার নিপীড়ক, গুম-খুন থেকে নিশীথ ভোট ইত্যাদি অভিযোগের এখানে শেষ নেই। আমরা সবাই এসব নিয়েই আছি, নিরন্তর ভুগছি।

এখন এতে আমেরিকা যদি আগ্রহ নেয় তার মানে যেটা ‘আমেরিকার রাষ্ট্রস্বার্থ সেটাই গণতন্ত্র!’ এই সূত্র অনুসারে এগিয়ে আসে তা হলে আমাদের এখন খোঁজ নিতেই হয় যে এখানে আমেরিকার রাষ্ট্রস্বার্থটা মানে গণতন্ত্রটা ঠিক কী?

লেখক: রাজনৈতিক বিশ্লেষক

পাকিস্তানে চীনা অবকাঠামো নির্মাণ প্রকল্পের শেষ নেই। তেমনই এক প্রকল্পের এলাকায় ভেতরের সেটিও কয়েক মাইল বলে তাদের অভ্যন্তরীণ নিজস্ব বাস সার্ভিস চালু আছে, যা দিয়ে ইঞ্জিনিয়ার থেকে শ্রমিক বা যেকোনো কর্মী চলাচল করে থাকে। সেই বাসে বোমা বেঁধে রেখে তা দিয়ে হামলা করে। তেমনই এক বাস পাশের নদীর তীরে বা খাদে পড়ে যায়। এতে ১৩ জন চীনা ইঞ্জিনিয়ার মারা যান। আর এ হামলার নায়ক ইটিআইএম।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372 917-744-7308, 718-457-0813	87-54 168th Street, 2nd Fl Jamaica, NY 11432 718-406-5549	1 Blacksmith Lane Dix Hill, NY 11731 718-406-5549	2148 Starling Ave. Bronx, NY 10462 718-406-5549	175 B Forbell Street Brooklyn, NY 11208 718-406-5549	859 Fillmore Ave Buffalo, NY 14212 718-406-5549

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে

(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কাস্টমারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MEPPS
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে

বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র

বাফেলো বাংলা

পড়ুন

www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
NEW ADDRESS
72-08 Broadway
Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804

BUSINESS HOURS
Saturday 11:30 PM - 8PM
Sunday 11:30 PM - 8PM
Monday 11:30 PM - 8PM
Tuesday 11:30 PM - 8PM
Wednesday 11:30 PM - 8PM
Thursday 11:30 PM - 8PM
Friday CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অর্থবিত্ত আর সুখের সহাবস্থান বিরল



সালাহউদ্দিন বাবর

এ জীবনে সবাই সুখী হতে চায়। সবাই এটা জানেন, এই বিশ্বে তার অবস্থান খুব সংক্ষিপ্ত এক অভিযাত্রা। ক্ষণকালের এই জীবন তাও আবার নানা দুর্যোগ অনিশ্চয়তায় পরিপূর্ণ। পাহাড় শৃঙ্গে উঠা যত কঠিন তার চেয়ে অধিক দুরূহ সুখের সন্ধানের জন্য পথে নামা। সেটা ফসকে যায়, সুখ সন্ধানের পথকে আসলে বলতে হয় এক 'মরীচিকা'। সুখ কী, কোথায় তার সন্ধান পাওয়া যায়? এর দার্শনিক জবাব অন্ধকার ঘরে কালো বিড়াল খোঁজার মতোই।

জীবনের সংক্ষিপ্ত পরিসর, নানা দুর্যোগ দুর্বিপাক, কষ্টভোগ এসব ভরা। তার পরও সুখ-শান্তি যশ প্রতিপত্তি, নিরোগ দেহে দীর্ঘ জীবন; স্বস্তি তার সাফল্যের দিগন্ত ছোঁয়া অদম্য স্পৃহা মানুষের। এসব অর্জনের মধ্যে সুখ কী লুক্কায়িত? সব পেলে সুখ কি হাতের মুঠোয় আসবে সত্যি? কিন্তু সুখ তো 'সোনার হরিণ', কোন গহিন অরণ্যের কত প্রতিবন্ধকতার ভেতর তার বাস কেউ তা জানে না।

মানুষ বহু কিছু চায় অথচ না পাওয়ার মর্মপীড়া মানুষকে সুখী হওয়ার পরিবর্তে বরং তাকে দুখের সলিলে ডোবায়। এটাও দেখা যায় কেউ রাজমহলে বাস করলেও সব কিছু তার বিস্বাদ ঠেকে। সুখ সম্পর্কে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর তার 'আমার সুখ' কবিতায় লিখেছেন 'ভালোবাসা ঘেরা ঘরে কোমল শয়নে তুমি যে সুখেই থাকো, যে মাধুরী এ জীবনে আমি পাইয়াছি তাহা তুমি পেলে নাকো।' শুধু বিস্বাদই নয়, মানুষতো সুখ না পেয়ে বিনিদ্র যামিনী যাপন করে। পক্ষান্তরে বহু মানুষ পর্ণকুটিরে রাত্রিতে তৃপ্তির নিদ্রায় বিভোর থেকে অতি প্রত্যুষের অপূর্ব বর্ণালী সকাল দেখে; দিনের সূচনায় বিধাতার অপার সৃষ্টি তাকে সুখ আনন্দ দেয়। অথচ ধনবান অসংখ্য মানুষ যারা সুখ আনন্দের তল্লাশিতে কাতর, তারা হয়তো অনেকেই সেই প্রত্যুষের আনন্দ উপভোগ করার কোনো দিন সুযোগই পান না। এই ধরায় যার যত বেশি আকাঙ্ক্ষা অভিলাষ, তা না পাওয়ার ব্যথা-বেদনা সে হৃদয়কে দলিত মথিত করে। আকাশছোঁয়া অপেক্ষা জীবনকে বিষিয়ে তোলে। বিশ্বকবির অপর এক কবিতা এখানে উল্লেখ করা প্রণিধানযোগ্য: ছোট ছোট দুঃখ, সুখ, ছোট ছোট আশা, ছোট ছোট অনুভূতি এ নিয়ে বাঁচা। বন্ধু হলে দুখের মাঝে সুখটা দেবে খুঁজে ভন্ড হলে সুখের মাঝে দুঃখ দেবে গুঁজে।' এর মধ্যে কোনো দর্শন নেই। নিরেট বাস্তবতাই নিহিত। সত্যিকথার সুখানুভূতি। ছোট ছোট আশা নিয়ে যিনি পর্ণকুটিরে পরিজনদের নিয়ে রাত যাপন শেষে ঊষায় বেরিয়ে পড়েন ভাগ্যান্বেষণে, গোধূলিলগ্নে যতটুকু যা কিছু জোটাতে পারেন, তাতে কোনো খেদ ক্ষোভ আর বেদনার স্পর্শ থাকে না। আলো-আঁধারিতে সেই খাদ্য পরম তৃপ্তিতে পরিবার-পরিজনসহ গ্রহণ করে গভীর নিদ্রায় জগৎজীবন থেকে বিচ্ছিন্ন হয়ে যান একটি সুন্দর প্রত্যুষের আশা নিয়ে। কোনো দুঃস্বপ্ন তাকে ত্যক্ত বিরক্ত করে না যামিনীতে। এভাবেই ছোট ছোট আশা আর অনুভূতি নিয়ে হাজারো মানুষ বেঁচে থাকে, তাদের জীবনের সূর্যাস্ত না আসা পর্যন্ত। তারা বিত্তের দিগন্তের রেখা দেখে বটে তবে তা ছুঁয়ে আসার কোনো বাসনা জাগে না। আর যিনি বা যারা মেঘলা মনে সকালে সব কিছু অর্জনের জন্য সীমাহীন প্রত্যাশা নিয়ে ন্যায়-অন্যায়ের সব বিবেচনা পাশে ফেলে, হিমালয় চূড়ায় উঠে যান আর ভাবেন সুউচ্চতা থেকে নিচে যা কিছু দেখতে পান তার সব লাভের জন্য যত কাতরতা; ক্ষণিকের তরেও চোখ ফেরান না জীর্ণশীর্ণ কোনো দুস্থ অভাবী মানুষের দিকে; তাদের শুধু লক্ষ্য ও উদ্দেশ্য সব কিছু প্রাপ্তির জন্য যত চেষ্টা। সর্বভুক এসব মানুষের ক্ষুধা কোনো কালে মিটে না। সব সময় খাবার আশায় থাকেন মাতোয়ারা। কতটুকু তার প্রয়োজন তা তাদের বিবেচনায় থাকে না। রাশি রাশি ভারা ভারা সবই তার ডিঙ্গায় তুলতে হবে। তাদের কাছে জীবনের লক্ষ্য আর উদ্দেশ্য, বিত্ত-বৈভবের মধ্যেই সুখের অন্বেষণ করা। পরে রজনীর দুই প্রহর শেষে যখন ঘরে ফিরে যতই সুখাদ্য গ্রহণ করেন, সবই তখন তিক্ত আর বিস্বাদ হয়ে উঠে। যখন হিসাব করতে বসেন দিনান্তে কী পেলেন, আর কতটুকু হাত ছাড়া হলো, অপূরণের মাত্রা যদি হিসাবের বাইরে থেকে যায়, অপরিচিত দুঃখ-বেদনা আর গভীর হতাশা নিমজ্জিত হন। তখন পরিবার-পরিজনদের সান্নিধ্য কামনা করেন না। ভুলে যান সব সুবচন, ভাব আর ভঙ্গিমা।

তাই বিজ্ঞজনদের এই অনুভব-আসলে সুখ তো সোনার হরিণ কার কাছে কখন কোন স্বরূপে ধরা দেবে; সেটা ব্যক্তির বোধ বিবেচনার ওপরই নির্ভর করে।

পর্ণকুটিরে যাদের বসবাস আর রাজমহল যাদের ঠিকানা। উভয় শ্রেণীর মানুষ থাকে পরিবার-পরিজন নিয়ে; তাদের ঘরোয়া জীবনের যে চিত্র খানিকটা তুলে ধরা হয়েছে। তাতে দুই শ্রেণীর মানুষ পারিবারিক জীবনে কতটা সুখ আর আনন্দের তা সহজে পরিষ্কার হয়। সুখ আসলে কী? মন মস্তিষ্কে এমন প্রশ্নের উত্তর খুঁজতে যেয়ে অনেকের সারা জীবন ক্ষয় হয়ে যায়। তবুও এমন প্রশ্নের চূড়ান্ত উত্তর জানা সম্ভব হয় না। অনেক জ্ঞানী মনীষী আর বোদ্ধাজন কখনো সুখের সন্ধান করেন না। কেননা সেটা আলো নয়, আলেয়া। এর সন্ধান করার অর্থ মরীচিকার পেছনে ফেরা। প্রকৃত একজন সুখী লোকের অস্তিত্ব হচ্ছে সাদা কাকের মতোই দুর্লভ। তবে অনেক গুণীজন এ-ও মনে করেন, ইচ্ছা থাকলে অবশ্যই সুখী হওয়া সম্ভব। যার যতটুকু আছে তা, নিয়েই তৃপ্ত সন্তুষ্ট থাকলেই হয়। অযথা সোনার হরিণের পেছনে হন্যে হওয়া অর্থহীন।

দাম্পত্য জীবনে সুখী হওয়ার উপায় কী? এ বিষয়ে মহানবী হজরত মুহাম্মদ সা: থেকে শুরু করে বিশ্বের মনীষীর অজস্র পরামর্শ, বাণী বা উক্তি রয়েছে। দাম্পত্য জীবনে সুখী হতে হলে অর্থবিত্তকে তথা এর গুরুত্বকে পেছনে নিয়ে আসতে হবে। সেখানে পরিবারের সবার মধ্যে প্রেমপ্রীতি ভালোবাসা, শ্রদ্ধা ভক্তি স্নেহ মমতাকে স্থান করে দিতে হবে। পিতা-মাতার প্রতি শ্রদ্ধা ভক্তি সন্তান সন্ততির প্রতি ফল্গুধারা বইয়ে দিতে হবে। সন্তানদেরও বুঝতে হবে স্নেহের এই সুন্দর বিশ্বে তাদের বিচরণ করতে পারা তাদের অভিভাবকের জন্যই সম্ভব হয়েছে। ইসলাম, বিশ্বনবী সা: মাতাকে সম্মান ও তার আশীর্বাদকে সন্তানদের জন্য পরম পাওয়া বলে ঘোষণা করায় সন্তানদের চিন্তাচেতনার জগতে এক শুভ প্রতিক্রিয়া সৃষ্টি করে থেকে। শিশুকালে শৈশবে পিতা-মাতার স্নেহ আর ভালোবাসা মমতা তাদের মধ্যে সুখের অনুভূতি ও চেতনার উন্মেষ ঘটায়। সেই স্মৃতি পরিণত বয়সে পিতা-মাতার প্রতি তাদের কর্তব্য পালনে প্রেরণা জোগায়।

বস্তুত পারিবারিক জীবনে সুখ শান্তি আসে পারস্পরিক শ্রদ্ধা, গুরুজন তথা প্রবীণদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন আর তাদের প্রয়োজন পূরণের চেষ্টায় ব্রতী হলে। কেননা না প্রবীণ দেহ মন তো তখন বয়সের ভারে ন্যুব্জ হয়ে পড়ে, নিজের প্রয়োজনটা পূরণের জন্য পরিশ্রম করার শক্তি-সামর্থ্য থাকে না। বয়োজ্যেষ্ঠ নিয়ে এই বোধ জাগ্রত থাকলে এর সমাধান হতে পারে। সবাইকে ভাবতে হবে, শৈশবে সে যখন অক্ষম অসহায় ছিল এই গুরুজন প্রতিক্ষণে ছিল তার সাথী, পরিচর্যা করে আহার বিহার, রোগ ভোগ কালে ওষুধ পথ্য নিয়ে আজকের বৃদ্ধ অক্ষম গুরুজনই পরম স্নেহভরে তার পাশে থাকত। আজ যে তরুণ শিক্ষা-দীক্ষা পেয়ে সমাজে প্রতিষ্ঠা পেয়েছে তার রসদটাই জুগিয়েছেন আজকে বৃদ্ধ অক্ষম গুরুজন। তার কোনো বিনিময় পেতে চাননি। কাল কারো জন্য বসে থাকে না আজ যে তরুণ কাল সে জরাজীর্ণ হবে, এটা স্রষ্টার অমোঘ নিয়ম। তাই ভাবা উচিত উদাহরণ একটা রেখে যেতে হবে আগামী প্রজন্মের জন্য। বিশ্বাসী মানুষ এটাকে স্রষ্টার কৃপা পাওয়ার নিমিত্ত বলেই ভাবে। তাই তার ভেতর যে চেতনা সৃষ্টি হয়, সেটা গুরুজনের প্রতি সেবা শুশ্রূষার প্রেরণা জোগায়।

প্রাচ্যে এভাবেই পারিবারিক জীবন মধুময় হয়ে ওঠে। সুখের সায়রে ভাসতে পারা যায়। পিতামাতার স্নেহ ভালোবাসা কখনোই কোনো প্রতিদানের আশা করে না। তবে এমন সুখের একটা পটভূমি আছে। এর মধ্যে বংশের সেই শিক্ষা ঐতিহ্যকে সংরক্ষণ না করলে তা একসময় হারিয়ে যাবে। প্রবীণদের প্রতি বিনম্র হওয়া সুখের একটা উপাত্ত বটে। প্রবীণদেরও দায়িত্ব অতীতের স্মৃতিকে লালন করা; নবীনদের ভেতর তা সঞ্চারিত করা; এর ধারাবাহিকতা বজায় রাখা। কারণ আজকের দিনে নতুন প্রজন্মকে জানিয়ে বুঝিয়ে রাখতে হবে ঐতিহ্যকে লালন করার বিষয়ে। এখন যে নতুন বোধ সমাজে বিস্তার লাভ করছে, তাহলো সবার প্রতি প্রেমপ্রীতি শ্রদ্ধা ভক্তির পরিবর্তে কেবল নিজেকে নিয়েই শুধু ভাবনা; আর সব কিছু গৌণ। অতীত হয়ে পড়েছে বিবর্ণ ধূসর। সমতার উর্বর জমিন, আজ পরিবর্তিত হচ্ছে শুষ্ক নিঃস্ফলায়। তাতে জল সিঞ্চন, আর আত্মসুখের যে পরগাছা জন্মাচ্ছে, তাতে উৎপাদন করতে হবে মমতার যত বচন দিয়ে।

আর সময় সাক্ষী হয়ে আছে খ্যাতি ধনবান হলেই সুখী হওয়া যায় না। অর্থ দিয়ে স্বাচ্ছন্দ্য কেনা সম্ভব, সমাজে বিত্তবান হওয়ার খ্যাতি লাভ করা যায় হৃদয়ের অহংবোধ, দিগন্ত জোড়া শত কোটি মানুষের কল্যাণের জন্য। শত কোটি মানুষের কল্যাণ আজ জ্ঞান-বিজ্ঞান ও নানা বিষয়ে গবেষণা, অনুসন্ধান, আবিষ্কার; তা নিছক আত্মসুখ বিত্ত লাভের লক্ষ্যে নয়। বিশ্বজোড়া মানুষের আনন্দ, সুখ, স্বপ্ন, স্বাদ পূরণ করতে পারে। মনে রাখা আর উপলব্ধির বিষয়, ধন মানুষকে কৃপণতা স্বার্থপরতার চোরা গলিতে নিয়ে যেতে পারে। পক্ষান্তরে, জ্ঞান অর্জন স্রষ্টা ভীতি, মানুষকে উদার মহৎ আর পরার্থে উৎসর্গিত হওয়ার দীক্ষা দেয়। তাতে এক অনাবিল প্রশান্তি আর ঐশ্বরিক চেতনায় সমৃদ্ধ করে সাধককে দেয় পরমানন্দ।

অর্থ খ্যাতি বীরত্ব কোনো এক সময় কাউকে সাফল্যের দোরগোড়ায় পৌঁছে দিতে পারে বটে; কিন্তু তা কখনো ব্যক্তিজীবনকে সুখী করতে পারে না। এটি সবাই জানেন, বিখ্যাত দার্শনিক জাঁপল সাঁত্রে সাফল্যের শীর্ষে আরোহণ করেছেন, কিন্তু সুখ তাকে ছেড়ে চলে গেছে। নোবেল লরেট অমর্ত্য সেন যখন খ্যাতির শীর্ষে, তখন তার ঘর ভেঙে গেছে। তার বহু আগের কথা, মহাবীর নেপোলিয়ন যখন বিশ্ব জয়ের পথে বীরদর্পে এগিয়ে চলেছেন, তখন তার প্রাণপ্রিয় প্রেয়সী জোসেফাইন তরুণ লেফটেন্যান্টের হাত ধরে চলে গেলেন নেপোলিয়নকে বিদায় জানিয়ে। অথচ নেপোলিয়ন ও জোসেফাইন পরস্পর গভীর প্রেমে মাতোয়ারা হয়ে বিয়েতে আবদ্ধ হয়েছিলেন। জোসেফাইন ছিলেন বিধবা। তবে তার প্রেমে ভাটা পড়েছিল। রাজপ্রাসাদের যত স্বচ্ছন্দ ও শত শত সেবিকার সেবা, তাদের দুই পুত্রসন্তান, কিছুই বাধা হতে পারেনি জোসেফাইনকে নতুন প্রেমিকের সাথে মিলনানন্দে ভাসতে। এমন বহু অঘটন ঘটে। আমাদের দেশেও ভাওয়াল রাজ্যে রানী ও রাজপ্রাসাদের তার প্রেমিক ডাক্তার এতটা হীন কান্ড ঘটিয়েছিল যে, ভাওয়াল রাজাকে বিষ প্রয়োগ করে হত্যার সব আয়োজন সম্পন্ন করেছিল।

আজকের স্বাচ্ছন্দ্যের বিস্ময়কর যুগে ঘটছে অসংখ্য ঘর ভাঙা তথা বিয়েবিচ্ছেদের ঘটনা। আর এসব ঘটনা ঘটছে পশ্চিমের উন্নত দেশে যেখানে স্বাচ্ছন্দ্য আর সম্ভোগের কোনো শেষ নেই। অথচ সেই সুখ আজ আর সবার জীবনে টিকছে না। দ্বৈত জীবনের দীর্ঘ সুখ আনন্দ শত স্মৃতি সন্তান-সন্ততি কিছু ঠেকাতে পারছে না ঘর জোড়া রাখতে। প্রাচ্যে এই বিচ্ছেদের ঘটনা কম। তাদের পারিবারিক বন্ধন অনেক বেশি মজবুত। এ ক্ষেত্রে নারীর অবদান বেশি। অভাব অভিযোগ কদাচিৎ তাদের বিচ্ছিন্ন করে। তবে আমাদের দেশে বিচ্ছেদের হাওয়া বইতে শুরু করেছে। তা এখনো ঝড়ো হাওয়ায় রূপ নেয়নি। পাশ্চাত্যের প্রতি প্রীতি যে হারে দেশে বাড়ছে, তাতে ধর্মের দীক্ষা তথা ইসলামে স্বামী-স্ত্রীর পারস্পরিক যে দায় ভালোবাসা-সহনশীল তৃপ্ত থাকার বোধকে ভুলিয়ে দেয়া হয় বা ভুলে যাওয়া হয় তবে ঝড় শুরু হতে বিলম্ব হবে না।

বিজ্ঞান নিয়ে সাধকের যত অনুসন্ধান-গবেষণা তা কিন্তু স্বীয় সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য নয়, তা বলেছি। কোটি মানুষের স্বপ্ন-সাধ পূরণ করেই তাতে তৃপ্ত হন। কোভিডের টিকা আবিষ্কারের জন্য নিরলস সাধনা যারা করেছেন, তারা কিন্তু পরিশ্রমের বিনিময় পাওয়ার জন্য করেননি; আহার-নিদ্রা পরিজনদের সান্নিধ্যকে ভুলে যান। শুধু আজ নয়, অতীতের যত সাধক-গবেষক সৃষ্টির জন্য গভীর রজনীতে নরম শয্যা ছেড়ে কাজ করে গেছেন; তাদের বিনিময় স্রষ্টার কাছে মজুদ থাকবে। এসব ব্যক্তি আসলে প্রকৃত সুখী মানুষ।

তবে কিছু বিজ্ঞানী আছেন যারা সৃষ্টির ধ্বংসের প্রতিভূ যারা নিয়মিত গবেষণা করছেন কতটা শক্তিশালী যুদ্ধাস্ত্র, মারণাস্ত্র তৈরি করে রাষ্ট্রীয় অর্থবিত্ত লাভ করতে পারেন। এ ক্ষেত্রে দেশে দেশে চলছে প্রতিযোগিতা। কোন দেশের বিজ্ঞানী কত দ্রুত আর প্রতিদ্বন্দ্বী দেশকে টেক্কা দিয়ে এগিয়ে যেতে পারে, কারা কতটা বেশি ভীতিকর বিশ্বের জন্য। এসব জ্ঞানপাপী বিজ্ঞানীর প্রতি মানুষের কোনো শ্রদ্ধা ভালোবাসা কিঞ্চিৎ পরিমাণও থাকা উচিত নয়। বিশ্বে আজ উষ্ণায়নের জন্য যে বিপদের মুখে মানবসভ্যতা সে ক্ষেত্রে এসব জ্ঞানপাপীর অবদান কম নয়। আজ উষ্ণায়ন হ্রাস পেলেই পৃথিবী বাঁচবে। এসব বিজ্ঞানী এ নিয়ে বিন্দুমাত্র চিন্তিত বা উদ্বিগ্ন নন। তারা তাদের মেধাটা যদি পৃথিবীকে বাঁচিয়ে রাখার গবেষণায় নিজেকে ব্রতী করেন, বিশ্বের শত শত কোটি মানুষের জন্য সুখশান্তি আর স্বস্তির পথটা উন্মোচিত হতে পারত। যেসব সাধক উষ্ণায়নে রোধের জন্য কাজ করছে, সেসব বিজ্ঞানী যদি তাদের সাথে একযোগে কাজ করতেন, বিশ্ব রক্ষার আন্দোলন আরো শক্তি ও গতি লাভ করতে পারত।

ধর্মের প্রভাব কিভাবে সুখের সাথে সম্পর্ক সংযুক্ত, তা নিয়ে গবেষণা করা হয়েছে। ধর্মাশ্রয়ী মানুষ বেশি সুখী বলে দেখা গেছে। সুখের সাথে ধর্ম সামঞ্জস্যপূর্ণ। 'ধর্ম' ব্যাপক অর্থবোধক। ধর্ম সুখের অনুভূতি দিতে পারে। ধর্ম মানুষের স্বল্পে তুষ্ট হওয়া, তা ছাড়া গভীর ভালোবাসার অসাধারণ চেতনার সৃষ্টি করে। ধর্মে অনেক বিষয় রয়েছে যার দ্বারা একজন ব্যক্তিকে সুখ আনন্দ দিতে সক্ষম। ধর্ম মানুষের মনোজগতে আশাবাদ, স্বেচ্ছাসেবা, অন্যের সাফল্য কামনা সৃষ্টি করে, অপরের সুখ আনন্দে ধর্ম বিশ্বাসী মানুষ ঈর্ষাতুর নয়, বরং তাতে সে তৃপ্ত; তার শুভ কামনা করে। গবেষণায় প্রমাণ হয়েছে উচ্চ ধার্মিকতা বিষণ্ণতা এবং মাদকদ্রব্যের অপব্যবহার ও আত্মহননের ঝুঁকিকে কমিয়ে দেয়। শুধু তা-ই নয়, যৌন জীবনে পবিত্র থাকা এবং সন্তুষ্টির দিক থেকে তারা অনেক এগিয়ে। ধর্ম বিশ্বাসীরা ধর্ম ও সুখের মধ্যে যোগ সাধন করে ধর্মীয় আচার অনুশীলনের মাধ্যমে। ইসলামে শতভাগ সুখকে 'রিয়াদ বাই আল-কাদাহ' বলা হয়, ভাগ্যে যা আছে তাই নিয়ে সন্তুষ্ট থাকা। এর অর্থ হলো ঈমানদার হওয়া, যদি আমরা সত্যি আল্লাহকে ভালোবাসি এবং তাঁর ওপর সন্তুষ্ট থাকি। তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত ভাবি।

ঐশ্বর্য যেমন মানুষকে সুখী, শান্ত করতে পারেনি, তেমনি সমাজের অবক্ষয় বিপথগামিতা থেকে তরুণ সমাজকে ফেরাতে পারছে না। জীবন তো একটা, স্রষ্টা এ জীবনকে সরল পথে রাখার বহু অনুশীলন মানবজাতিকে উপহার দিয়েছেন। যারা তা নিজের জীবনে বাস্তবায়ন করতে পেরেছেন, তারা আনন্দে সলিলে অবগাহন করার সুযোগ পেয়ে চলেছেন। এ জন্য অর্থবিত্ত থাকা না থাকা কোনো প্রশ্ন নয়। এই শুভ বোধ জীবন থেকে নির্বাসিত হলে হতাশা থেকে ভুল পথে মানুষ হাঁটতে শুরু করে। এমনকি আত্মহননের দ্বারে গিয়ে পৌঁছে যায়।

চিকিৎসক মনোবিজ্ঞানী আত্মহননকে অবসাদ, হতাশাজনিত বৈকল্য বলে বিবেচনা করেন। বিশ্বের অনেকে তাকে গুরুতর অপরাধ বলে বিবেচনা করে কিন্তু তা থেকে পরিত্রাণ পাওয়ার কোনো অব্যর্থ পথ বাতলানোর চেষ্টায় সফল হননি যদিও আত্মহত্যাকারীদের আত্মঘাতক, আত্মঘাতী বা আত্মঘাতিকা হিসেবে অভিহিত করেছে। তাতে কি কোনো ইতিবাচক ফল এসেছে? সমস্যার কিনারা হয়েছে?

সবচেয়ে বেশি আত্মহত্যার ঘটনা ঘটে ক্যারিবীয় দেশ গায়ানায়, বিশ্ব স্বাস্থ্য সংস্থারই এ তথ্য। ছোট এ দেশে প্রতি এক লাখ নাগরিকের মধ্যে আত্মহত্যার ঘটনা ঘটে ৪৪.২ শতাংশ। প্রচণ্ড দারিদ্র্য, মাত্রাতিরিক্ত অ্যালকোহল সেবন এর কারণ। তরল বিষ-পান করেই গায়ানার মানুষ বেশি আত্মহত্যা করে। বিশ্ব সংস্থার (জাতিসঙ্ঘ) দায়িত্ব, দারিদ্র্য বিমোচনের জন্য দেশটিকে সাহায্য-সহযোগিতা করা। আর এনজিওগুলোর অবশ্য দায়িত্ব ছিল তরল বিষের বিরুদ্ধে প্রচার চালানো।

আমাদের দেশও মাদকের ভয়াবহ ছোবলের কবলে। এক গবেষণাপত্র সূত্রে জানা যায়, দেশে প্রায় ২৫ লাখ মানুষ মাদকাসক্ত। এর মধ্যে ৪০ শতাংশ মাদকসেবী তরুণ, যাদের বয়স ১৫ থেকে ৩০ বছরের মধ্যে। কী দুর্ভাগ্যজনক তথ্য। তরুণদের এই অধঃগতির পেছনের কারণ হচ্ছে পারিবারিক অবজ্ঞা, অজ্ঞানতা, মাদকের অপকারিতা সম্পর্কে সাধারণ শিক্ষা আর ধর্মীয় মূল্যবোধের শিক্ষার অভাব। এদের মধ্য থেকে হতাশা দূর করতে না পারলে রাষ্ট্র ব্যর্থ হয়ে যাবে। মাদক গ্রহণের পরিণতি সম্পর্কে সজাগ করতে পরিজনদের ব্যর্থতা সর্বাধিক। তা ছাড়া সরকারি সংস্থাগুলোর মাদক নিয়ে গুরুত্ব দানে অপারগতাও রয়েছে। মাদক প্রাপ্তি এত সহজ কেন? তা ছাড়া সর্ষের মধ্যে ভূতের লালন পালন করা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মাদকের সাথে সম্পর্ক আবিষ্কার, মাদক নিরোধ করার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিদের স্বীয় কর্তব্য পালনের ক্ষেত্রে চরম শৈথিল্যও কম দায়ী নয়।

অন্য দিকে বাংলাদেশে আত্মহত্যার ঘটনা কম নয়। দেশে প্রতি বছর ১১ হাজার আত্মহত্যার ঘটনা ঘটছে। এই হিসাবে বছরে প্রতি জেলায় গড়ে ১৭২ জন জীবন স্বেচ্ছায় বিসর্জন দিচ্ছে। জাপানে একসময় আত্মহত্যা ঘটত খুব বেশি। গত ১০ বছরে সে সংখ্যা কমেছে। পক্ষান্তরে, বাংলাদেশে এ সময়ে এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। একটি এনজিওর তথ্য মতে, দারিদ্র্যপীড়িত জেলাগুলোতে আত্মহত্যার হার বেশি। এখন মাদকাসক্তদের মধ্যে আত্মহত্যার কোনো সঠিক তথ্য পাওয়া না গেলেও ধারণা করা হয় মাদকের বিষক্রিয়ায় অনেকের মৃত্যু ঘটছে যার সংখ্যা খুব কম নয়। মাদকাসক্তদের নিরাময়ের জন্য দেশে অনেক ক্লিনিক রয়েছে। কিন্তু এদের চিকিৎসার মান সন্তোষজনক নয় বলে অভিযোগ রয়েছে। তা ছাড়া সরকারি-তদারকি তেমন নেই। দেশে দারিদ্র্যের জ্বালা যন্ত্রণা বেদনা নিয়ে যারা আত্মহত্যা করে; তার দায় কিছুটা হলেও কর্তৃপক্ষের ওপর বর্তায়। দারিদ্র্যবিমোচন করার ক্ষেত্রে সরকারের অসফলতাই এর একটা কারণ।

আত্মহত্যার ক্ষেত্রে গায়ানার পরই উত্তর কোরিয়ার স্থান। সে দেশে প্রতি বছর প্রায় ১০ হাজার মানুষ আত্মহত্যা করে। এর পেছনে দারিদ্র্য আছেই। আর সে দেশের কর্তৃপক্ষের নির্যাতন, মানবাধিকার লঙ্ঘন, সরকারি নির্যাতনের ভয় থেকে প্রচণ্ড চাপ-এসব কারণে সেখানে এত বেশি আত্মহত্যা বলে মনে করা হয়। অর্থনৈতিক সচ্ছলতা যে, মানুষের হৃদয়ে সুখানুভূতি সৃষ্টি করতে সক্ষম নয়, তার একটা উদাহরণ দক্ষিণ কোরিয়া। এ দেশকে সচ্ছল দেশ হিসেবে ধরা হয়। দক্ষিণ কোরিয়ায় আত্মহত্যার হার ২৮.৯ শতাংশ। চাকরির চাহিদা পূরণের চাপ এবং পড়ালেখা ও সামাজিক চাপের কারণে দক্ষিণ কোরিয়ায় এত আত্মহত্যার ঘটনা ঘটছে। বিশেষ করে নভেম্বর মাসে কলেজে ভর্তি পরীক্ষার আগে আত্মহত্যার হার বেড়ে যায়। বিষয়টি এতটাই উদ্বেগজনক যে, সরকার সামাজিক যোগাযোগমাধ্যমগুলোর ওপর নজরদারি করে সম্ভাব্য আত্মহত্যা ঠেকানোর পদক্ষেপ নিয়ে থাকে। দক্ষিণ এশিয়ায় শ্রীলঙ্কায়ই বেশি মানুষ আত্মহত্যা করে। এর হার ২৮.৮ শতাংশ। দারিদ্র্য, বিভিন্ন সামাজিক সমস্যা এর কারণ। এ ছাড়া সুরিনাম (২৭.৮ শতাংশ), মোজাম্বিক (২৭.৪ শতাংশ), নেপাল (২৪.৯ শতাংশ), তানজানিয়া (২৪.৯ শতাংশ) প্রভৃতি দেশের মানুষ বেশি আত্মহত্যা করে।

জাপানে সাধারণভাবে আত্মহত্যার হার আগের চেয়ে কমেছে। তবে হাইস্কুলের নিচে পড়ে এমন শিশুর আত্মহত্যার ঘটনা বেশি। এ দিকে জাপানে ঐতিহাসিকভাবে প্রচলিত 'সম্মানজনক আত্মহত্যার' 'ঐতিহ্য'কেও দায়ী মনে করে অনেকে।

ইসলামের শিক্ষা শিরোধার্য করতে হবে। ইসলাম এসেছে শান্তি সুখ সৌহার্দ্য প্রতিষ্ঠার জন্য। মানুষকে ভালোবাসা, তার পাশে থাকা সবার সুখ আনন্দে শরিক হতে হবে। সবচেয়ে বড় কথা হচ্ছে পরম সত্তার কাছে তথা আল্লাহর কাছে আত্মসমর্পণ করে নিজেকে শুদ্ধ করতে হবে। আল্লাহ প্রেরিত পুরুষ নবী মুহাম্মদ সা:-এর শিক্ষার পথ প্রশ্নাতীতভাবে অনুসরণ করা উচিত; কেননা নবী সা: স্রষ্টার নাজিল করা বক্তব্য বাণী প্রচার করেছেন।

আত্মহত্যা বর্তমান সমাজে সংঘটিত জঘন্য পাপ কাজগুলোর অন্যতম একটি। এ কারণেই ইসলামে আত্মহত্যা করা কবিরা গুনাহ। ইসলাম কখনো আত্মহত্যার মতো কোনো অপরাধকে সমর্থন করে না। এমন কাজ থেকে বিরত থাকায় গুরুত্ব প্রদান করে আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে একাধিক সূরা নাজিল করেছেন। (ক) তোমরা নিজেদের হত্যা করো না, নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি ক্ষমাশীল (সূরা নিসা; আয়াত ২৯)। (খ) তোমরা নিজ হাতে নিজেকে ধ্বংসের দিকে ঠেলে দিও না (সূরা বাকারা : আয়াত ১৯৬)।

বিজ্ঞান নিয়ে সাধকের যত অনুসন্ধান-গবেষণা তা কিন্তু স্বীয় সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য নয়, তা বলেছি। কোটি মানুষের স্বপ্ন-সাধ পূরণ করেই তাতে তৃপ্ত হন। কোভিডের টিকা আবিষ্কারের জন্য নিরলস সাধনা যারা করেছেন, তারা কিন্তু পরিশ্রমের বি-নময় পাওয়ার জন্য করেননি; আহার-নিদ্রা পরিজনদের সান্নিধ্যকে ভুলে যান। শুধু আজ নয়, অতীতের যত সাধক-গবেষক সৃষ্টির জন্য গভীর রজনীতে নরম শয্যা ছেড়ে কাজ করে গেছেন; তাদের বিনিময় স্রষ্টার কাছে মজুদ থাকবে।

।। বিনা পয়সায় দ্বীন দুনিয়ার শান্তি ও মঙ্গল ।।

ইসলামের দ্বিতীয় খলিফা হজরত ওমর ফারুক (রাঃ) র সাঁইত্রিশতম বংশধর এবং হযরত মোযাদ্দেদ আলফিসানি (রহঃ) র যোগ্য উত্তরসূরী

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিশ্বকোষে উল্লেখিত জামানার মুজাদ্দেদ ও কামেল মোর্শেদ ও বিশ্ব মহাসংস্কারক আর সার্বজনীন, সর্বব্যাপী, সর্বমঙ্গল, কল্যাণ প্রার্থনা ও দোওয়ার প্রবর্তক
"এলাহী রহমত জিয়াদা কর তামাম আলমের উপর" (হে মহান প্রভু সমস্ত বিশ্বমানব জাতির উপর ও সমস্ত সৃষ্টির উপর তোমার অফুরন্ত কল্যাণ বৃদ্ধি করে দাও)

হজরত মাওলানা সূফী মূফতী আজানগাছী (রহঃ)র

দশ দিনের পবিত্র বাৎসরিক উরসেকুল

সমস্ত নবী-রসূল (সাঃ), ওলিআল্লাহ, ঈমানদারগণের, মা-বাপের, সন্তান-সন্ততিগণের বিশুদ্ধ ও শাশ্বত সওয়াব রেশানী অর্থাৎ বিশ্বজনীন সার্বিক ঐক্য, সত্য, সুন্দর, মানবতা, বিশ্বশান্তি, মঙ্গল, সম্প্রীতি, সৌহার্দ্য, সংহতি ও অফুরন্ত, চিরস্থায়ী কল্যাণের সুপ্রাচীন আন্তর্জাতিক প্রার্থনা সভা ।

স্থান ঃ ১৮, বাগমারী রোড (মাণিকতলা, বাগমারী বাজারের সন্নিকটে) কলকাতা - ৭০০ ০৫৪

১৭ই ডিসেম্বর ২০২১ শুক্রবার হইতে ২৬শে ডিসেম্বর ২০২১ রবিবার পর্যন্ত চলিবে। ইনশাআল্লাহ!

যেহেতু এ বছর জমায়েতের (জনসমাবেশের) উপর নিষেধাজ্ঞা আছে সে কারণে সমস্ত অনুষ্ঠান ইউটিউব-এ লাইভ দেখানো হবে, ইনশাআল্লাহ। সমস্ত পীরভাইদের কাছে অনুরোধ গ্রামে-গ্রামে, পাড়ায়-পাড়ায়, ছোট-ছোট জমায়েত করে এই অনুষ্ঠান দেখানোর ব্যবস্থা করা। যাতে নিজ-নিজ এলাকার সকলে দেখতে পায় তার ব্যবস্থা করা। বর্তমান পরিস্থিতির জন্য যে যেখান থেকেই এই মজলিসে সালিম হবে একই ফয়েজ ও বরকত পাবেন ইনশাআল্লাহ।

ইউটিউব-এ লাইভ প্রচারের সময় সূচি ঃ- (ভারতীয় সময় অনুযায়ী)

১৭ই ডিসেম্বর, শুক্রবার -	জুম্মার নামাজের আগে উরসেকুল সকাল ১১টা থেকে শুরু হবে, জুম্মার পর বেলা ১.৩০ মি থেকে মাজার শরীফ জিয়ারত শুরু হবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
১৮শে ডিসেম্বর, শনিবার -	সকাল ১০টা থেকে মজলিস শুরু হবে এবং ১২.৩০ মি পর্যন্ত চলবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
১৯শে ডিসেম্বর, রবিবার -	সকাল ৯টা থেকে মজলিস শুরু হবে এবং ১.৩০ মি পর্যন্ত চলবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
২০শে ডিসেম্বর, সোমবার -	সকাল ১০টা থেকে মজলিস শুরু হবে এবং ১২.৩০ মি পর্যন্ত চলবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
২১শে ডিসেম্বর, মঙ্গলবার -	সকাল ১০টা থেকে মজলিস শুরু হবে এবং ১২.৩০ মি পর্যন্ত চলবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
২২শে ডিসেম্বর, বুধবার -	সকাল ১০টা থেকে মজলিস শুরু হবে এবং ১২.৩০ মি পর্যন্ত চলবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
২৩শে ডিসেম্বর, বৃহস্পতিবার -	সকাল ১০টা থেকে মজলিস শুরু হবে এবং ১২.৩০ মি পর্যন্ত চলবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
২৪শে ডিসেম্বর, শুক্রবার -	জুম্মার আগে উরসেকুল সকাল ১১টা থেকে শুরু হবে, জুম্মার পর আট মসলার বয়ান ১.৩০মি থেকে শুরু হবে। রাতে ৭টা থেকে মজলিস শুরু হবে এবং রাত্রি ৯.৩০-১০টার মধ্যে শেষ হবে। ইনশাআল্লাহ।
২৫শে ডিসেম্বর, শনিবার -	মাজার শরীফ জিয়ারত- সকাল ৮-৯.৩০ মি, ১.৩০ মি.-২টা, ৪টা-৪.৪৫মি. এবং বয়ানের মজলিস সকাল ১০টা থেকে শুরু হবে। ইনশাআল্লাহ। এই দিন রাতে বয়ান হবে না। (এই দিন যারা পারবেন একটি নফল রোজা রাখবেন)।
২৬শে ডিসেম্বর, রবিবার -	সকাল ৯টা থেকে মজলিস শুরু হবে এবং ১.৩০ মি পর্যন্ত চলবে। ইনশাআল্লাহ।

এই সময় সূচি অনুযায়ী ইনশাআল্লাহ লাইভ প্রচার হবে। এই ম্যাসেজটি পীর ভাইদের কাছে পৌঁছে দেওয়া আমাদের সকলের দায়িত্ব।

১০ দিনের সালানা উরসেকুল উপলক্ষে যে যার এলাকাতে বা গ্রামে যাদের হালাল পয়সা আছে, কোন রকম সুদ, ঘুষ, এল আই সি, বন্ধক, ফিক্সড ডিপোজিট ইত্যাদির সঙ্গে যুক্ত নেই এবং ৫ ওয়াক্ত নামাজ পা-বন্দীর সঙ্গে পড়েন, কালামাপাকের নুরানী হাক্কানী ওজিফা পড়েন তারা মিলিত ভাবে তাবারুক করতে পারেন, **প্রথম শুক্রবার** রাতে এবং **শেষ রবিবার** দিনে তাবারুক করতে পারেন। এছাড়াও যাদের সমার্থ আছে তারা ১০ দিনের যে কোনদিন দিনে অথবা রাতে তাবারুক করতে পারেন।

YouTube HaqqaniAnjuman.Kolkata Facebook Haqqani Anjuman of Sufi Azangachi Saheb - R.A

HAQQANI Anjuman

বিভিন্ন চ্যালেঞ্জের মুখে তালেবান সরকার

রহিম নাসার

প্রাতিষ্ঠানিক গবেষণায় তর্কের খাতিরে সত্য বলে ধরে নেয়া হয় সেই পুরনো বচনটিকেই, 'ক্ষমতা মানুষকে দুর্নীতির দিকে নিয়ে যায় এবং সর্বময় ক্ষমতা তাকে সম্পূর্ণভাবে দুর্নীতিগ্রস্ত করে তোলে।' এ প্রবচনটিই সত্য। কিন্তু মানুষ প্রায়ই এটি মনে করে না। মানুষ যখন ক্ষমতাধর বা ক্ষমতাশালী হয়ে ওঠে তখন তার আচার আচরণে তাৎপর্যপূর্ণ পরিবর্তন আসে। রাজনৈতিক ও সামাজিক ক্ষেত্রে নীতি নৈতিকতার লঙ্ঘন এবং একধরনের আচার আচরণ তাদের রুটিনে পরিণত হয়। কাবুলের পতনের পর মনে হচ্ছে, তালেবানরা অনিশ্চিত বা আশঙ্কাজনক অবস্থায় রয়েছে। আইনশৃঙ্খলার অনুপস্থিতি, কর্তৃত্ববাদী আচরণ এবং বিরোধীদের ওপর নির্যাতন ও হয়রানির অভিযোগ গোটা তালেবান সরকারকে দূষিত করে তুলেছে।

তালেবানদেরকে তাদের অভ্যন্তরীণ বিরোধ ও ভিন্নমতের মোকাবেলা করতে গিয়েই সবচেয়ে বড় চ্যালেঞ্জের মুখে পড়তে হচ্ছে। কাতারের দোহায় যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের সাথে শান্তি আলোচনায় অংশগ্রহণকারী তালেবান নেতা মোল্লা গনি বারাদার, মুহাম্মদ আব্বাস স্তানিকজাই ও মোল্লা আবদুল সালাম জারেফসহ বিশিষ্ট তালেবান নেতৃবৃন্দ এই বিরোধে জড়িয়ে পড়েছেন। তালেবান নেতৃবৃন্দের মধ্যে তর্ক-বিতর্ক ও বিরোধের মূল কারণ হলো হক্কানি নেটওয়ার্কের যোদ্ধাদের স্বৈরাচারী দৃষ্টিভঙ্গি। হক্কানি নেটওয়ার্কের ক্ষমতার অপব্যবহার ও বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গির কারণে হক্কানি নেটওয়ার্কের প্রধান ও ডেপুটি স্বরাষ্ট্রমন্ত্রী সিরাজ উদ্দিন হক্কানি ও মোল্লা বারাদারের মধ্যে কাবুলের প্রেসিডেন্ট প্রাসাদে বিরোধ সৃষ্টি হওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ছাড়াও অব্যাহতভাবে 'ই-সলামিক স্টেট খোরাসান' প্রদেশের আবার উত্থান



তালেবানদের জন্য অন্যতম বৃহৎ চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হয়েছে। তালেবানদের নিজেদেরকে রাষ্ট্রের মূল নায়ক এবং রাষ্ট্র পরিচালনায় তাদের রাজনৈতিক পরিচিতি ও যোগ্যতার বিষয় প্রমাণ করা এবং আন্তর্জাতিক বৈধতা বা স্বীকৃতি আদায় করাটাও চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে।

Property Description Sheet

উডসাইডে থ্রী ফ্যামেলী বাড়ি বিক্রি হবে

HOUSE FOR SALE IN WOODSIDE

Detached

37-11 59th St, Woodside, N Y 11377.

Price	$1.950 Million
Type	3 Family
Construction	Brick
Lot Size	2614 SQFT
Bldg Size	3080 SQFT
Heat	Gas
Garage	2 Car Parking.



Great Location! Great Location! Great Location!
Beautiful Legal 3 family new fully renovated house.
15 Minutes to Manhattan & Walking distance
to train station and LIRR.

1st Floor	3Br, Lr, Dr, Eik, 2 Full Bathroom, 2 Entrance.
2nd Floor	3Br, Lr, Dr, Eik, 2 Full Bathroom.
3rd Floor	4Br, Lr, Dr, Eik, 2 Full Bathroom.

Contact the Owner

(718) 600-6058 / (934) 216-2890

আইসিসকে অর্থাৎ ইসলামিক স্টেট খোরাসানের একটি সুবিধা হলো, তারা ননস্টেট অ্যাক্টর এবং আক্রমণাত্মক পন্থায় তাদের কার্যক্রম চালায়। কাবুলের পতনের পর থেকে এ পর্যন্ত আইসিসকে কাবুল, জালালাবাদ, কুন্দুজ ও কান্দাহারসহ বড় বড় শহরে হামলা চালিয়েছে। আই-সিস খোরাসানের হুমকি আগেই প্রতিহত বা পণ্ড করে দেয়াটা তালেবানদের জন্য মারাত্মক উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে।

আফগান নাগরিকদের ব্যাপকভাবে দেশত্যাগের ফলে মেধা পাচার বা দেশ মেধাশূন্য হওয়াটাও তালেবান সরকারের জন্য অপর একটি প্রধান চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

জাতিসঙ্ঘের উদ্বাস্তুবিষয়ক কমিশন জানিয়েছে, নিরাপত্তাহীনতা, দ্বন্দ্ব-সঙ্ঘাত ও নির্যাতনের কারণে ৬০ লাখেরও বেশি আফগান নাগরিক তাদের বাড়িঘর ও দেশ ত্যাগ করে স্থানচ্যুত বা বাস্তুচ্যুত হয়েছে। চলতি বছরের শেষ নাগাদ পাঁচ লাখ আফগান তাদের বাড়িঘর থেকে পালিয়ে যেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ফলে তালেবানরা মৌলিক সরকারি ও জনসম্পৃক্ত কর্মকান্ড পরিচালনায় মারাত্মক প্রশাসনিক চ্যালেঞ্জের মুখে পড়বে। আন্তর্জাতিক বৈধতা বা স্বীকৃতি আদায় করাটা তালেবানদের জন্য প্রথম ও প্রধানতম চ্যালেঞ্জ। এখনো কোনো রাষ্ট্র তালেবানদের স্বীকৃতি দেয়নি। কূটনীতি, রাজনৈতিক সম্পৃক্ততা, ব্যবসায় বাণিজ্য, আর্থিক ও অন্যান্য রাষ্ট্রীয় বিষয় পরিচালনার পূর্বশর্ত হলো আঞ্চলিক ও আন্তর্জাতিক বৈধতা অর্জন করা।

তালেবানরা জোরপূর্বক ক্ষমতা দখল করেছে এবং তারা আফগানিস্তান শাসন করার জন্য সবসময় যুদ্ধ চালিয়ে এসেছে। তাদের বিরুদ্ধে নিষ্ঠুরতা, টার্গেট কিলিং, সংখ্যালঘু ও নারীদের নিগৃহীত করা এবং বিরোধীদের ওপর প্রতিশোধ গ্রহণের অভিযোগ রয়েছে। তালেবান শাসন কেমন, কিংবা সংখ্যালঘুদের ব্যাপারে তাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন হয়েছে কি না, উগ্রবাদী গোষ্ঠীগুলোর সাথে তাদের সম্পৃক্ততা আছে কি না ইত্যাদি যাচাই না করে বা বিবেচনায় না এনে তালেবান সরকারকে স্বীকৃতি দেয়া ভুল হবে বলে আন্তর্জাতিক সম্প্রদায় মনে করে।

অতীতে যারা ন্যাটো বাহিনীর সাথে এবং আগের আফগান সরকারের সাথে কাজ করেছে তালেবানরা তাদেরকে খুঁজে বের করার চেষ্টা করছে বলে জানা গেছে। তালেবানবিরোধী লোকদের বাড়িঘরে তল্লাশি চালানো হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। বহুলোককে গ্রেফতার করে শাস্তি দেয়া হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। তালেবানদের হাত থেকে বাঁচার জন্য বহুলোক দেশত্যাগ করে যুক্তরাষ্ট্র, ইউরোপ, কানাডা ও অস্ট্রেলিয়ায় রাজনৈতিক আশ্রয় লাভের চেষ্টা করছে।

তালেবানদের নির্যাতনমূলক ও সহিংস দৃষ্টিভঙ্গি অব্যাহত থাকলে আফগানিস্তানে নৈরাজ্য দেখা দেবে এবং রাষ্ট্রটি ব্যর্থতায় পর্যবসিত হবে- যেটা আঞ্চলিক নিরাপত্তার জন্যও হুমকি হয়ে দাঁড়াতে পারে।

তীব্র রাজনৈতিক দুর্নীতি, মারাত্মক অর্থনৈতিক সঙ্কট, সরকারি কর্মকান্ড পরিচালনায় ব্যর্থতা, নিরাপত্তা দানে ব্যর্থতা, সামষ্টিক সিদ্ধান্ত নিশ্চিত করতে না পারা, উগ্রবাদিতা, মৌলিক স্বাস্থ্য সুবিধা নিশ্চিত করতে না পারা, অবকাঠামোগত উন্নয়নের প্রভাব এবং আরো অনেক চ্যালেঞ্জের মুখে এখন তালেবান সরকার।

এ সরকারকে স্থিতিশীলতা, সংহতি ও কার্যকারিতা নিশ্চিত করার জন্য একবিংশ শতাব্দীর উপযোগী নেতৃত্ব নিয়ে এগিয়ে আসতে হবে। বিশৃঙ্খল পরিস্থিতি ও নিরাপত্তাহীনতা সামাল দিতে একটি লয়া জিরগা নি-শ্চিতভাবে সাধারণ নির্বাচনের পথ খুলে দিতে পারে।

তালেবান নেতৃত্বকে অবশ্যই তাদের কঠোর ও কর্তৃত্ববাদী দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে উদার, গণতান্ত্রিক মনমানসিকতা পোষণ করতে হবে এবং রাজনৈতিক বিরোধী ও অতীত আফগান সরকারের সাবেক কর্মকর্তাদের প্রতি উদার মনোভাব প্রদর্শন করতে হবে। প্রতিশোধ গ্রহণের নীতি তালেবানদের সম্পূর্ণভাবে ব্যর্থ করে দেবে।

গণতান্ত্রিক নীতি ও উদার মূল্যবোধের অনুশীলন বা বাস্তবায়ন সমানভাবে গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনের জন্য তালেবানকে অবশ্যই গণতন্ত্রের সাথে সম্পৃক্ত হতে হবে। আন্তর্জাতিক স্বীকৃতি নিশ্চিত করতে হলে রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করার সুযোগ সৃষ্টি এবং নির্বাচনের আয়োজন করতে হবে। অবশ্যই চ্যালেঞ্জ মোকাবেলা করে ক্ষমতা ধরে রেখে ভালোভাবে রাষ্ট্রীয় কর্মকাণ্ড পরিচালনা করতে হবে। চূড়ান্তভাবে, শিক্ষাও উন্নয়নসংক্রান্ত তালেবান নীতিতে যৌক্তিকভাবে নারীদের শিক্ষার অধিকার প্রদান এবং তাদের কাজের সুযোগ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে তালেবান সরকারকে আফগানিস্তানে মেয়েদের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খুলে দেয়ার ব্যাপারে একটি সুস্পষ্ট বার্তা আন্তর্জাতিক সম্প্রদায়কে অবহিত করতে হবে।

লেখক: ইসলামাবাদ ভিত্তিক নিরাপত্তা ও রাজনৈতিক বিশ্লেষক

এশিয়া টাইমসের সৌজন্যে ভাষান্তর : মুহাম্মদ খায়রুল বাশার

সামাজিক যোগাযোগমাধ্যম কি গণমাধ্যমের জন্য হুমকি

রিনভী তুষার

সংবাদপত্রের স্বাধীনতা যদি ক্ষতিগ্রস্ত বা বাধাগ্রস্ত হয়, তবে তা স্বাভাবিক গণতন্ত্রের জন্য এবং গণতান্ত্রিক পরিবেশের জন্য ভয়ংকর হুমকি হয়ে দাঁড়ায়। কিন্তু সংবাদপত্রও তো অনেক সময় নিরপেক্ষ থাকে না। গণতান্ত্রিক নির্বাচনের সময় সুনির্দিষ্ট রাজনৈতিক দলকে সংবাদমাধ্যমের সমর্থন করার সংস্কৃতি যুক্তরাজ্যের মতো গণতন্ত্রের স্বর্গে অনেক দিন ধরেই চালু। তবুও কখনো কি সংবাদপত্রকে গণতন্ত্রের মুখোমুখি করা হয়েছে? হয়নি বা যায়নি। কারণ, সংবাদপত্র সংবাদনির্ভর প্রতিষ্ঠান। প্রকাশিত সংবাদের দায় প্রতিষ্ঠানকে নিতে হয়। পেশাদার সংবাদকর্মীরা সেখানে কাজ করেন। যেকোনো একটা ঘটনা শুধু কারও ব্যক্তিগত পছন্দ বা অপছন্দের হিসেবে (সোশ্যাল মিডিয়ার ভাষায় লাইক, মন্তব্য কিংবা শেয়ারের কারণে) সংবাদ হয়ে ওঠে না।

আস্থা, তথ্যবহুল মতবিনিময়, সত্য সম্পর্কে সম্যক ধারণা, পারস্পরিক সম্মতি এবং জনসাধারণের স্বাভাবিক অংশগ্রহণ–এই হলো গণতন্ত্রের মৌলিক মূল্যবোধ। সামাজিক যোগাযোগমাধ্যম গণতন্ত্রের এই মূল্যবোধগুলোকে হঠাৎ একটা কঠিন পরীক্ষার ভেতর ফেলে দিয়েছে। এমনকি সামাজিক যোগাযোগমাধ্যম গণতন্ত্রের কিছু কিছু গুণকে নিয়ন্ত্রিত মাত্রায় ধারণ করতে সক্ষম হয়েছে। কিন্তু কেউ কেউ আবার এই 'কিছু কিছু নিয়ন্ত্রিত গুণাবলি'কে গণতন্ত্রের প্রাণ হিসেবে ভাবার চেষ্টা করছেন। মতের প্রকাশ গণতান্ত্রিক হতে পারে, সেটি হতে পারে ভুলেরও নিদর্শন।

আমাদের মনে রাখতে হবে, সামাজিক যোগাযোগমাধ্যম একটা ব্যবসায়িক প্রতিষ্ঠান। গণতন্ত্র কিন্তু সে রকম কিছু নয়। আপনার স্বাভাবিক গণতান্ত্রিক মতামতের জন্য আপনার নগদ প্রাপ্তির আশা নেই বললেই চলে। আপনি বলতে পারেন যে ৫০০-১০০০ নোটের বিনিময়ে আপনি ভোট দিয়েছেন। কিন্তু সেটা যে ভোট কিংবা ভোটের গণতান্ত্রিক প্রয়োগ নয়, তা বোঝার জন্য আপনাকে কোনো সংবাদপত্রে কলাম লিখতে হবে না।

সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠানের ব্যবসা এবং উপার্জন এখন এতটাই বেড়েছে যে শীর্ষ ধনীর তালিকায় সেগুলোর মালিকদের নাম হরহামেশাই উঠে আসছে। বর্তমানে ফেসবুকের দখলে আছে যুক্তরাষ্ট্রের ২০ শতাংশের ডিজিটাল বিজ্ঞাপনের বাজার এবং গোটা পৃথিবীতে ফেসবুকের দখলে আছে ৮ শতাংশের ডিজিটাল বিজ্ঞাপনের বাজার। মজার ব্যাপার হচ্ছে, এই বাজার এবং এই দখলবাজি গত চার বছর মোটামুটি একই রকম অবস্থায় আছে।

সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠানের ব্যবসা এবং উপার্জন এখন এতটাই বেড়েছে যে শীর্ষ ধনীর তালিকায় সেগুলোর মালিকদের নাম হরহামেশাই উঠে আসছে। বর্তমানে ফেসবুকের দখলে আছে যুক্তরাষ্ট্রের ২০ শতাংশের ডিজিটাল বিজ্ঞাপনের বাজার এবং গোটা পৃথিবীতে ফেসবুকের দখলে আছে ৮ শতাংশের ডিজিটাল বিজ্ঞাপনের বাজার। মজার ব্যাপার হচ্ছে, এই বাজার এবং এই দখলবাজি গত চার বছর মোটামুটি একই রকম অবস্থায় আছে।

রাষ্ট্রের শাসনব্যবস্থার কথা বিবেচনা করলে বলা যায় সংসদীয় গণতন্ত্র এখন পর্যন্ত সবচেয়ে সফল এবং জনপ্রিয় ব্যবস্থা। আপনি বলতে পারেন, সামাজিক যোগাযোগমাধ্যমও তো জনপ্রিয়। হ্যাঁ, অবশ্যই। তবে এই জনপ্রিয়তার মূল কারণ সামাজিক যোগাযোগমাধ্যমগুলো ব্যবহার করতে আপনাকে কোনো পয়সা গুনতে হয় না। উপরন্তু আপনি এই প্ল্যাটফর্ম থেকে অর্থ উপার্জনও করতে পারেন। এই যে বিনা মূল্য, এটাই সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠানগুলোর অন্যতম মূলনীতি।

জনপ্রিয়তার আরও একটি মূল কারণ হিসেবে আপনি হয়তো বলবেন, সামাজিক যোগাযোগমাধ্যমে কোনো রকম ঝামেলা ছাড়াই হাজারো মানুষের সঙ্গে সহজে অবাধ যোগাযোগ প্রতিষ্ঠা করা যায়। কিন্তু ব্যক্তিগত যোগাযোগের বাইরে সামাজিক যোগাযোগমাধ্যমে মানুষ একে অন্যের সঙ্গে খুব একটা যোগাযোগ করে বা কথা বলে কি? সাধারণত মানুষ যখন সামাজিক



যোগাযোগমাধ্যমে কোনো পোস্ট দেয় বা মন্তব্য করে তখন তার প্রাথমিক উদ্দেশ্য থাকে সেই মন্তব্যটি সবাই পড়ুক এবং দ্রুত কোনো প্রতিক্রিয়া দেখাক। এই 'সবাই পড়ুক' এবং 'সবাইকে পড়াতে চাই' ধারণা দিয়ে কি কোনো গঠনমূলক আলোচনা দাঁড় করানো সম্ভব? সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠানগুলোর নীতিও বৈষম্যমূলক, গণতন্ত্রের মতো সর্বজনীন নয়। সহজ করে বললে, গণমানুষের জন্য যে গণতান্ত্রিক ধারণা তা সিরিয়ার রাকাহ থেকে বাংলাদেশের ঢাকা পর্যন্ত একই রকম। কিন্তু সামাজিক যোগাযোগমাধ্যমগুলো 'যস্মিন দেশে যদাচার' নিয়ম মেনে চলে। যেহেতু তুরস্কে ব্লাসফেমি আইন আছে তাই ফেসবুক সেখানে শার্লি হেব্দোর কোনো ধর্মীয় কার্টুন প্রকাশ করতে দেয় না। কিন্তু ফ্রান্সের ক্ষেত্রে তাদের এ নিয়ম পুরোপুরি উল্টো।

গঠনগত দিক থেকে সামাজিক যোগাযোগমাধ্যম হলো 'কমিউনিকেটিভ ক্যাপিটালিজমের' একটি পণ্য। প্রতিষ্ঠানগুলোর লক্ষ্য এবং উদ্দেশ্য হচ্ছে সাধারণ মানুষের জীবনযাপন, চিন্তা-চেতনাকে কনটেন্টে রূপান্তরিত করে সেই কনটেন্ট থেকে অর্থ উপার্জন অথবা আরও পুঁজি সংগঠিত করা। ফেসবুকের অ্যালগরিদমকে ভয়ংকর হিসেবে আখ্যায়িত করা হয়েছে। কারণ, এ অ্যালগরিদম ব্যবহার করে মানুষকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করা হচ্ছে। সংবাদপত্র, রেডিও, টিভি–এসব গণমাধ্যমকে আমরা গণতন্ত্রের জন্য হুমকি মনে করিনি। কারণ, তাদের যেই রাজনৈতিক অবস্থানই থাকুক না কেন, ঢালাওভাবে কারও সাফাই গাওয়ার সুযোগ তাদের তেমন একটা নেই। কারণ, সংবাদের জন্য পৃথিবীর অর্ধেক মানুষ এককভাবে রাত-দিন একটা পত্রিকা কিংবা টিভি চ্যানেলের ওপর নির্ভর করে না। কিন্তু বর্তমানে সামাজিক যোগাযোগমাধ্যম বিশেষ করে, ফেসবুক পৃথিবীর অর্ধেক মানুষের তথ্যের প্রাথমিক জোগানদাতা হিসেবে আত্মপ্রকাশ করেছে।

আপনি যদি নিজেকে প্রশ্ন করেন এই বলে যে সামাজিক যোগাযোগমাধ্যম আপনি কেন ব্যবহার করেন বা আপনি সামাজিক যোগাযোগমাধ্যমে কী করেন? তার সহজ উত্তর হলো আপনি মূলত 'তথ্য বা কনটেন্ট' কনজিউম বা ক্রিয়েট করার জন্যই সামাজিক যোগাযোগমাধ্যমে শরণাপন্ন হন। মোটামুটিভাবে বলা যায় কিছু ব্যতিক্রম বাদে আপনি আর দশজন মানুষের মতোই সামাজিক যোগাযোগমাধ্যমের চব্বিশ ঘণ্টার অবৈতনিক শ্রমিক। গণতান্ত্রিক ব্যবস্থায় তো নির্ধারিত কর্মঘণ্টা এবং ন্যূনতম আয়ের ধারণা আছে। সামাজিক যোগাযোগমাধ্যমের ধারণাতে এ রকম কোনো কিছুরই কোনো অস্তিত্ব নেই। সামাজিক যোগাযোগমাধ্যম মানুষকে রাজনৈতিক প্রতিষ্ঠানসহ যেকোনো ক্ষমতাকে প্রশ্ন করার জন্য আকর্ষণীয় প্ল্যাটফর্ম দিয়েছে। কিন্তু প্রশ্নকারীদের সামাজিক ও ব্যক্তিগতভাবে নিরাপত্তার ঝুঁকিতে ফেলে দিয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমের কারণে তৈরি হওয়া নিরাপত্তা ঝুঁকি খুবই সংগোপনে এবং নিঃশব্দে সংঘটিত হচ্ছে। আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হওয়ার আগে বা ব্যক্তিগতভাবে আক্রমণের শিকার হওয়ার আগে ব্যক্তি বিশেষের ক্ষেত্রে তা অনুধাবন করাই কঠিন হয়ে পড়ছে।

আগের যুক্তিতে ফেরত যাই। সংবাদপত্র, রেডিও, টিভি–এসব গণমাধ্যমকে আমরা গণতন্ত্রের জন্য হুমকি মনে করিনি। কারণ, তাদের যেই রাজনৈতিক অবস্থানই থাকুক না কেন, ঢালাওভাবে কারও সাফাই গাওয়ার সুযোগ তাদের তেমন একটা নেই। কারণ, সংবাদের জন্য পৃথিবীর অর্ধেক মানুষ এককভাবে রাত-দিন একটা পত্রিকা কিংবা টিভি চ্যানেলের ওপর নির্ভর করে না। কিন্তু বর্তমানে সামাজিক যোগাযোগমাধ্যম বিশেষ করে, ফেসবুক পৃথিবীর অর্ধেক মানুষের তথ্যের প্রাথমিক জোগানদাতা হিসেবে আত্মপ্রকাশ করেছে।

পৃথিবীতে ফেসবুক হচ্ছে পৃথিবীর সর্ববৃহৎ সংবাদ সরবরাহকারী প্রতিষ্ঠান, যাদের না আছে কোনো সত্যিকারের নিউজ রুম, না আছে দায়িত্বশীল সম্পাদক। প্রফেসর রবার্ট ই গুডিন তাঁর 'ডেমোক্রেটিক ডেলিবারেশন উইদইন' নিবন্ধে সামাজিক যোগাযোগমাধ্যমকে আখ্যায়িত করেছেন 'ব্লিংকারড ডেলিবারেশন' বা 'সংকীর্ণ মতামত' প্রকাশের জায়গা হিসেবে। তিনি আরও জানান, সামাজিক যোগাযোগমাধ্যম কোনোভাবেই গণমানুষের চিন্তাকে প্রতিফলিত করে না, বরং তা জনগণের মধ্যে একটি নির্দিষ্ট চিন্তাকে উপস্থাপন করে। ডগলাস কেলনার মনে করেন, শুধু এই সীমাবদ্ধতার কারণেই ইন্টারনেট দুনিয়া সাধারণ মানুষের দুনিয়া হতে পারেনি।

একটা সময় ছিল যখন বই বা সংবাদমাধ্যম ছিল আমাদের রেফারেন্সের আশ্রয়স্থল। মানুষের জন্য প্রয়োজনীয় তথ্যের সঙ্গে বস্তুনিষ্ঠতার সম্পর্ক ছিল। তথ্যকে বস্তুনিষ্ঠতার বৈতরণি পার হতেই হতো এবং সেই তথ্যকে জ্ঞানে পরিণত হওয়ার আগে কিছু নির্দিষ্ট পথও পারি দিতে হতো। এই আচরণ ছিল আমাদের তথ্য ব্যবহারেরই সংস্কৃতির অংশ। সামাজিক যোগাযোগমাধ্যমের এই সভ্যতায় সেই সংস্কৃতির আদতে কিন্তু কোনো পরিবর্তন ঘটেনি। কিন্তু এখন আমাদের জ্ঞানের প্রাথমিক উৎস হিসেবে আবির্ভূত হয়েছে ফেসবুক, টুইটারের মতো প্রতিষ্ঠান। আমরা আমাদের স্বাভাবিক বিচার, বিবেচনাবোধ এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা হারিয়ে ফেলেছি। এমনকি রোগের চিকিৎসার মতো গুরুতর বিষয়ও বাদ যাচ্ছে না।

প্রশ্ন ছিল গণতন্ত্র কি আক্রান্ত হচ্ছে? উত্তরে আরও বিতর্ক কিংবা আলোচনার সুযোগ আছে। কিন্তু উদাহরণ দেওয়াই সবচেয়ে যুক্তিযুক্ত এখানে। প্রশ্ন করুন 'ব্রেক্সিট' ভোটাভুটির আগে সামাজিক যোগাযোগমাধ্যমে 'রাশিয়ান প্রপাগান্ডা'র ভূমিকা নিয়ে। আরও বড় প্রশ্নকে উদাহরণ হিসেবে আনতে চাইলে ডোনাল্ড ট্রাম্পের বিজয়ে সামাজিক যোগাযোগমাধ্যমের ভূমিকা নিয়েও আলোচনা করা যেতে পারে।

লেখার তথ্য এবং চিন্তা সূত্র: ভিনসেন্ট মস্কো, প্রফেসর রবার্ট ই গুডিন-এর 'ডেমোক্রেটিক ডেলিবারেশন উইদইন', হেইলি হাঙ এবং ডানিয়েল গেও-আভেল'র নিবন্ধ।

রিনভী তুষার যুক্তরাজ্যে কর্মরত অভিবাসন উন্নয়নকর্মী।

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের নির্বাচনে সভাপতি আবু তাহের সম্পাদক মনোয়ার

(প্রথম পাতার পর)

মনোয়ারুল ইসলাম বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। খবর ইউএনএ'র।

সংশ্লিস্ট সূত্রে জানা গেছে, জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে শনিবার (১১ ডিসেম্বর) দুপুরে সাধারণ সভা শেষে অনুষ্ঠিত নির্বাচনে ক্লাবের কার্যকরী পরিষদের সভাপতি পদে আবু তাহের ক্লাবের সাবেক সভাপতি এবং সাপ্তাহিক দেশবাংলা/বাংলা টাইমস সম্পাদক ডা. সারোয়ারুল হাসান চৌধুরীকে পরাজিত করেন। ক্লাবের সহ সভাপতি পদে শেখ সিরাজুল ইসলাম (বাংলা পত্রিকা), যুগ্ম সাধারণ সম্পাদক পদে মমিন মজুমদার (সাপ্তাহিক বাংলাদেশ), অর্থ সম্পাদক পদে রশীদ আহমদ (ইয়র্ক বাংলা), সাংগঠনিক সম্পাদক পদে এসএম সোলায়মান (ইন্ডিপেন্ডেন্ট টিভি) এবং দপ্তর সম্পাদক পদে মহাথির খান ফারুকী (একুশে টিভি/ফ্রিল্যান্স) বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

অপরদিকে ক্লাবের কার্যকরী পরিষদের ৪টি পদে ৫জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করায় উপস্থিত সদস্যদের গোপন ভোটে ফরিদ আলম (সাপ্তাহিক মুক্তচিন্তা), এবিএম সালাহউদ্দিন আহমেদ (দৈনিক ইনকিলাব), রওশন হক (প্রথম আলো, নিউইয়র্ক) এবং এস এম জাহিদুর রহমান (নিউজবিডিই-উএস) নির্বাচিত হন। এই পদে পরাজিত হন এমদাদ চৌধুরী দিপু (বাংলা পত্রিকা)।

প্রেসক্লাবের অন্যতম উপদেষ্টা ও প্রধান নির্বাচন কমিশনার মনজুর আহমদ-এর নেতৃত্বে তিন সদস্যের নির্বাচন কমিশন এই নির্বাচন পরিচালনা করেন কমিশনের সদস্যদ্বয় হলেন আনোয়ার হুসেইন মঞ্জু (সাপ্তাহিক বাংলাদেশ) ও হাবিব রহমান (বাংলা পত্রিকা)। উল্লেখ্য, নির্বাচনে ৪২জন ভোটার তাদেও ভোটাধিকার প্রয়োগ করেন।

নির্বাচনের আগে অনুষ্ঠিত সাধারণ সভায় সভাপতিত্ব করেন ক্লাবের বিদায়ী সভাপতি ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ক্লাব সদস্য জামিল আনসারী। এরপর বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করার পর বিশেষ দোয়া পরিচালনা করেন ক্লাবের বিদায়ী দপ্তর সম্পাদক রশীদ আহমদ। এরপর সভাপতি ডা. ওয়াজেদ এ খান স্বাগত বক্তব্য রাখার পর সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম ও বিদায়ী অর্থ সম্পাদক মমিন মজুমদার যথাক্রমে সাধারণ সম্পাদকের রিপোর্ট এবং আয়-ব্যয়ের রিপোর্ট পেশ করেন।

সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদকের রিপোর্টের উপর আলোচনায় অংশ নেন মাহফুজুর রহমান, মাহমুদ খান তাসের, জয়নাল আবেদীন, ইব্রাহীম চৌধুরী খোকন, ইমরান আনসারী, ফরিদ আলম, মেরী জোবায়দা, এইচ বি রিতা, রওশন হক প্রমুখ।

নির্বাচনী ফলাফল ঘোষা শেষে প্রেসক্লাবের সভাপতি ডা. ওয়াজেদ এ খান ও সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম সবার প্রতি কৃতজ্ঞত জানান। এসময় বিজয়ী সভাপতি আবু তাহের ও বিজিত প্রার্থী ডা. চৌধুরী সারোয়ারুল হাসান সহ প্রধান নির্বাচন কমিশনার মনজুর আহমদ, কমিশনের সদস্য আনোয়ার হুসেইন মঞ্জু ও কমিশনার হাবিব রহমান শুভেচ্ছা বক্তব্য রাখেন।

মনজুর আহমদ তার বক্তব্যে সুন্দর ও সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন হওয়ায় সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। আনোয়ার হুসেইন মঞ্জু বলেন নির্বাচন খুব প্রতিদ্বন্দ্বিপূর্ণ হয়েছে। ভোটাররা হিসেব-নিকেশ করে ভোট দিয়েছেন। নব নির্বাচি সভাপতি আবু তাহের তাকে নির্বাচিত করায় সবার প্রতি কৃতজ্ঞতা জানান এবং বিদায়ী সভাপতি ডা. ওয়াজেদ এ খান যেভাবে ক্লাব সচল রেখেছেন তা এগিয়ে নেয়ার প্রতিশ্রুত দেন। আর এজন্য তিনি সবার সার্বিক সহযোহিতা কামনা করেন।

ডা. ওয়াজেদ এ খান সুন্দরভারে সাধারণ সভা ও নির্বাচন সম্পন্ন হওয়ায় সংশ্লিস্ট সবার প্রতি কৃতজ্ঞতা জানান এবং নতুন কমিটিকে অভিনন্দন জানিয়ে এই কমিটির সকল কাজে সহযোগিতার আশ্বাস দেন।

মনোয়ারুল ইসলাম ক্লাব পরিচালনায় বিগত দিনের মতো আগামীতেও সবার সহযোগিতা কামনা করেন।

যেখানেই লঙ্ঘন সেখানেই পদক্ষেপ:

(প্রথম পাতার পর)

মানবাধিকার সংযোজন করার প্রচেষ্টার অংশ হিসেবে দেশটির পররাষ্ট্র দপ্তর শুক্রবার উগান্ডা, চীন, বেলারুশ, বাংলাদেশ, শ্রীলঙ্কা এবং মেক্সিকোর ১২ জন সরকারি কর্মকর্তাকে "মানবাধিকারের চরম লঙ্ঘনেরচ জন্য দায়ী করেছে। পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন এমনটাই জানিয়েছেন।

পররাষ্ট্রমন্ত্রী ব্লিনকেন বলেছেন, "আমরা আমাদের বৈদেশিক নীতির কেন্দ্রবিন্দুতে মানবাধিকারকে রাখতে বদ্ধপরিকর। যেখানেই মানবাধিকারের লঙ্ঘন ও অপব্যবহার ঘটুক না কেন, সেগুলোর প্রতি দৃষ্টি আকর্ষণ ও জবাবদিহিতা প্রচার করার জন্য উপযুক্ত সরঞ্জাম ব্যবহার এবং পদক্ষেপ নিয়ে আমরা ওই প্রতিশ্রুতিকে পুনঃনিশ্চিত করি।চ

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বিবৃতি অনুসারে, এক গুচ্ছ নিষেধাজ্ঞা (চীনের) শিনজিয়াং-এ ব্যবহৃত নজরদারি প্রযুক্তিতে বিনিয়োগ করা একটি কোম্পানিকে লক্ষ্য করে এবং অন্যটি র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (বাংলাদেশী টাস্ক ফোর্স যেটি আইনের শাসন এবং মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার প্রতি সম্মানকে ক্ষুন্ন করে) কে লক্ষ্য করে দেয়া হয়েছে। স্টেট ডিপার্টমেন্ট কর্তৃক মনোনীত একজন বাংলাদেশি কর্মকর্তা এবং দুজন চীনা কর্মকর্তা ট্রেজারি বিভাগের নিষেধাজ্ঞার তালিকায় রয়েছেন।

যুক্তরাষ্ট্রে ঘূর্ণিঝড়ে, নিহত ৮০

(প্রথম পাতার পর)

হয়েছে। শুক্রবার রাতে এই ঘূর্ণিঝড় আঘাত হানে বলে কেনটাকি অঙ্গরাজ্যের গভর্নর অ্যানডি বেশেয়ার জানিয়েছেন। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি, মার্কিন সংবাদমাধ্যম সিএনএনসহ একাধিক আন্তর্জাতিক সংবাদ মাধ্যম এ খবর নিশ্চিত করেছে। প্রেসিডেন্ট জো বাইডেন কেনটাকির জন্য জরুরি দুর্যোগ ঘোষণা অনুমোদন করেছেন এবং ক্ষতিগ্রস্ত রাজ্যগুলোকে সহায়তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।

জো বাইডেন আরো বলেছেন, এটা একটা ট্র্যাজেডি। আমরা এখনও জানি না যে, ঠিক কতজন প্রাণ হারিয়েছে এবং ক্ষয়ক্ষতির সম্পূর্ণ পরিমাণ কত।

কেনটাকির গভর্নরের শঙ্কা, তার রাজ্যে মৃতের সংখ্যা ১০০ ছাড়িয়ে যেতে পারে। ঘূর্ণিঝড়ে এর আগে ওই অঙ্গরাজ্যে এত মানুষ মারা যায়নি বলেও জানান গভর্নর অ্যান্ডি বেশেয়ার।

কেনটাকিতে জরুরি অবস্থা ঘোষণা করেছেন গভর্নর বেশেয়ার। তিনি বলেছেন, এই ঘূর্ণিঝড় অঙ্গরাজ্যে এ যাবৎকালের সবচেয়ে বেশি প্রাণঘাতী। মেফিল্ড শহরের চারিদিকে ৩৬৫ কিলোমিটার এলাকা জুড়ে সব ল-ভ-হয়ে গেছে। এক কথায় এটা অবর্ণণীয়, এ রকম খারাপ পরিস্থিতি আমি জীবনে কখনো দেখিনি। শিল্প প্রতিষ্ঠান ভবন, ছাদ ও গাছের কিছু অংশ ভাগ্যক্রমে দাঁড়িয়ে আছে, বেশির ভাগই গুড়িয়ে গেছে।

তিনি আরো জানান, ধাতব খুঁটিগুলো পুরোপুরি ভেঙে না গেলেও অর্ধেক বেঁকে গেছে এবং সেখানে ভবন ছিল বলে মনে হচ্ছে না। যে ট্রাকগুলো পার্ক করে রাখা হয়েছে, সেগুলো বাতাসের গতিতে দূরে গিয়ে আছড়ে পড়েছে। একইভাবে অনেকের বাড়িঘরও ল-ভ- হয়েছে।

চিত্রে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সভা ও নির্বাচন-২০২১





















এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return



Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

American Airlines

ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From

New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel

MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

এখন জ্যামাইকাতে

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY


929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com

orderkhalilsfood /

খলিল"স ক্যাটারিং

সামার শেষের বাকি দিন গুলি হয়ে উঠুক জমজমাট
খলিল'স ফুড এর নান্দনিক ক্যাটারিং সার্ভিস দিয়ে

- ২০-২০০০ মানুষের খাবার অর্ডার নিয়ে থাকি
- সর্বাধুনিক মাসেরডিস ডেলিভারি ভ্যান
- খাবার গরম থাকে
- ১০০ ভাগ হালাল উপায়ে প্রস্তুত
- স্বাদ মাশাল্লাহ!



Khalil's Food

For order or online:
www.khalilsfood.com

Place Order:
646-763-5073
347-621-2884

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

(100% Scholarship for Training & Job Placement, Condition applied)

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM	6:00 PM To 11:00 PM
Selenium Starting from	Selenium Starting from
October 19, 2019	October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM	6:00 PM To 11:00 PM
Selenium Starting from	Selenium Starting from
November 16, 2019	November 26, 2019

www.piit.us

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



HHA/ PCA Service

CDPAP Service

Skilled **Nursing**

Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396



ওমিক্রনের বড় ঢেউ আঘাত হানবে বৃটেনে, বিজ্ঞানীদের হুঁশিয়ারি

বাংলা পত্রিকা ডেস্ক: কোনো ধরনের কড়াকড়ি আরোপ করা না হলে ওমিক্রনের কারণে সামনের জানুয়ারিতে বড় ধরনের কোভিড সংক্রমণের মুখো-মুখি হবে বৃটেন। এমন হুঁশিয়ারি বার্তাই দিয়েছেন দেশটির বিজ্ঞানীরা। তারা বলছেন, এপ্রিল নাগাদ ওমিক্রন ভ্যারিয়েন্টে বৃটেনে ২৫ হাজার থেকে ৭৫ হাজার মানুষের মৃত্যু হতে পারে। তবে এটি নির্ভর করছে ভ্যারিয়েন্টটিতে মৃত্যুর হার কেমন এবং এর বিরুদ্ধে ভ্যাকসিন কেমন কাজ করছে তার উপরে। এ খবর দিয়েছে বিবিসি।

বিজ্ঞানীরা আরও বলছেন, কঠিনতম পরিস্থিতিতে এই ভ্যারিয়েন্টের কারণে বৃটিশ হাসপাতালগুলো ভরে উঠতে পারে। এ জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলেন তারা। এই গবেষণাটি করেছে লন্ডন স্কুল অফ হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন।

এর গবেষকরা বলছেন, বুস্টার ডোজ গ্রহণের মাত্রা বাড়লে ওমিক্রন সংক্রমণ ও মৃত্যুর হারেও পরিবর্তন আসবে। গবেষক দলের সদস্য ড. নিক ড্যাভিস বলেন, ওমিক্রন অত্যন্ত দ্রুত ছড়িয়ে পড়ছে এবং এটি বেশ উদ্বেগজনক। তাই এ বছরের শেষ নাগাদ এটি বৃটেনের সবথেকে প্রভাবশালী ভ্যারিয়েন্টে পরিণত হবে বলে আশঙ্কা করা হচ্ছে।

গবেষণায় আরও জানানো হয়েছে, ইংল্যান্ডে প্রতি ২.৪ দিনে সংক্রমণের মাত্রা দুইগুন হচ্ছে। যদিও ভ্যাকসিন কার্যক্রমে বৃটেন বিশ্বের সবথেকে সফল রাষ্ট্রগুলোর একটি। বিজ্ঞানীরা হুঁশিয়ারি দিয়ে বলছেন, করোনার সাধারণ রূপ যখন প্রথম ছড়াচ্ছিল তখন কারও ভ্যাকসিন দেয়া ছিল না। সেসময়ের তুলনায়ও এখন বেশি দ্রুত ছড়াচ্ছে ওমিক্রন।



ফোর্বসের ক্ষমতাধর নারীর তালিকায় ৪৩তম শেখ হাসিনা

ঢাকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রভাবশালী ফোর্বস সাময়িকীর ২০২১ সালে বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর নারীর তালিকায় ৪৩তম স্থানে আছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে ২০২০ সালের তালিকায় ৩৯ নম্বরে ছিলেন তিনি। বিশ্বজুড়ে রাজনীতি, মানবসেবা, ব্যবসা-বাণিজ্য এবং গণমাধ্যম খাতে নেতৃস্থানীয় ভূমিকা পালন করে আসা প্রভাবশালী নারীদের মাঝ থেকে ১০০ জনকে বেছে নিয়ে বুধবার এই তালিকা প্রকাশ করেছে ফোর্বস।



তালিকায় সবার শীর্ষে রয়েছেন ম্যাকেঞ্জি স্কট। তিনি অ্যামাজনের প্রতিষ্ঠাতা জেফ বেজোসের সাবেক স্ত্রী। দ্বিতীয় অবস্থানে আছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। ইউরোপিয়ান সেন্ট্রাল ব্যাংকের প্রধান ক্রিস্টিন লাগার্দে তৃতীয় অবস্থানে আছেন।

শেখ হাসিনা সম্পর্কে ফোর্বস লিখেছে, বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘসময় ধরে প্রধানমন্ত্রীর দায়িত্বে থাকা শেখ হাসিনা ওয়াজেদ চতুর্থ মেয়াদে দায়িত্ব পালন করছেন। চতুর্থ মেয়াদে জয়ী হয়েছেন তিনি, যা তার মেয়াদেই টানা তৃতীয়বার। ২০১৮ সালের ৩০ ডিসেম্বরের নির্বাচনে সংসদের ৩০০ আসনের মধ্যে ২৮৮টিতে জিতে তার দল বাংলাদেশ আওয়ামী লীগ।

ফোর্বস বলছে, এবারের মেয়াদই নিজের জন্য শেষ হিসাবে মনে করেন শেখ হাসিনা। এই মেয়াদে জনগণের খাদ্যনিরাপত্তা এবং শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রাপ্তিতে গুরুত্ব দেওয়ার পরিকল্পনা করেছেন তিনি।


মার্কিন এই সাময়িকী লিখেছে, 'শেখ হাসিনার চলমান লড়াই বাংলাদেশে শক্তিশালী গণতন্ত্র প্রতিষ্ঠা করছে। বাংলাদেশী নির্বাচনে ভোটারদের দমনের অভিযোগ অস্বীকার করেছেন শেখ হাসিনা ও তার দল বাংলাদেশ আওয়ামী লীগ।'

২০০৪ সাল থেকে প্রত্যেক বছর বিশ্বের ক্ষমতাধর নারীদের তালিকা প্রকাশ করে আসছে ফোর্বস। এবারের ১৮তম সংস্করণে আমেরিকান এই সাময়িকী বিশ্বের ৪০ প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), ১৯ বিশ্বনেতা, একজন ইমিউনোলজিস্ট রয়েছেন। এক দশকের বেশি সময় পর এবারই প্রথম নতুন প্রভাবশালী নারী বেছে নিয়েছে ফোর্বস।

জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মরকেল টানা দশমবারের মতো গত বছরও এই তালিকার শীর্ষস্থানে ছিলেন। তবে এবার প্রথমবারের মতো শীর্ষস্থান খুইয়েছেন সমাজসেবী ও লেখক ম্যাকেঞ্জি স্কটের কাছে। জেফ বেজোসের সঙ্গে ২৫ বছরের দাম্পত্য জীবনের অবসানের পর ২০১৯ সালে আমাজনের ২৫ শতাংশ শেয়ারের মালিক হন ম্যাকেঞ্জি।

বিশ্বের তৃতীয় ধনী নারী তিনি। গত মে মাসে স্বামী বিল গেটসের সঙ্গে বিচ্ছেদের পর বিশ্বের দ্বিতীয় শীর্ষ ধনী নারীতে পরিণত হওয়া মেলিন্ডা ফ্রেঞ্চ গেটস ফোর্বসের ক্ষমতাধর নারীর তালিকায় ৫ম স্থানে আছেন। ফোর্বসের এই তালিকায় ভারতের অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আছেন ৩৭তম স্থানে।





বিষয় দিবস সংখ্যা



সাহিত্য সাময়িকী

স্বপ্নটাকে ছড়িয়ে দিয়ে
মতিন বৈরাগী

আকাশের রজ্জু বেয়ে যে আলোর গুচ্ছমালা
স্বপ্নে আসে নেমে
আর মেঘমালার শান্ত কোমল শরীর স্পর্শে তারা স্বপ্ন থেকে
অবয়ব পেয়ে যায় এক অলৌকিক, আর তারা দেখে
সেই গ্রাম সেই মেঠো পথ সেই ধানক্ষেত আজাহারের বাড়ি
যে মরে গেছে স্বাধীনতা যুদ্ধে তাদের মতো
আর সে তার শেষ দমে বলেছিল 'জয় বাংলা'

উত্তরের হাওয়ায় কুঁকড়ে আছে বদল উল্টোমুখী ।
তারা স্বপ্নের মতো পায়চারী করে আর বলে দেখো
প্রতিশ্রুতিগুলো কেমন করে স্মৃতি হয়ে গেলো
কেমন করে বদলে গেছে মানুষ আর ভুলে গেছে তার গৌরব
তার সংগ্রাম তর প্রতিবাদ
কুণ্ঠিত এক জীবন হাড়গোড়ে পুঁতে দিয়ে
কেমন এক চেতনাহীন ক্রিতদাস ।

স্বপ্ন থেকে ফিরতে ফিরতে তারা পাখি হয়ে গেলে
গাছগুলো উল্লসিত জ্যোৎস্নারা হাসে
আর জীবনহীনের এক বিজয়পতাকা নিজ শরীর
থেকে উড়াল ছড়িয়ে
মৃদুমন্দ বাতাসে ঘূর্ণায়মান প্রজাপতির
ডানার মতো ওড়ে এবং
বছরে বছরে জমে থাকা ক্লান্তি ঝাড়তে ঝাড়তে
ভুলতে চায় বেদনার আর্শি ।

আর তারা সেই রজ্জু হয়ে যায় অস্পষ্ট আলোর ডানা
তারা চলে যায়
স্বপ্নটাকে ছড়িয়ে দিয়ে ঘুমঘোর আঙিনায় ।

কিংবা কবিরাজ
দুখু বাঙাল

কাজের চেয়ে সাজ ঢের বৈদ্য, আদিচিকিৎসক
রাজদরবারের খানিকটা চাটুকারও বটে
তাই বলে নামের আদিতে আজও ঝুলে থাকবে
কবিররত্ন কবিশ্রেষ্ঠ কিংবা কবিরাজ!

কবিকে আত্মহত্যার দিকে ঠিলে দেওয়া যায় না মোটেই
আহা! রক্ষিতা-উপপত্নী পেল না এমন কোনো নাম
ওরা শুধু কালে কালে ভক্ষিত তৃণের সমান
হারামজাদা জমিদার রয়ে গেল শুধুই কঞ্জুস ।

গান্ধিজির হরিজনে কদাচিৎ ফুটলেও ফুল
পুষ্পিত উপপত্নী পেল না তেমন কোনো নাম
কোনোকালে কোনো ভাগে এই পৃথিবীর ।

যাকগে, অভিধান সংশোধন অতীব জরুরি
আয়ুর্বেদ আর কবিতা দুজনার দুই ঘর পৃথক দেহারী ।



সমবেত আলো
ফারুক মাহমুদ

ওদের মুখোশ পুরু, ধূর্তগন্ধে চতুর শৃগাল
নখের ধারালো দন্ড প্রয়োগেও ক্রূর কূটচারী
ঝোপের পরিধি বুঝে তৈরি করে বিনাশের ছক

যদি হয় চারাগাছ- শীর্ণকায়, দ্রুত পিষ্ট করে
মধ্য-উচ্চতার যদি, হেসে হেসে ঢেলে দেয় বিষ
যে-বৃক্ষ সবুজাভায় পৌঁছে গেছে অতি উচ্চতায়
তাদের অমোঘ দন্ড ঝাড়েবংশে চিহ্ন উৎপাটন...

পরাজয়ে কী-যে গ্লানি! ব্যর্থতার দগ্ধ হাহাকার
বিস্মৃত হয়নি ওরা । সুযোগোর অপেক্ষায় থাকে
আদ্যোপান্ত টুকে রাখে রক্তচিহ্ন গোপন খাতায়

গৌরব পরাস্ত হলে শুরু হয় স্থূল আস্ফালন
যুদ্ধলব্ধ চেতনার আলোস্তম্ভ নিবু নিবু হলে
ওদের গাত্রের দাহ কিছু যেন প্রশমিত হয়!

ওরা জানুক বা নাজানুক, আমাদের সমবেত আলো
জ্বলে থাকে, স্বপ্ন আঁক্তে যত হোক ঝড়ের প্রকোপ ।

বিজয় একটি শাদা প্রজাপতি
হাফিজ রশিদ খান

বিজয় একটি শাদা প্রজাপতি
যতবার ষোলো ডিসম্বর আসে
ওই প্রজাপতি
পৃথিবী ভ্রমণ শেষে বাংলাদেশে ফেরে
খানিকটা বিশ্রামের প্রয়োজনে

তখন তাহার মখমল পাখনায় বাজে শিশিরবিন্দুর কলতান
তখন সকল নদীর কিনার থেকে
ভাসতে-ভাসতে আসে মর্মছোঁয়া লোকগানের কোরাস
নগরগুলোর বুক থেকে কেবলি উছলে ওঠে শোভাযাত্রা ও উল্লাস
আর বিস্মৃতির বিরুদ্ধে স্মৃতির আন্দোলন

ওই শাদা প্রজাপতিটাকে সকলেই চেনে

ওতো আমাদের আকাঙ্খার মসনবি
অবিস্মরণীয় গীতাঞ্জলি
ওর শরীরের তিরতির কাঁপুনি অগ্নিবীণার কথা বলে

ওই সফেদ-সুন্দর পঁচাত্তরে আঘাতে-আঘাতে লাল হয়ে কীভাবে আবার
শুভ্রবর্ণ ধারণ করলো
সেই কিংবদন্তি আমাদের চেতনা ও হৃৎপি- জানে
বিশ্বজয়ী বাংলা ভাষা জানে
আমাদের শিল্পকলা ও সাহিত্য জানে
মেহনতি জনসাধারণ বুদ্ধিজীবী আর
রাজনীতিবিদেরা সে বয়ান মানেন

এভাবেই
বিজয় একটা শাদা প্রজাপতির আদলে
মানুষের ইতিহাসে এলো নতুন গৌরবে...



নতুন সূর্যআঁকা ভোর
বিমল গুহ

ভোরবেলা ঘুম-চোখে ভেসে উঠলো একাত্তর সাল
আমাদের স্বাধীনতাদিন নব শিহরণ;
সকাল-মধ্যাহ্ন-সাঁঝ রাতের অচেনা আঁধার পিছু ফেলে
সূর্যজ্বলা ভোরের প্রতীক্ষা আমাদের
দৃষ্টিকে ঝাপসা করে নেমে এলো বীভৎস রাত!
তবে কি হারাবে পথ আমার সময় দিগভ্রান্ত নাবিকের মতো?
দৃঢ়পায়ে দাঁড়াতে হয়েছে আমাদের, যেন
জীবন-মৃত্যুর মুখে বেসামাল সময়-যাপন!
সবকিছু তুচ্ছ করে বঙ্গবন্ধুর ডাকে জেগে ওঠে ভোর
সূর্যোদয়ের আগে আলোরেখা ছুঁয়ে দেখে দুরন্ত কিশোর
বীরদর্পে হাঁটে দূর-পথ
মুক্তিমন্ত্রে উজ্জীবিত বাংলার জনসাধারণ
একমাত্র মারণাস্ত্র বুকের সাহস!

প্রতিঘাতে আয়ু ভাঙে, সসাহসে মুক্তপথে এগোয় সময়
রক্তস্রোতে রঞ্জিত বাংলার নদনদী-খাল;
মুখে মুখে 'জয় বাংলা' আমাদের মুক্তিমন্ত্রবাণী
সহস্র প্রাণের দামে আলো-ঝলমল পুবের আকাশে
অকস্মাৎ বেজে ওঠে জয়ডঙ্কা
আলোর তরঙ্গে ভাসে নতুন সূর্যআঁকা ভোর ।

ভাঙচুর, জলের বুদবুদ
আলী সিদ্দিকী

কিছু কিছু ভাঙচুর খেলা হয়ে ওঠে
ক্ষরণের জবাকুসুম নোনাসমুদ্রের শ্বাস
মাতাল কুয়াসায় হারায় চেনা পথরেখা
শূন্যময় লগ্নতায়
বিভোর সময়
পাহারায়;
ভাঙনের হৃদপিন্ডে দানা বাধে সুর
কবিতাময় হয় সকল অনুচ্চারিত শব্দ
ভাঙন বিলাপে বনমর্মর চাপা পড়ে যায় ।

কোথাও কোনো এক অচেনা অন্তর্লোকের ক্রন্দন
জমাট বরফের নিচে নিরব এক রক্তস্রোত
মৃত্যুহিম বেদনায় মূঢ় হৃদপি-
অজেয় দুঃখের বিষক্রিয়ায় থাকে ম্রিয়মান
গহন কোন অন্ধকারের গ্রাস হবে একদিন ।

কিছু কিছু ভাঙচুর একেবারে নিয়ন্ত্রণহীন
সময় তার ক্রীড়নক-
জীবন শুধুই জলের বুদবুদ
এই আছে মোহময় নিমেষে বিলীন ।

দিনলিপি ঃ একাত্তর
আলম মাহবুব

একটি স্বপ্নের জন্যে ভোরের সংস্কৃতি
বধ্যভূমিতে মৃত্যুর উৎসব, গহনের কালবেলা
রাত্রির জীবন মেঘের জানালায় দুঃশাসন
আগুনের নিচে সেই দিনগুলি উজানের ঢেউ
হেঁটে আসে অবিনাশী বিজয়ের ভোর
ব্যাকুল ছায়ার বাঁশি বাজে দূরে
বেদনার জলছবি ওড়ে আকাঙ্খার তীব্র দাহে
৩২নম্বর ধানমন্ডিতে ফোটে আগুনের খই
হঠাৎ রাত্রি নেমে এলে একটি তর্জনী
অমিত সাহসে কাঁপায় বুকের পদ্মা মেঘনা যমুনা
নদীর মতোন পথগুলো স্বপ্নরঙা রংধনু আঁকে
শহিদের রক্তভেজা চিঠি তখন শস্যের মাঠ
হাওয়ায় ওড়ে লাল-সবুজের পতাকা
মুক্তিযুদ্ধের মৃত্যুজলে রৌদ্র ও ছায়ার গান
অতঃপর সব অন্ধকার নিভে গেলে
অগ্নিজলে কাঁদে নিঃসঙ্গ কুয়াশার মৃত ছায়া ।

ইভ্যালি কান্ড

মিথিলা-তাহসান-ফারিয়াকে যে কোনো সময় গ্রেফতার: পুলিশ

বিনোদন ডেস্ক: ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালির কর্মকান্ডে সহযোগিতার অভিযোগে কণ্ঠশিল্পী ও অভিনেতা তাহসান খান, অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা ও শবনম ফারিয়াসহ ৯ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। এ মামলার অভিযুক্ত আসামিদের বিরুদ্ধে অভিযোগের মিললে যেকোনো সময় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে জানিয়েছে পুলিশ। শুক্রবার (১০ ডিসেম্বর) সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) রমনা বিভাগের উপ-কমিশনার (ডিসি) সাজ্জাদুর রহমান।

সাজ্জাদুর রহমান বলেন, চটকদার বিজ্ঞাপন ও বেশি মুনাফার লোভ দেখিয়ে হাজারো গ্রাহককে এরইমধ্যে পথে বসিয়েছে ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালি। এমন অভিযোগে এক ব্যক্তি মামলা করেছেন। প্রতিষ্ঠানটির প্রতারণার শুরু থেকে সংযুক্ত করা হয়েছিল নামিদামি তারকাদের।

অনেকের অভিযোগ জনপ্রিয় এসব তারকাদের দেওয়া মিথ্যা প্রতিশ্রুতির ফাঁদে পা দিয়েই সর্বস্বান্ত হয়েছেন তারা। এবার তাদের বিরুদ্ধেও মামলা করেছেন সাদ স্যাম রহমান নামে এক ভুক্তভোগী। ইভ্যালি প্রতারণার মামলায় যেকোনো সময় গ্রেফতার করা হবে জনপ্রিয় তারকা তাহসান, অভিনেত্রী মিথিলা এবং শবনম ফারিয়াকে। তারা আমাদের নজরদারিতে রয়েছেন।

এর আগে, গত ৪ ডিসেম্বর রাজধানীর ধানমন্ডি থানায় সাদ স্যাম রহমান নামে ইভ্যালির এক গ্রাহক তাদের নামে মামলা করেন।

আমরা নির্দোষ : তাহসান

ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালির কর্মকান্ডে সহযোগিতার অভিযোগে কণ্ঠশিল্পী ও অভিনেতা তাহসান খান, অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা ও শবনম ফারিয়াসহ ৯ জনের বিরুদ্ধে বিরুদ্ধে মামলা দায়ের করেছেন সাদ শ্যাম রহমান নামের ইভ্যালির এক গ্রাহক। আসামিদের বিরুদ্ধে অভিযোগের প্রমাণ মিললে যেকোনো সময় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে জানিয়েছে ডিএমপি-র রমনা বিভাগের সহ-কমিশনার (ডিসি) সাজ্জাদুর রহমান।

সাদ শ্যাম রহমান তার অভিযোগে উল্লেখ করেছেন, ইভ্যালিতে ৩ লক্ষ ১৮ হাজার টাকার একটি মোটরসাইকেল অর্ডার দিয়েছিলেন তিনি। এখনও সেই মোটরসাইকেল কিংবা অর্থ কিছুই ফেরত পাননি তিনি। এই সংস্থার প্রচারমুখ হয়ে কাজ করেছেন তাহসান, মিথিলা, ফারিয়া। ওই গ্রাহকের দাবি, ইভ্যালির সঙ্গে হাত মিলিয়ে তারাও এই প্রতারণার সঙ্গে যুক্ত। তাই এই তারকারাও অপরাধী এবং শাস্তির যোগ্য।

এ বিষয়ে জনপ্রিয় গায়ক তাহসান হোয়াটসঅ্যাপের মাধ্যমে ভারতীয় গণমাধ্যম আনন্দবাজার কে বলেন, আমি তাদের সঙ্গে যুক্ত হয়েছিলাম ঠিকই কিন্তু তাদের সঙ্গে কাজ শুরু করার আগেই ফেসবুকের পেজে ইভ্যালি সম্পর্কে প্রচুর গ্রাহকের অভিযোগ পাই। ফলে আমি তাদের সঙ্গে চুক্তি বাতিল করি, এবং তাদের কোনো শ্যুটে অংশ নিইনি। আমাদের অকারণে হেনস্থা করা হচ্ছে। তার দাবি, তারকারা যেকোনো সংস্থার শুধুই প্রচারমুখ হিসেবে কাজ করেন। সংস্থা কোন পথে চলবে সেটা দেখা বা জানা তাদের কাজ নয়। সেটা সম্ভবও নয়।



এ ঘটনায় কোনো রকম চিন্তিত নন তাহসান। তিনি পূর্ণ আস্থা রেখেছেন দেশের আইন ও বিচার ব্যবস্থার উপরে। তাহসান বলেন, তদন্তেই প্রকাশিত হবে আসল সত্য। পাশাপাশি, মিথ্যা অভিযোগে জড়ানোর জন্য সংস্থার বিরুদ্ধে তিনি কোনও পদক্ষেপ নেবেন কি না, সে বিষয়ে কিছু বলেননি তিনি। তাহসান পুরোটাই ছেড়ে দিয়েছেন তার ব্যক্তিগত আইনজীবীর উপরে। আইনজীবী যা বলবেন, সেই পথেই হাঁটবেন তিনি।

আমার সুনাম নষ্ট হলো : মিথিলা

মামলার বিষয়ে জানতে চাইলে মিথিলা গণমাধ্যমে বলেন, আমি এখনো লিগ্যাল নোটিশ পাইনি। সুতরাং, এই বিষয়ে কিছুই জানি না। মিথিলা বলেন, ইভ্যালির কারণে আমি নিজেও ব্যক্তিগতভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি। এর কারণে আমার এত বড় সুনাম নষ্ট হলো। এর আগে মিথিলা জানিয়েছিলেন, গত ১৫ মে ইভ্যালিতে শুভেচ্ছাদূত হিসেবে যোগ দেওয়ার দিনই তাহসানের সঙ্গে ইভ্যালির একটি বিশেষ লাইভে অংশ নেন তিনি। এর দুই মাস পর মিথিলা ইভ্যালির সঙ্গে চুক্তি বাতিল করেন।

মিথিলা গণমাধ্যমকে বলেছিলেন, আমি জয়েন করার দুই মাসের মধ্যে দেখি নানা জটিলতা। আগে তো এত কিছু টের পাইনি। তবে আমি চাই না এই সময়ে ইভ্যালি রিলেটেড কোনো খবরে আসতে। আমার আরও অনেক কাজ আছে, সেগুলো নিয়েই এখন ব্যস্ত আমি।

মামলার বাদী সাদ স্যাম রহমান তার অভিযোগে উল্লেখ করেন, প্রতারণামূলকভাবে গ্রাহকদের টাকা আত্মসাৎ ও সহায়তা করা হয়েছে। আত্মসাৎকৃত টাকার পরিমাণ ৩ লাখ ১৮ হাজার টাকা, যা তিনি এখনো উদ্ধার করতে পারেননি।

হয়রানি করতে আমার বিরুদ্ধে মামলা করা হয়েছে: শবনম ফারিয়া

ইভ্যালির কর্মকান্ডে সহযোগিতার অভিযোগে অভিনেত্রী শবনম ফারিয়াসহ ৯ জনের বিরুদ্ধে রাজধানীর ধানমন্ডি থানায় মামলা করা হয়েছে। এ বিষয়ে শুক্রবার (১০ ডিসেম্বর) প্রতিষ্ঠানটির জনসংযোগ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা শবনম ফারিয়া বলেন, 'আমাকে হয়রানি করার জন্যই এ মামলা করা হয়েছে। কেন হয়রানি, কী জন্য হয়রানি, সেটা তো আমি জানি না। আর থানা পুলিশ বলেছে, তারা বিষয়টি তদন্ত করে দেখবে আমার সম্পৃক্ততা আছে কিনা। আমি শিউর, তারা আমার সম্পৃক্ততা পাবে না।'

তিনি আরও বলেন, 'আমাকে যে কয়েকটা কারণে অপরাধী দেখানো হয়েছে- সেগুলোর সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই। আর আমি এখনো ইভ্যালি থেকে এক টাকাও পাইনি। প্রমোশন করলে আমি সেটার জন্য অনেক টাকা নেই। তাদের কাছ থেকে বেতনের টাকা নিয়ে আমি প্রমোশন করবো না বলে চাকরি নেওয়ার আগেই জানিয়েছি।'

ফারিয়ার ভাষ্য, 'ইভ্যালি নিয়ে আমি ফেসবুকে কোনো রকম পোস্ট শেয়ার করিনি। কারণ, আমি জয়েন করতে করতেই ওদের ঝামেলা শুরু হয়ে যায়। আমি কোনো কাজই করতে পারিনি তাদের সঙ্গে। আমি যে মাসে ইভ্যালিতে জয়েন করি, সে মাসে ইভ্যালির যে পেমেন্টের পয়েন্ট ছিল তা ৭ দিন পরই বন্ধ হয়ে গেছে। সরকার বাংলাদেশে ব্যাংকের মাধ্যমে টাকা নেওয়া শুরু করেছে। গত ৪ ডিসেম্বর রাজধানীর ধানমন্ডি থানায় সাদ স্যাম রহমান নামে ইভ্যালির এক গ্রাহক তাদের নামে মামলা করেন।

আন্তর্জাতিক অঙ্গনে পুরস্কৃত নোনাজলের কাব্য ও রেহানা মরিয়ম নূর



বিনোদন ডেস্ক: সাম্প্রতিক সময়ে বাংলাদেশের দুটি সিনেমা দেশ-বিদেশে ব্যাপকভাবে আলোড়িত হচ্ছে। আলোচিত দুটি ছবি 'রেহানা মরিয়ম নূর' ও 'নোনা জলের কাব্য'। সম্প্রতি কানাডার দক্ষিণ এশীয় চলচ্চিত্র প্রতিযোগিতায় তিনটি পুরস্কার জয় করেছে। 'নোনাজলের কাব্য' ছবির পরিচালক রেজওয়ান শাহরিয়ার সুমিত পেয়েছেন 'শ্রেষ্ঠ পরিচালক' এবং আজমেরী হক বাঁধন জিতে নিয়েছেন শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার।

পরিচালক আরশাদ খান বলেছেন- নোনাজলের কাব্য বাংলাদেশের চলচ্চিত্রে এক নতুন মাত্রা যোগ করল, এমনকি দক্ষিণ এশীয় চলচ্চিত্রের জন্যও এটি নতুন একটি মানদন্ড। এদিকে বছরের শুরুতে কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠ এশীয় চলচ্চিত্র পুরস্কার জিতে নোনাজলের কাব্য।

এদিকে সর্বশেষ কান চলচ্চিত্র উৎসবের 'আঁ সার্তে রিগা' ক্যাটাগরিতে বাংলাদেশের প্রথম সিনেমা 'রেহানা মরিয়ম নূর'। রেহানা নামে মেডিকেল কলেজের একজন সহকারী অধ্যাপকের জীবন সংগ্রামের গল্পে নির্মিত এ ছবির প্রধান চরিত্রে অভিনয় করেছেন অভিনেত্রী আজমেরী হক বাঁধন।

এবারের 'এশিয়া-প্যাসিফিক স্ক্রিন অ্যাওয়ার্ড' আসরের সেরা অভিনেত্রীর পুরস্কারও জিতেছেন বাঁধন।

'নোনা জলের কাব্য' ছবিতে মূল ভূমিকায় অভিনয় করেছেন ফজলুর রহমান বাবু, শতাব্দী ওয়াদুদ, তিতাস জিয়া এবং তাসনোভা তামান্না। দেশের সমুদ্র উপকূলবর্তী প্রান্তিক জেলেদের দৈনন্দিন জীবনযাপন, আবহাওয়ার প্রতিকূলতার মুখে টিকে থাকার লড়াই এবং তাদের সামাজিক রীতিনীতি ও সংস্কার এ চলচ্চিত্রের মূল বিষয়।

নতুন খবর দিলেন বুবলী



বিনোদন ডেস্ক: সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক স্ট্যাটাসে চিত্রনায়িকা বুবলী নতুন খবর জানালেন। এই মুহূর্তে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন তিনি। জানা গেছে, 'মায়া : দ্য লাভ' নামের একটি ছবিতে চুক্তিবদ্ধ হয়েছেন এই নায়িকা। ছবিতে তার বিপরীতে দেখা যাবে তিন নায়ককে। তারা হলেন- আনিসুর রহমান মিলন, সাইমন সাদিক ও রোশান।

ছবিটিতে তিন নায়কের মধ্যে দু'জনের সঙ্গে প্রথমবারের মতো স্ক্রিন শেয়ার করবেন বুবলী। এদের মধ্যে শুধু 'চোখ' চলচ্চিত্রে রোশানের সঙ্গে তিনি স্ক্রিন শেয়ার করেছিলেন।

ছবিটি নির্মাণ করবেন পরিচালক জসিম উদ্দীন জাকির। তরুণ প্রযোজক আলিনুর আশিক ভুঁইয়া প্রযোজিত সিনেমাটির শুটিং আগামী ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে শুরু হবে। প্রথমে ঢাকা ও এর আশপাশে ছবির শুটিং শুরু হবে।

জামিন শর্তে পরিবর্তন চান শাহরুখ পুত্র আরিয়ান



বিনোদন ডেস্ক: আবারও মুম্বাই হাই কোর্টের দ্বারস্থ হয়েছেন শাহরুখ পুত্র আরিয়ান খান। প্রমোদতরী মাদক মামলায় বিচারপতি নিতিন সাম্ব্রের দেওয়া জামিনের শর্তের কিছু পরিবর্তন চান তিনি। ইতোমধ্যে শর্তের কিছু বদল চেয়ে উচ্চ আদালতে আবেদনও করেছেন আরিয়ান।

ভারতীয় একটি সংবাদমাধ্যম তাদের প্রতিবেদনে জানিয়েছে, যে সব শর্তগুলোয় জামিন পান আরিয়ান তার মধ্যে অন্যতম হল প্রতি শুক্রবার বেলা ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে মুম্বাইয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ব্যুরো (এনসিবি)-র দফতরে হাজিরা দিতে হবে তাকে। শাহরুখ-পুত্র এই শর্তে কিছু শিথিলতার আবেদন জানিয়েছেন। এর প্রেক্ষিতে তার বক্তব্য, প্রতি শুক্রবার হাজিরা দিতে গিয়ে তাকে প্রশাসনের বেষ্টনির মধ্যে থাকতে হয়। মুম্বাই পুলিশ বিশেষ প্রহরা দিয়ে তাকে দফতরে নিয়ে যায়, যাতে সংবাদমাধ্যমের হাত থেকে তিনি নিস্তার পান। আরিয়ানের যুক্তি, প্রতি শুক্রবার এ ভাবে হাজিরা দিতে গিয়ে তার অস্বস্তি আরও বাড়ছে।

আরিয়ানের আবেদন ইতিমধ্যেই তার আইনজীবী দেশাই করিমজি এবং মুল্লারের মাধ্যমে দায়ের করা হয়েছে। এবং সম্ভবত ১৩ ডিসেম্বর বিচারপতি সাম্ব্রের সামনে তা পেশ করা হবে।

আন্তর্জাতিক সংস্থার সংস্কৃতি সেক্রেটারি হলেন নায়িকা শাহনুর

জমির হোসেন, ইতালি থেকে: সাকসেস ওয়ার্ল্ড ওয়ানের প্রতিষ্ঠাতা কুইন নাদিয়া হারিহিরি চিত্রনায়িকা সৈয়দা কামরুন নাহার শাহনুরকে সংস্কৃতি ডিপার্টমেন্টের বাংলাদেশের জেনারেল সেক্রেটারি পদে মনোনয়ন দিয়েছেন। কুইন নাদিয়া হারিহিরি (Queen Nadia Harihiri) স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে সংস্থাটি এ ঘোষণা করেছে।



তারা মনে করে- নারীর ক্ষমতায়ন অর্থনৈতিক উন্নয়ন সমধিকার মানবাধিকার রক্ষার স্বার্থে কাজ করে যাচ্ছে ঢাকাই চলচ্চিত্রের জনপ্রিয় নায়িকা কামরুন নাহার শাহনুর। তাই এই নায়িকাকে সংস্কৃতি ডিপার্টমেন্টের বাংলাদেশের জেনারেল সেক্রেটারি পদে মনোনয়ন দেওয়া হয়েছে।

ফ্রান্সের রাজধানী প্যারিসে সংস্থাটির সদর দপ্তর থেকে পাঠানো পত্রে জানায় শাহনুরের নেতৃত্বে বাংলাদেশের নারী সমধিকার অর্থনৈতিক উন্নয়ন ভূমিকা রাখবে। জানা গেছে, চিত্রনায়িকা শাহনুর বর্তমান আমেরিকায় অবস্থান করছেন একটি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে। উলেখ্য এ সংস্থাটি আফ্রিকার দেশগুলোসহ এশিয়াতেও কাজ করছে।

মুখ থুবড়ে পড়ে যুক্তরাষ্ট্রের তৎপরতা

(প্রথম পাতার পর)

মিত্রবাহিনীকে সাথে নিয়ে ঢাকার দিকে এগিয়ে আসছে মুক্তিযোদ্ধারা। এ সময় বিদেশি সাংবাদিকদের কাছে মিথ্যা অভিনয় করে আর কতদিন কাটানো যায়! মনে মনে ভাবছেন জেনারেল নিয়াজী। ঢাকা সেনানিবাসে যেখানে তিনি রয়েছেন এ জায়গা আপাতত নিরাপদ। কিন্তু বিদেশী সাহায্য না আসলে তো এ যুদ্ধ চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। মাথার ওপর যে বিপদে ঘনিয়ে আসছে এটা বুঝতে বেগ পেতে হয়নি জেনারেল নিয়াজির। টেলিফোনের দিকে তাকিয়ে বসে আছেন তিনি। এমন সময় বেজে উঠলো ফোন। বুকের মধ্যে আলো জ্বলে উঠলো নিয়াজীর। ফোন ধরেই বললেন, কবে আসবে সাহায্য? অপর প্রান্ত থেকে জানতে পারলেন, আগামীকাল অর্থাৎ ১৩ ডিসেম্বরের মধ্যে উত্তর, দক্ষিণ দুদিক থেকেই বন্ধুরা এসে পড়বে। একটু স্বস্তি পেলেন নিয়াজী। ভাবলেন আমরা যে ভয় পাইনি তা জানান দেওয়া যাক। বিদেশী সাংবাদিকদের তিনি বললেন, একটি প্রাণ জীবিত থাকা পর্যন্ত প্রতি ইঞ্চি জায়গার জন্য আমরা যুদ্ধ চালিয়ে যাবো।'

পাকিস্তান যেমন একদিকে সমর সাহায্যের প্রতীক্ষায় ছিল। তেমনি অপরদিকে তাদের মিত্র যুক্তরাষ্ট্র যুদ্ধবিরতির জন্য মরিয়া হয়ে উঠেছে। আমেরিকান প্রেসিডেন্টের উপদেষ্টা কিসিঞ্জার ১১ ডিসেম্বর রাশিয়ার ওয়াশিংটন প্রতিনিধি ভোরেন্টসভকে ডেকে হুঁশিয়ার করে বলেন, পরদিন মধ্যাহ্নের আগে ভারতকে অবশ্যই যুদ্ধবিরতি মেনে নিতে বাধ্য করতে হবে। অন্যথায় যুক্তরাষ্ট্র নিজেই প্রয়োজনীয় সামরিক ব্যবস্থা গ্রহণ করবে। ১২ ডিসেম্বর অর্থ্যাৎ ইতিহাসের আজকের এইদিনে বাংলাদেশে যুদ্ধবিরতি ঘোষণায় যুক্তরাষ্ট্রের তৎপরতা মুখ থুবড়ে পড়ে। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অধিবেশনে ভারত ও পাকিস্তানের প্রতিনিধিদের দীর্ঘ বক্তব্যের পর অধিবেশন মুলতবি হয়ে যায়। এদিকে, ১৯৭১ সালের এইদিনে বঙ্গোপসাগর থেকে মাত্র ২৪ ঘণ্টা দূরত্বে গভীর সমুদ্রে এসে থেমে ছিল সপ্তম নৌবহর। সেদিন রাতে প্রাদেশিক সরকারের বেসামরিক উপদেষ্টা মেজর জেনারেল রাও ফরমান আলী আলবদর ও আলশামসের কেন্দ্রীয় অধিনায়কদের ডেকে পাঠান সদর দফতরে। তার সভাপতিত্বে অনুষ্ঠিত হয় গোপন শলা-পরামর্শ। এই বৈঠকে বুদ্ধিজীবী হত্যার নীলনকশা প্রণয়ন করা হয়। ফরমান আলী তাদের হাতে তুলে দেন বুদ্ধিজীবীসহ বিশেষ বিশেষ নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের নামের তালিকা।

যুদ্ধক্ষেত্রে ময়মনসিংহ অঞ্চলে মেজর আবু তাহেরের নেতৃত্বে মুক্তিযোদ্ধারা ভালুকা ও হালুয়াঘাট হয়ে ময়মনসিংহ সড়কের দিকে এগিয়ে যান। দিনাজপুর অঞ্চলের মুক্তিবাহিনী ও মিত্র বাহিনী খানসামা থানা আক্রমন করে। যুদ্ধে মিত্রবাহিনীর ১৫ জনও সাত মুক্তিযোদ্ধা শহীদ হন। তাদের হাতে এক মেজরসহ পাকবাহিনীর ১৯ জন ধরা পড়ে। এদিন নীলফামারি হানাদারদের হাত থেকে মুক্ত হয়। জামালপুর থেকে পালিয়ে আসা কিছু শত্রুসৈন্য ও ময়মনসংহি থেকে বিতারিত শত্রুরা টাঙ্গাইলে সহযোদ্ধাদের সাথে যোগ দিয়ে শক্তিশালী প্রতিরোধ গড়ে তোলে। মিত্রবাহিনী টাঙ্গাইলের মির্জাপুর, কালিয়াকৈর ও পাশ্ববর্তী অঞ্চলে ছত্রীসেনা নামিয়ে দেয়। রাতে টাঙ্গাইলের উপর আক্রমন চালায় মিত্রবাহিনী। তাদের সাহায্যে এগিয়ে আসে কাদেরিয়া বাহিনী। তুমুল যুদ্ধ শুরু হয়।

নবনিযুক্ত প্রধানমন্ত্রী নূরুল আমিন অত্যন্ত কঠোর ভাষায় ভারতকে পাকিস্তান ছেড়ে যেতে বলেন। সাংবাদিকদের সাথে আলাপ প্রসঙ্গে তিনি বলেন, পূর্ব পাকিস্তানের জনগণ মাতৃভূমি রক্ষায় শেষ পর্যন্ত লড়ে যেতে দৃঢ় সংকল্পবদ্ধ। তিনি ঘোষণা করেন, কোন শক্তি নেই পাকিস্তানকে ধ্বংস করতে পারে।

রেডিও পিকিং ঘোষণা করে, সোভিয়েত ইউনিয়ন ভারতের মাধ্যমে পাকিস্তান আক্রমণ করে মূলত চীনকেই দমন করতে চায়। বিশ্বে আধিপত্য বিস্তার ভারতের মাধ্যমে তথাকথিত 'বাংলাদেশ' সমর্থনের অন্যতম কারণ। এপিআই-এর জেনারেল ম্যানেজার সাংবাদিক নিজামউদ্দিনকে ধরে নিয়ে যায় আলবদর বাহিনী। ওরা যখন বাসায় হানা দেয় তখন তিনি বিবিসির জন্য সংবাদ লিখছিলেন। ঐ অবস্থায় ধরে নিয়ে আলবদররা তাকে হত্যা করে।

এদিন সকালেই মুক্ত হয়ে গেছে নরসিংদী। গত তিন দিনে মুক্তিযোদ্ধাদের সহযোগিতায় ভারতীয় বাহিনীর পাঁচটি ব্যাটালিয়ন, দুটি গোলন্দাজ রেজিমেন্ট ও ৫৭ ডিভিশনের ট্যাকটিক্যাল হেডকোয়ার্টার মেঘনা অতিক্রম করে। সুর্যাস্তের আগেই জামালপুর ও ময়মনসিংহ থেকে ভারতীয় জেনারেল নাগরার বাহিনী চলে আসে টাঙ্গাইলে। বিমান থেকে অবতরণ করা ছত্রীসেনারা মিলিত হয় নাগরার বাহিনীর সঙ্গে।





হাইকোর্টে বিটিআরসির প্রতিবেদন

ইন্টারনেটে মুরাদের আপত্তিকর মন্তব্যের ৩৮৭ লিংক চিহ্নিত



ঢাকা ডেস্ক: মন্ত্রিত্ব হারানো মুরাদ হাসানের 'কুরুচিপূর্ণ ও অশালীন' মন্তব্যের মোট ৩৮৭টি অডিও-ভিডিও'র ফেসবুক ও ইউটিউব লিংক চিহ্নিত করার কথা আদালতকে জানিয়েছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন-বিটিআরসি। এর মধ্যে ফেসবুকের লিংক ২৭২টি এবং ইউটিউবের ১১৫টি। ইতোমধ্যে ফেসবুকের ১৫টি এবং ইউটিউব দুটি লিংক অপসারণ করা হয়েছে। এ ছাড়া মুরাদ হাসানের 'আপত্তিকর' মন্তব্যের আরও ২০০ লিঙ্ক চিহ্নিত করেছে ফেসবুক, যা যাচাই-বাছাই করে দেখছে বিটিআরসি। কমিশনের আইনজীবী খন্দকার রেজা ই রাকিব বুধবার বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. মোস্তাফিজুর রহমানের হাইকোর্ট বেঞ্চে এ তথ্য দেন।

এর আগে মঙ্গলবার আদালত ইউটিউব-ফেসবুসহ সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্ম থেকে মুরাদ হাসানের কুরুচিপূর্ণ, অশালীন মন্তব্যের অডিও-ভিডিও অপসারণের পদক্ষেপ নিতে বিটিআরসি চেয়ারম্যানকে নির্দেশ দেন। সেই সঙ্গে কী পদক্ষেপ নেওয়া হয়েছে, তা বুধবার আদালতকে জানাতে বলা হয়। সে নির্দেশনা অনুযায়ী বিটিআরসির আইনজীবী খন্দকার রেজা ই রাকিব আদালতে প্রতিবেদন দাখিল করেন। আইনজীবী সৈয়দ সায়েদুল হক সুমন এবং ডেপুটি অ্যাটর্নি জেনারেল বিপুল বাগমারও এ সময় আদালতে উপস্থিত ছিলেন।

বিটিআরসির আইনজীবী রেজা ই রাকিব আদালতে বলেন, আদালতের আদেশ নজরে আসার পরই বিটিআরসির সিস্টেম অ্যান্ড সার্ভিস বিভাগের পরিচালক ব্রিগেডিয়ার নাসিমের নেতৃত্বে একটি কমিটি কাজ শুরু করেছে। ওই কমিটি ফেসবুক এবং ইউটিউবের সঙ্গে যোগাযোগ করেছে।

এ সময় বিচারপতি এম ইনায়েতুর রহিম তখন বলেন, বিটিআরসির একটি ভিজিলেন্স (পরিদর্শক) টিম থাকা উচিত, যাতে বিষয়গুলো নজরদারিতে রেখে প্রয়োজনে নিজেরাই ব্যবস্থা নিতে পারে।

আইনজীবী রেজা ই রাকিব বলেন, বিটিআরসি এ কাজটি একা করতে পারবে না। সেজন্য একটি রেজুলেশনের খসড়া করা হয়েছে। হাইকোর্টের আরেকটি বেঞ্চে তা দাখিলও করা হয়েছে। এটি যখন চূড়ান্ত হবে, তখন এ ধরনের অডিও-ভিডিওর লিংক শনাক্ত করতে সুবিধা হবে।

প্রসঙ্গত, মঙ্গলবার (৭ ডিসেম্বর) সুপ্রিমকোর্টের আইনজীবী সৈয়দ সায়েদুল হক সুমন মৌখিক আরজিতে মুরাদ হাসানের কুরুচিপূর্ণ ও অশালীন মন্তব্যের অডিও-ভিডিওর ফেসবুক ও ইউটিউব লিংক সরানোর আবেদন করেন।

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নাতনিকে নিয়ে মন্তব্য করে সম্প্রতি বিএনপি নেতাদের সমালোচনায় পড়েন মুরাদ হাসান। এরপর একটি টেলিফোন আলাপের অডিও ফেসবুকে ছড়িয়ে পড়ে, যেখানে একজন অভিনেত্রীর সঙ্গে অশালীন ভাষায় কথা বলতে এবং হুমকি দিতে শোনা যায়। বলা হচ্ছে, ওই ব্যক্তি মুরাদ হাসান। এই অডিও কেলেঙ্কারির জেরে প্রধানমন্ত্রীর নির্দেশে মঙ্গলবার প্রতিমন্ত্রীর পদ থেকে তিনি পদত্যাগ করেন। জামালপুর আওয়ামী লীগের সম্পাদক পদ থেকেও তাকে অব্যাহতি দেওয়া হয়েছে। চিকিৎসাশাস্ত্রের ডিগ্রিধারী মুরাদ হাসান জামালপুর-৪ (সরিষাবাড়ী, মেস্টা ও তিতপল্যা) আসনের এমপি।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর এক্সিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটির 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বাইতুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকলিন
ফোনঃ 347-612-7397, 718-565-8219

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভূল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬
ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১
email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্ভীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn	Jackson Heights
20 Arlington Place (Across the Fulton St.) (Betw. Bedford & Nostrand Ave) Brooklyn, NY 11216 Tel: 718-363-0100 Fax: 718-636-0112	70-17 37th Avenue (Betw. 70 & 71st Street) East Side of BQ Express Way Jackson Heights, NY 11372 Tel: 718-363-0100 Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্লাক, ফিক্হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
- বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
- অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
- সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- শিক্ষাদানের ভাষা ইংরেজী
- সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা

ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ *শায়েখ মুফ্তি মোহাম্মদ আব্দুল্লাহ্*
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning · Reflecting · Celebrating

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা,ইন্‌ক
Jalalabad Association of America,Inc

29-28, 30 Ave,Astoria, NY-11106 ● Tel- 860-938-6718 ,917-622-7776, 917-535-4131

বাংলাদেশের ৫০ বছর সুবর্ণজয়ন্তী

বিজয় দিবস উদ্‌যাপন ২০২১

তারিখ : ২০ ডিসেম্বর ২০২১
সময় : সোমবার @ সন্ধ্যা ৬ ঘটিকা
স্থান : কুইন্স প্যালেস, উডসাইড, নিউইয়র্ক

অনুষ্ঠান সূচী
- মুক্তিযোদ্ধা সম্মাননা
- মুক্তিযুদ্ধের স্মৃতিচারন
- কবিতা আবৃত্তি, গীতিনাট্য
- চিত্রাঙ্কন প্রতিযোগিতা
- বিজয়ের গান-সাংস্কৃতিক অনুষ্ঠান
- স্মরণিকা প্রকাশনা অনুষ্ঠান

সম্মানিত সুধী,
আমাদের গৌরবোজ্জ্বল মহান স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিজয়কে স্মরণীয় করে রাখতে, স্বাধীনতার সূবর্ণজয়ন্তী ও বাংলাদেশের ৫০তম বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক্ এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করেছে। স্বদেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে, আনন্দঘন অনুষ্ঠানে সপরিবারে আপনাদের উপস্থিতি কামনা করছি।

আমন্ত্রণে

আহবাব চৌধুরী খোকন
আহ্বায়ক, ৯১৭-৯৬৯-১৯৯১

মইনুল ইসলাম
সমন্বয়কারী, ৯১৭-৫৩৫-৪১৩১

শরিফুল হক মনজু
সদস্য সচিব, ৯২৯-৩৬৫-১৩৮৮

মো: জুসেফ চৌধুরী
যুগ্ম-আহ্বায়ক, ৬৪৬-৩০৭-২১৩৭

শফিউদ্দিন তালুকদার
যুগ্ম-আহ্বায়ক, ৬৪৬-৩৫৯-৪৮৭৩

মনজুর চৌধুরী জগলুল
যুগ্ম-আহ্বায়ক, ৩৪৭-২১৯-৫৫৯১

লোকমান হোসেন
যুগ্ম-আহ্বায়ক, ৩৪৭-৯৬৮-০৫৬০

মানিক আহমেদ
সদস্য: ৬৪৬-৩৫৫-৬৩২৩

জামিল আনছারী
সদস্য: ৩৪৭-৮৩৩-১০২৮

নুরুহান উদ্দিন
সদস্য: ৯১৭-৪০৫-৬২৭৬

সুতিপা চৌধুরী
সদস্য: ৬৪৬-৬৩৭-৩৭১৩

শামিম আহমেদ মনির
সদস্য: ৭১৮-৭৭৫-৮১৯৭

শাহিন কামালী
সদস্য: ৬৪৬-২৩৩-৬৬৯১

হেলিম উদ্দিন
সদস্য: ৩৪৭- ৫৯৬-২১১৫

মান্না মুনতাসির
সদস্য: ৯২৯-৩৩২-৯১২৫

রোকন হাকিম
সদস্য: ৯১৭-৩৬২-২৪৪২

মিজানুর রহমান
সদস্য: ৯১৭-৬১৩-০৮৭০

বিজয় দিবস উদযাপন কমিটি ২০২১

ময়নুল হক চৌধুরী হেলাল
সভাপতি, ৬৮০-৯৩৮-৬৭১৮

মিজানুর রহমান চৌধুরী শেফাজ
সাধারণ সম্পাদক, ৯১৭-৬২২-৭৭৭৩

উপদেষ্টা: আজমল হোসেন কুনু, এম.এম. শাহীন, তোফায়েল আহেমদ চৌধুরী, এডভোকেট নাছির উদ্দিন

প্রচারে: প্রচার ও দপ্তর সম্পাদক নুরুহান উদ্দিন

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে **(Loan Modification)** ফ্রি সহায়তা
- ফরক্লোজারে **(Foreclosure)** ফ্রি সহায়তা
- আরইও **(REO)** বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর **(Taxlien)** বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের **(Short Sale)** বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ **(Mix Use)** বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package





WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

ঐতিহ্য : ইরাকে 'গিলগামেশের স্বপ্ন'

বাংলা পত্রিকা ডেস্ক: ১৯৯১ সালের উপসাগরীয় যুদ্ধের সময় ইরাকের এক জাদুঘর থেকে লুট হয়ে গিয়েছিল 'গিলগামেশের স্বপ্ন'। নানা দেশের নানা হাত ঘুরে অবশেষে দেশে ফিরে এসেছে অমূল্য এই পুরাকীর্তি। পাচার হয়ে শেষ পর্বে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসির 'বাইবেল জাদুঘর'-এ ঠাঁই হয়েছিল তার।

দীর্ঘ তিন দশকের মধ্যে প্রথমবারের মতো ইরাকে প্রদর্শিত হচ্ছে ৩,৫০০ বছরের পুরনো বিখ্যাত প্রত্নতাত্ত্বিক নিদর্শন 'গিলগামেশ ড্রিম' লিপি। মাটির এই ফলকটি বিশ্বের অন্যতম প্রাচীনতম সাহিত্য নিদর্শন 'গিলগামেশ' মহাকাব্যেরই অংশ। আমেরিকান কর্তৃপক্ষ ২০১৯ সালে ফলকটি আটক করে এবং গত সেপ্টেম্বরে ইরাকি দূতাবাসের কাছে তুলে দেয়।

ইরাকের পররাষ্ট্রমন্ত্রী ফুয়াদ হুসেইন জানিয়েছেন, গত এক বছরে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইতালি, জাপান আর নেদারল্যান্ডস থেকে উদ্ধার হয়েছে ইরাকের ১৭ হাজার ৯২৬টি প্রত্নবস্তু। 'গিলগামেশ ড্রিম' ফলক তারই একটি।

বাগদাদে এক অনুষ্ঠানে ফুয়াদ হুসেইন বলেন, 'আমাদের মহান ইতিহাস আর প্রাচীন সভ্যতার নিদর্শনগুলো চুরি করার বেপরোয়া তৎপরতার মধ্যে এই দিনটি এক বিজয়ের দৃষ্টান্ত।'

ইরাকের সংস্কৃতি ও পুরাকীর্তিবিষয়ক মন্ত্রী হাসান নাজিম বার্তা সংস্থা এএফপিকে বলেছেন, গিলগামেশ ড্রিম ফলকটি খুবই গুরুত্বপূর্ণ প্রত্নতাত্ত্বিক নিদর্শন। তিনি বলেন, 'ইরাকের ইতিহাসের প্রাচীনতম সাহিত্যবিষয়ক গ্রন্থগুলোর অন্যতম এটি।'

ফলকটিতে রয়েছে কিউনিফর্ম লিপিতে আক্কাডিয়ান ভাষায় লেখা গিলগামেশ মহাকাব্যের কিছুটা অংশ। প্রাচীন মেসোপটেমিয়ায় (আধুনিককালের ইরাক) ব্যবহৃত কাদার ফলকের ওপর লেখার একটি পদ্ধতি কিউনিফর্ম।

১৮৫৩ সালে প্রথম 'গিলগামেশ' মহাকাব্যের সন্ধান মেলে। সে বছর উত্তর ইরাকের প্রাচীন আসিরীয় রাজা আশুরবানিপালের গ্রন্থাগারের ধ্বংসাবশেষে পন্ডিতরা পান এর ১২ ফলকের একটি সংস্করণ। এই মহাকাব্যের ঘটনা আবর্তিত হয়েছে বর্তমানের দক্ষিণ ইরাকে অবস্থিত উরুকের প্রাচীন রাজা গিলগামেশকে ঘিরে। ২,৮০০ থেকে ২,৫০০ খ্রিস্টপূর্বাব্দের মধ্যে ওই অঞ্চল শাসন করা এক সত্যিকারের রাজার ওপর ভিত্তি করেই ওই পৌরাণিক কাহিনি গড়ে উঠেছে।

রাজা গিলগামেশ মহাকাব্যের যে অংশে তাঁর মায়ের কাছে নিজের দেখা স্বপ্নের বর্ণনা দেন, সে অংশটাই লেখা হয়েছে 'গিলগামেশ ড্রিম' ফলকে। রাজমাতা ওই স্বপ্নের ব্যাখ্যা দিয়ে বলেন, এটি তাঁদের এক নতুন বন্ধুরই আগমনের ঘোষণা। তিনি হবেন গিলগামেশের সঙ্গী।

লুটের পর ১৯৯১ থেকে ২০০৩ সালের মধ্যে ফলকটির কী ঘটেছিল সে সম্পর্কে প্রায় কিছুই জানা যায়নি। এরপর লন্ডনের একজন প্রাচীন জিনিসপত্রের ব্যবসায়ী এটি কিনেছিলেন। ওই ডিলার আনুষ্ঠানিক ঘোষণা না দিয়ে আন্তর্জাতিক ডাকের মাধ্যমে ফলকটি যুক্তরাষ্ট্রে পাঠিয়েছিলেন। ২০০৭ সালে ওই ডিলার ফলকটি এক মিথ্যা চিঠি দেখিয়ে আরেকজন ক্রেতার কাছে বিক্রি করেন। ভুয়া ওই চিঠিতে বলা হয়, ১৯৮১ সালে কেনা কিছু প্রাচীন ব্রোঞ্জের টুকরাভরা বাক্সের মধ্যে ছিল এটি। এরপর এটি বিভিন্ন দেশে নিলামে আরো কয়েকবার বিক্রি হয়। ২০১৪ সালে রক্ষণশীল খ্রিস্টান আদর্শের শিল্পপ্রতিষ্ঠান 'হবি লবি' ফলকটি কিনে নেয়। কম্পানিটি ১৬ লাখ ৭০ হাজার ডলারের কিছু বেশি দামে ফলকটি কেনে। তখন থেকে এটি তাদের বাইবেল জাদুঘরে গুরুত্বের সঙ্গে প্রদর্শিত হতে থাকে। শুরুতে সমস্যা হয়নি। ২০১৭ সালে এসে জাদুঘরের একজন কিউরেটর ফলকটি কোথা থেকে এসেছে সে সম্পর্কে আরো তথ্য চাইলে এর আদি উৎস নিয়ে সন্দেহ দেখা দেয়। জাদুঘর কর্তৃপক্ষ তখনই ফলকটি তাদের কাছে থাকার কথা জানিয়ে দেয় ইরাক সরকারকে। সূত্র: বিবিসি।

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট
New Price
বিশাল মূল্যহ্রাস
রেড/ব্লাক চিকেন $3.25/lb
১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)
প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
গ্রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb
বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল
লাইভ তেলাপিয়া $3.49/lb
লাইভ বাকেলো $3.49/lb
আমেরিকান ইলিশ $1.99/lb
দেশী রুই $1.79/lb
Herring Fish (চাপিলা মাছ) $2.49/lb
Porgy $1.49/lb
স্পেশাল
রেশমী বাসমতি রাইস $17.99
আমিল বাসমতি রাইস $17.99
আমিল পারবয়েলড রাইস $9.99
ছোলার বাসমতি রাইস $18.99
সাত্তার বাসমতি রাইস $13.99
সুপারকলা বাসমতি রাইস $12.99
ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার
EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd
37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❋ ফিজিক্যাল এক্সাম ❋ স্কুল ও কলেজের জন্য টীকা ❋ টিএসি এক্সাম ❋ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❋ ডায়াবেটিস ❋ উচ্চ রক্তচাপ ❋ থাইরয়েড ❋ এজমা ❋ বাতের ব্যথা ❋ গ্যাষ্ট্রো ❋ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে ব্লক পরীক্ষা, ইকেজি, শ্বাইরোমেট্রি, মেশোগ্রাফি, টিবি টেষ্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, HIS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্সুরেন্স নেই তাদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্সুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার : সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

166-32 Highland Ave. Jamaica, NY. F টেন 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালটেন্ট

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এষ্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অফিস ঘন্টা
২৮-৫৭ ব্রডওয়ে, ব্রডওয়ে, অষ্টোরিয়া, নিউ ইয়র্ক ১১১০২
ফোন: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC
কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC
IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights



বার্লিংয়ের শততম গোলে সিটির জয়

ঢাকা ডেস্ক, ১২ ডিসেম্বর : ঘরের মাঠে উলভারহ্যাম্পটন ওয়ান্ডারার্সের বিপক্ষে স্পষ্ট দাপট ছিল ম্যানচেস্টার সিটির। স্বাগতিকদের সুবিধা বাড়িয়ে দেয় উলভসের লাল কার্ড। ম্যাচের শুরু থেকেই আক্রমণে ধার দেখালেও গোলবারের সামনে বারবার ব্যর্থ হয় ম্যান সিটি। অবশেষে কাঙ্ক্ষিত গোল আসে রাহিম স্টার্লিংয়ের পা থেকে। শনিবার রাতে ইতিহাদ স্টেডিয়ামে উলভসকে ১-০ গোলে হারায় সিটি। এরই মধ্য দিয়ে ইংলিশ প্রিমিয়ার লীগে নিজের শততম গোলের স্বাদ পেলেন স্টার্লিং। ইপিএল ইতিহাসে ৩২ নম্বর ফুটবলার হিসেবে এই কৃতিত্ব দেখালেন ইংলিশ মিডফিল্ডার।

বল দখল কিংবা আক্রমণ- সবদিক থেকেই বেশ এগিয়ে ছিল সিটিজেনরা। ম্যাচের এক তৃতীয়াংশ বল দখলে রেখে প্রতিপক্ষের গোলবারের উদ্দেশ্যে মোট ২৪টি শট নেয় ম্যান সিটি।

যার লক্ষ্যে ছিল ১০টি। অপরদিকে মাত্র ২৯ শতাংশ বল দখলে রেখে ২টি শটের ১টি লক্ষ্যে রাখে উলভস।

১০ম মিনিটে প্রথম সুযোগ তৈরি করে ম্যানচেস্টার সিটি। তবে জোয়াও কানসেলোর পাসে উড়িয়ে মেরে হতাশ করেন বারনার্দো সিলভা। ২০তম মিনিটে কানসেলোর পাস ধরে ইলকাই গিনদোয়ানের শট ফিরিয়ে দেন সফরকারী গোলরক্ষক হোসে সা। ৩৮তম মিনিটে জ্যাক গ্রিলিশের ক্রসে ডি-বক্সে ডিফেন্ডার এমেরিক লাপোর্তের হেড লক্ষ্যে থাকেনি।

প্রথমার্ধের যোগ করা সময়ে বড় ধাক্কা খায় উলভারহ্যাম্পটন। ৩১ সেকেন্ডে মধ্যে দুইবার হলুদ কার্ড দেখে মাঠ ছাড়েন মেক্সিকান ফরোয়ার্ড রাউল হিমেনেস।

৫৫তম মিনিটে এগিয়ে যেতে পারতো সিটি। কাছ থেকে গিনদোয়ানের হেড গোলরক্ষককে ফাঁকি দিলেও গোললাইন থেকে হেডেই ক্লিয়ার করেন ইংলিশ ডিফেন্ডার কনর কোডি। ৬৩তম মিনিটে সিলভার ক্রস জোয়াও মৌতিনিয়োর হাতে লাগলে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। সফল স্পট কিকে ব্যবধান গড়ে দেন স্টার্লিং। ৩০৪ ম্যাচ খেলে প্রিমিয়ার লীগে নিজের শততম গোলের দেখা পেলেন ইংলিশ মিডফিল্ডার।

দুর্দান্ত কীর্তি অর্জনের পর উচ্ছাস প্রকাশ করেন স্টার্লিং। তিনি বলেন, 'প্রিমিয়ার লীগে একশো গোল করা নিঃসন্দেহে বড় কৃতিত্ব। এমন একটা কীর্তির সঙ্গে নিজের নাম জড়াতে পেরে আমি গর্বিত।'

উলভসের প্রশংসা করে স্টার্লিং বলেন, 'উলভস বরাবর আমাদের কাছে বিপজ্জনক প্রতিপক্ষ। তাই ধৈর্য্য ধরে আমাদের গোলের জন্য লড়াই করতে হয়েছে। এই মুহূর্তে প্রত্যেক ম্যাচ থেকে তিন পয়েন্ট নিশ্চিত করা প্রয়োজন।'

ম্যাচ জয়ের পর কোচ পেপ গার্দিওলা বলেন, 'এটা মানতেই হবে, উলভস দলের জমাট রক্ষণ আমাদের রক্তচাপ বাড়িয়ে দিয়েছিল। গত মৌসুমেও ওরা আমাদের ভুগিয়েছিল। সেই জায়গা থেকে এই জয় আমাদের কাছে দারুণ তৃপ্তির।'

১৬ ম্যাচে ১২ জয় ২ড্র ও ২ হারে ৩৮ পয়েন্ট নিয়ে লীগ টেবিলের শীর্ষে অবস্থান করছে ম্যানচেস্টার সিটি। এক পয়েন্ট কম নিয়ে দুইয়ে লিভারপুল। তিনে থাকা চেলসির পয়েন্ট ৩৬।

তিন পেনাল্টির রোমাঞ্চে চেলসির নাটকীয় জয়

ঢাকা ডেস্ক, ১২ ডিসেম্বর : শুরুতে পেনাল্টি থেকে লিড নেয় লিডস ইউনাইটেড। প্রথমার্ধেই সমতায় ফেরে চেলসি। বিরতির পর পেনাল্টি পায় টিম ব্রুজ, ২-১ গোলে এগিয়ে যায় চেলসি। ম্যাচের ৭ মিনিট বাকি থাকতে সমতা টানে লিডস। ম্যাচের ফলাফল যখন প্রায় নিশ্চিত, ইনজুরি টাইমে আবার পেনাল্টি পেয়ে যায় চেলসি। স্পটকিক থেকে রোমাঞ্চ ছড়ানো ম্যাচে নাটকীয় জয় পায় টমাস টুখেলের দল। শনিবার রাতে স্ট্যামফোর্ড ব্রিজে প্রিমিয়ার লীগের ম্যাচটি ৩-২ ব্যবধানে নিষ্পত্তি হয়।

‡চলসির জর্জিনহো পেনাল্টি থেকে জোড়া গোল করেন, একটি গোল আসেন ম্যাসন মাউন্টের পা থেকে। লিডসের হয়ে গোল দুটি করেন রাফিনহা ও জো গেলহার্ড।

ঘরের মাঠে বল দখল এবং আক্রমণে লিডসের চেয়ে কিছুটা এগিয়ে ছিল চেলসি।

৫৮ শতাংশ বল দখলে রেখে মোট ১৬টি শট নেয় টিম ব্রুজ। যার লক্ষ্যে ছিল ৬টি। অপরদিকে ৪২ শতাংশ বল দখলে রেখে ১২টি শটের ৫টি লক্ষ্যে রাখে লিডস ইউনাইটেড।

২৭তম মিনিটে টাইলার রবার্টসের পাস ধরে তিনজনকে কাটিয়ে ডি-বক্সে ঢুকে যান লিডস উইঙ্গার দানিয়েল জেমস। পেনাল্টি এরিয়াতে বল দখল নিতে ওয়েলস তারকাকে ফেলে দেন চেলসি মিডফিল্ডার মার্কোস আলোনসো। রেফারি পেনাল্টির বাঁশি বাজালে সফল স্পটকিকে দলকে এগিয়ে নেন রাফিনহা।

বিরতিতে যাওয়ার আগ মুহূর্তে ম্যাসন মাউন্টের গোলে সমতায় ফেরে চেলসি। ৪২তম মিনিটে বাঁ প্রান্ত দিয়ে ঢুকে ডি-বক্সে বল বাড়ান মার্কোস আলোনসো। বল পেয়ে দুর্দান্ত শটে লক্ষ্যভেদ করেন ইংলিশ স্ট্রাইকার ম্যাসন মাউন্ট।

করোনার হানা উইন্ডিজ শিবিরে

ঢাকা ডেস্ক, ১২ ডিসেম্বর : ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলের নিরাপত্তার জন্য এলাহি কা- করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড। ক্যারিবীয়দের নিরাপত্তায় নিয়োজিত থাকবে পাকিস্তানের বিভিন্ন বাহিনীর মোট ৫৬২২ সদস্য। জান-মালের নিরাপত্তা নিশ্চিত হলেও করোনার কবল থেকে বাঁচলো না উইন্ডিজ শিবির। সফররত দলের তিন সদস্য আক্রান্ত হয়েছেন মারণ ভাইরাসটিতে। ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজ (সিডব্লি-উআই) শনিবার রাতে এক বিবৃতিতে জানায়, পাকিস্তানের করাচি পৌঁছে পি-সআর টেস্টে দলের মোট চার জনের করোনা ধরা পড়ে। তারা হলেন- বাঁ হাতি পেসার শেলডন কটরেল, স্পিনিং অলরাউন্ডার রোস্টন চেইস, কাইল মেয়ার্স এবং টিম ম্যানেজমেন্টের একজন নন- কোচিং সদস্য। চার জনেরই করোনাভাইরাসের ভ্যাকসিন নেয়া হয়েছে এবং তাদের মধ্যে বড় কোনো উপসর্গ নেই বলে জানানো হয়েছে।



করোনা পজেটিভ হওয়ায় চার জনকেই ১০ দিনের আইসোলেশনে থাকতে হবে। এরপর পুনরায় করোনা টেস্টে নেগেটিভ ফল আসা সাপেক্ষে দলের সঙ্গে যোগ দিতে পারবেন তারা।

একসঙ্গে তিন ক্রিকেটারকে হারানো ওয়েস্ট ইন্ডিজের জন্য বড় ধাক্কাই। ব্যক্তিগত কারণে আগেই এই সফর থেকে নিজেদের সরিয়ে নেন আন্দ্রে রাসেল, এভিন লুইস, লেন্ডল সিমন্স ও শিমরন হেটমায়ার।

‡জসন হোল্ডারকে দেওয়া হয় বিশ্রাম। চোট থেকে সেরে না ওঠায় দল থেকে ছিটকে পড়েন অধিনায়ক কাইরন পোলার্ড।

এ বিষয়ে ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের প্রধান নির্বাহী জনি গ্রেইভ বলেন, 'যারা আক্রান্ত হয়েছে তারা সবাই রুম আইসোলেশনে রয়েছে। তিনজনের করোনা আক্রান্ত হওয়াটা আমাদের জন্য বিরাট ধাক্কা। তারপরও আমরা সফর চালিয়ে যাবো। সেভাবেই প্রস্তুতি নিচ্ছি।'

জনি গ্রেইভ বলেন, 'আসলে এই সময়ে করোনা আক্রান্ত হওয়ার ঝুঁকি পুরো-পুরি এড়িয়ে চলা যায় না। তবে আমাদের অধিকাংশ খেলোয়াড়ই ক্যারি-বিয়ান প্রিমিয়ার লীগ (সিপিএল) থেকে নিয়মিত জৈব সুরক্ষা বলয়ের মধ্যে থেকেছে। তিনজন খেলোয়াড় করোনা আক্রান্ত হওয়ায় আমরা বিপাকে পড়েছি। কারণ তাদের নিয়ে আমাদের পরিকল্পনা ছিল। এখন তাদের ছাড়াই আমাদের খেলতে হবে। তবে দলের বাকি এই সিরিজকে সামনে রেখে দারুণ উজ্জীবিত।'

পাকিস্তানে তিনটি করে টি-টোয়েন্টি ও ওয়ানডে খেলবে ওয়েস্ট ইন্ডিজ। আগামীকাল তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে স্বাগতিক মুখোমুখি হবে ক্যারিবী-য়রা। টি-টোয়েন্টির পর তিন ম্যাচের ওয়ানডে সিরিজও খেলবে পাকিস্তান-ওয়েস্ট ইন্ডিজ। সবগুলো ম্যাচই অনু-ষ্ঠিত হবে করাচিতে। আইসিসির ওয়ানডে বিশ্বকাপ সামনে রেখে আয়োজিত সুপার লীগের অংশ হবে ওয়ানডে সিরিজটি।

মাশরাফি চাইলে রাজি পাপন

ঢাকা ডেস্ক, ১২ ডিসেম্বর : দেশের সফলতম ওয়ানডে অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা। তবে তিনি এরই মধ্যে ওয়ানডে নেতৃত্ব ছেড়েছেন। অবশ্য বিদায় বলেননি ক্রিকেটকে। অবসর নেবেন কিনা সেটিও এখনো জানাননি প্রকাশ্যে। গুঞ্জন রয়েছে তিনি ক্রিকেট ছেড়ে কোচ হতে পারেন। দায়িত্ব নিতে পারেন টাইগারদের। ত‡ব তিনি সংসদ সদস্য হওয়ায় প্রয়োজনীয় সময় দিতে পারবেন কিনা সেটি নিয়ে রয়েছে প্রশ্ন। অন্যদিকে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) দিকে অভিযোগের আঙুল ভক্ত সমর্থকদের।



তাদের দাবি, বিসিবিই চাইছে না মাশরাফিকে কোনো দায়িত্ব দিতে। তবে গতকাল বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন জানিয়েছেন যদি মাশরাফি চান তাকে কোচ বা পরামর্শক করতে রাজি তারা। তিনি বলেন, 'মাশরাফি আসতে চাইলে তাকে যুক্ত করা হবে জাতীয় দলের সঙ্গে। মাশরাফি যদি আসতে চায় আমরা তো চাইবোই তাকে নিয়ে আসতে। তবে এখন পর্যন্ত ওরকম কোনো আলোচনা হয়নি।'

বাংলাদেশ-পাকিস্তানের মধ্যকার দ্বিতীয় টেস্টের পঞ্চম দিনে মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে উপস্থিত হন তামিম ইকবাল ও মাশরাফি মুর্তজা। এই দুই তারকা ক্রিকেটারদের সঙ্গে বসেই খেলা দেখেন বিসিবি প্রধান নাজমুল হাসান পাপন। সর্বশেষ বিশ্বকাপে ব্যর্থতার পর ঘরের মাঠে পাকিস্তানের কাছে টি-টোয়েন্টি ও টেস্ট সিরিজে হোয়াইটওয়াশ-সবমিলিয়ে দেশের ক্রিকেটের অবস্থা খুব যে ভালো অবস্থানে রয়েছে তা বলা যাবে না। আর এই সময়টায় জাতীয় দলের সঙ্গে নেই ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল। মাশরাফির আন্তর্জাতিক ক্যারিয়ার তো অলিখিতভাবে শেষ-ই ধরা যায়। বাংলাদেশের ক্রিকেটের দুঃসময়ে হুট করেই এই দু'জনকে একসঙ্গে দেখা যায় মি-রপুর স্টেডিয়ামে। তাদের সঙ্গে ছিলেন বিসিবি প্রধানও। তবে কী ক্রিকেটের সংকট নিরসনে দুজনের সঙ্গে বৈঠকে বসেছিলেন বিসিবি প্রধান? তাদের সঙ্গে কী আলোচনা হয়েছে তা জানালেন পাপন নিজেই। তিনি বলেন, 'মাশরাফি তার স্ত্রীর চিকিৎসার জন্য ভারতে গিয়েছিল। মূলত এটার জন্যই ওর খোঁজ নিতে গিয়েছিলাম। আর তামিমকে ওখানে পেয়েছি। তামিম যে ওখানে থাকবে এটা জানি না। ওরকম কিছু না। আলাপ করছিলাম।' দীর্ঘ সময় ধরে আন্তর্জাতিক ক্রিকেট থেকে দূরে রয়েছেন তামিম ইকবাল। শেষবার জাতীয় দলের জার্সি গায়ে খেলেছিলেন এ বছর জিম্বাবুয়ে সফরে। পরবর্তীতে চোটের কারণে ঘরের মাঠে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড এবং তরুণদের জায়গা করে দিতে টি-টোয়েন্টি বিশ্বকাপের দল থেকে নিজ থেকে সরে দাঁড়ান তামিম। তবে মাঝে ফিট হয়ে উঠলে নেপালে এভারেস্ট প্রিমিয়ার লীগ খেলতে গিয়ে চোট বাঁধান তামিম। চোটের চিকিৎসার জন্য ইংল্যান্ডে গেলে গত মাসে ৩০ দিনের বিশ্রাম দেয়া হয় তাকে। যে কারণে নিউজিল্যান্ড সফরেও দলের সঙ্গে যাওয়া হয়নি এই ড্যাশিং ওপেনারের।

মুশফিকের 'কিপিং গ্লাভস কেড়ে নেয়া' প্রসঙ্গে যা বললেন পাপন

মুশফিকুর রহীমের উইকেটরক্ষকের দায়িত্ব থেকে সরে যাওয়ার বিষয়ে গণমাধ্যমের তীর্যক প্রশ্নে ক্ষোভ প্রকাশ করেছেন বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন।

একইসঙ্গে নুরুল হাসান সোহানকে দেশের সেরা



বিদেশের সম্পদ বাজেয়াপ্ত

(প্রথম পাতার পর)

করছে সরকার। কর্মকর্তারা বলছেন, যুক্তরাষ্ট্রের অভিযোগ 'তথ্যভিত্তিক নয়, বরং 'যাচাইহীন ও প্রমাণহীন'। তা ছাড়া আলোচনার পর্যায়ে থাকা বিষয় নিয়ে দেশটি কোনো 'আভাস ছাড়াই 'একতরফা' সিদ্ধান্ত নিয়েছে।

একই সঙ্গে সরকার বলছে, সন্ত্রাস দমনে 'সামনের সারিতে থাকা একটি সংস্থাকে দোষ দিয়ে 'খাটো করার সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র। র‍্যাবের বিরুদ্ধে আনা সব অভিযোগের বিষয়ে ব্যাখ্যা আগেই বহুবার যুক্তরাষ্ট্রের সরকারসহ বিভিন্ন মানবাধিকারবিষয়ক ফোরামে দেওয়া হয়েছে। অন্যদিকে সংবাদ সম্মেলনে র‍্যাব দাবি করেছে, তাদের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ সত্য নয়। র‍্যাব মানবাধিকার লুণ্ঠন করে না, মানবাধিকার রক্ষা করে।

শুক্রবার গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় র‍্যাবকে দায়ী করে সংস্থাটির সাবেক মহাপরিচালক, বর্তমান পুলিশপ্রধান বেনজীর আহমেদসহ সাতজনের ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। এ ঘটনায় দেশে-বিদেশে আলোচনা-সমালোচনা চলছে।

তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ বলেন, যুক্তরাষ্ট্রেই মানবাধিকারের চরম লঙ্ঘন হয়। অন্যদের ওপর তাদের আরোপিত নিষেধাজ্ঞা একপেশে এবং অকার্যকর।

নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব.) আব্দুর রশীদ বলেন, 'ভূরাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় বাংলাদেশের ওপর চাপ সৃষ্টির জন্যই যুক্তরাষ্ট্র এ ধরনের পদক্ষেপ নিয়েছে বলে প্রতীয়মান হচ্ছে। এ ধরনের পদক্ষেপকে স্বাগত জানানো যায় না।

তিনি বলেন, র‍্যাব বাংলাদেশের একটি বিশেষায়িত ও নিয়মিত বাহিনী। এই বাহিনী জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান এবং চাঞ্চল্যকর অপরাধ দমনে সাফল্য দেখিয়েছে। তবে দু-একটি ক্ষেত্রে কিছু অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটতে পারে, কিছু নিরপরাধ মানুষ ভুলের শিকার হতে পারেন, যেমন অতি সম্প্রতি ভারতের নাগাল্যান্ডে ভারতের আইনশৃঙ্খলায় নিয়োজিত বাহিনীর ভুল করে সাধারণ নাগরিকের ওপর গুলি বর্ষণের ঘটনা ঘটেছে। বাংলাদেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ক্ষেত্রে এ ধরনের ভুলের ঘটনা খুবই কম। ফলে এই নিষেধাজ্ঞার ঘটনাটি গ্রহণযোগ্য বিবেচিত হয় না।

আব্দুর রশীদ মনে করেন, নিষেধাজ্ঞার ফলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তারা কিছুটা হতাশ, হতোদ্যম হয়ে পড়তে পারেন। তারা এক ধরনের মানসিক চাপের মধ্যে থাকবেন। কিন্তু কোনোভাবেই হতাশ হওয়া চলবে না, তাদের স্বাভাবিকভাবে দায়িত্ব পালন করতে হবে। তবে দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও বেশি যত্নবান থাকতে হবে, যেন নিরপরাধ কেউ হয়রানির শিকার না হয়।

যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক ও কূটনৈতিক বিশ্লেষক আলী রীয়াজ সংবাদমাধ্যম বিবিসিকে বলেছেন, নিষেধাজ্ঞার ফলে বাংলাদেশের ওপর কূটনৈতিক চাপ বাড়বে এবং র‍্যাব যেসব ক্ষেত্রে প্রতিষ্ঠান হিসেবে সহায়তা পাচ্ছিল, যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা তা বাতিল করতে পারে।

নিষেধাজ্ঞার বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'আমরা এতদিন ধরে বলছি যে, মানবাধিকার হরণ করা হচ্ছে। আমরা বলছি যে, এই সরকার রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করছে, পুলিশকে ব্যবহার করছে, প্রশাসনকে ব্যবহার করে মানুষকে হত্যা করছে নির্মমভাবে। এটা প্রমাণিত হয়েছে আজকে।

পরবর্তী প্রতিক্রিয়া: যে সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে যুক্তরাষ্ট্রে তাদের সম্পদ থাকলে তা বাজেয়াপ্ত করতে পারে দেশটি। আবার তাদের কারও সন্তান যুক্তরাষ্ট্রে পড়াশোনা করলে সেখান থেকে ফেরত পাঠাতে পারে। যুক্তরাষ্ট্রের মিত্র দেশ কানাডা ও যুক্তরাজ্যও চাইলে একই পদক্ষেপ নিতে পারে। প্রতিষ্ঠান হিসেবে র‍্যাব বিদেশে যেসব কার্যক্রমের সঙ্গে যুক্ত, তা চ্যালেঞ্জের মুখে পড়বে।

অধ্যাপক আলী রীয়াজ বলেন, গত বছর অক্টোবর মাসে ট্রাম্প প্রশাসনের পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পের কাছে সিনেটের আট সদস্য চিঠি দিয়ে র‍্যাবের বিরুদ্ধে কিছু সুস্পষ্ট অভিযোগ করেছিলেন। তারই ভিত্তিতে এমন ব্যবস্থা গ্রহণ করেছে বলে আমরা ধরে নিতে পারি। র‍্যাবের সিনিয়র কর্মকর্তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করতে সিনেটরদের সেই চিঠিতে অভিযোগ করা হয়, 'মাদকের বিরুদ্ধে যুদ্ধের অভিযানকে 'বিচারবহির্ভূত হত্যাকা ঘটানোর ইচ্ছাকৃত পদ্ধতি বলে মনে হয়। মানবাধিকার পরিস্থিতির বিষয়টি মাথায় রেখে এ থেকে সরে আসার পদক্ষেপ নেওয়ার আহ্বান জানালেও র‍্যাব তাদের কার্যক্রম চালিয়ে গেছে।

রাষ্ট্রদূতকে তলব :রাষ্ট্রদূত মিলারকে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন কর্তৃক তলবের বিষয়ে বিস্তারিত জানিয়ে মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নিষেধাজ্ঞা আরোপের জন্য যেসব বিষয়কে কারণ হিসেবে দেখানো হয়েছে, সেগুলো নিয়মিত প্রাতিষ্ঠানিক সংলাপে ফ্রেমওয়ার্কসহ বিভিন্নভাবে দুপক্ষের মধ্যে আলোচনার পর্যায়ে রয়েছে। এর পরও কোনো ধরনের আভাস দেওয়া ছাড়াই এসেছে যুক্তরাষ্ট্রের সিদ্ধান্ত।

পররাষ্ট্র সচিব বলেন, যুক্তরাষ্ট্র এমন একটি সংস্থাকে খাটো করার সিদ্ধান্ত নিয়েছে, যেটি সন্ত্রাস, মাদক চোরাচালান এবং অন্যান্য আন্তঃরাষ্ট্রীয় অপরাধ দমনে সামনের সারিতে রয়েছে। র‍্যাবের বিরুদ্ধে এমন কিছু সুনির্দিষ্ট অভিযোগ আনা হয়েছে, সেগুলো বিচার প্রক্রিয়া ও জবাবদিহিসহ বিভিন্ন বিষয় এর আগে ব্যাখ্যা দেওয়া হয়েছে। এই ব্যাখ্যা কেবল যুক্তরাষ্ট্র সরকারের কাছে নয়, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক বিভিন্ন ফোরামেও বহুবার দেওয়া হয়েছে।

মাসুদ বিন মোমেন আরও বলেন, যেসব ঘটনা উল্লেখ করে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, সেগুলো তথ্যভিত্তিক হওয়ার পরিবর্তে যাচাইহীন ও প্রমাণহীন মনে হচ্ছে।

যেসব দেশের বিরুদ্ধে জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গুরুতর আন্তর্জাতিক অপরাধের অভিযোগ রয়েছে, তাদের কাতারে বাংলাদেশের কর্মকর্তাদেরও রাখায় হতাশা প্রকাশ করে পররাষ্ট্র সচিব। তিনি বলেন, কোনো সদস্যের বিরুদ্ধে অপরাধ সংঘটনের অভিযোগ এলে তার প্রতিকারের জন্য নির্দিষ্ট আইনি ও প্রশাসনিক প্রক্রিয়া মেনে চলে বাংলাদেশের সব পোশাকি বাহিনী, র‍্যাবও এ ক্ষেত্রে ব্যতিক্রম নয়।

পররাষ্ট্র সচিবের সঙ্গে আলোচনার সময় মার্কিন রাষ্ট্রদূত এই অভিমতও দিয়েছেন যে দুই দেশের মধ্যে আলোচনার বিদ্যমান কাঠামো এবং উচ্চ পর্যায়ের সফর বিনিময়ের মধ্য দিয়ে চমৎকার ও বহুমাত্রিক এই সম্পর্ক ঘনিষ্ঠ করার সুযোগ রয়েছে। পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে যুক্তরাষ্ট্র সরকারের ঘনিষ্ঠভাবে যুক্ত থাকতে চাওয়ার সদিচ্ছার বিষয়টিও আর্ল মিলার উল্লেখ করেছেন।

ইচ্ছা করে গুলির নজির নেই: স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, 'আমাদের সিস্টেমে কেউ ইচ্ছা করে ক্রসফায়ার বা ইচ্ছা করে গুলি করতে পারে না। ক্রসফায়ারের পেছনে যথাযথ কারণ আছে। এসব ঘটনা শুধু বাংলাদেশে না, পৃথিবীর সব দেশে এগুলো চলছে এবং চালু আছে।'

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কী কারণে যুক্তরাষ্ট্র এই নিষেধাজ্ঞা দিয়েছে, সেই প্রতিবেদন আমার টেবিলে এখনও আসেনি। প্রতিবেদন পেলে আমরা আমাদের অবস্থান জানাব।

আসাদুজ্জামান খান আরও বলেন, 'যতটুকু শুনেছি, এই নিষেধাজ্ঞা যে কারণে দিয়েছে, সেই কারণগুলোর যতগুলো ঘটনাই আমাদের দেশে ঘটেছে, সবকটির একটা জুডিশিয়াল তদন্ত হয়। যেখানে কোনো গাফিলতি পাই, সেখানে কিন্তু তার বিরুদ্ধে মামলা চালু থাকে। আর গাফিলতি না থাকলে সেখানেই ক্লোজড হয়ে যায়।'

র‍্যাবের ভাষ্য: রোববার এক সংবাদ সম্মেলনে র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন বলেন, র‍্যাব মানবাধিকার লুণ্ঠন করে না, মানবাধিকার রক্ষা করে। মানবাধিকার রক্ষায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী র‍্যাবের লে. কর্নেল আজাদসহ ২৮ জন জীবন দিয়েছেন। মানবাধিকার রক্ষা ও আইনশৃঙ্খলা সমুন্নত রাখতে র‍্যাবের এক হাজারের অধিক সদস্যের অঙ্গহানি হয়েছে। দেশের আইনশৃঙ্খলা সমুন্নত রাখার জন্য দুই হাজারের বেশি সদস্য বিভিন্নভাবে আহত হয়েছেন।

তিনি আরও বলেন, 'বিশ্বে এমন কোনো ফোর্স নেই, দেশের আইনশৃঙ্খলা-মানবাধিকার রক্ষার্থে এভাবে আত্মত্যাগ করেছে কিনা, আমার সন্দেহ রয়েছে।

কমান্ডার মঈন জানান, র‍্যাবের উদ্যোগে সুন্দরবন জলদস্যুমুক্ত হয়েছে। ৩৬টি বাহিনীর ৩২৬ জন আত্মসমর্পণ করেছেন। জঙ্গিবাদ দমনেও র‍্যাব কাজ করেছে। তাদের পুনর্বাসনের উদ্যোগ নেওয়া হয়েছে। জলদস্যুদের ঘর বানিয়ে দেওয়া হয়েছে, গরু কিনে দেওয়া হয়েছে। সুস্থ-স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য যা যা দরকার, সব করেছে র‍্যাব। বিশ্বের খুব কম বাহিনীই এত মানবিকতা দেখিয়েছে। র‍্যাবেই প্রথম ডোপ টেস্টের উদ্যোগ নিয়েছে, যেন কোনো মাদকাসক্ত এই বাহিনীতে ঢুকতে না পারেন। করোনার সময় যখন ছেলে বাবাকে কিংবা বাবা ছেলেকে ফেলে গেছেন র‍্যাব হেলিকপ্টারে তাদের হাসপাতালে নিয়ে এসেছে।

মঈন বলেন, 'বিভিন্ন সময় গুলিবিনিময় বা ক্রসফায়ার নিয়ে অভিযোগ ওঠে। আত্মরক্ষার অধিকার আইন দিয়েছে। প্রতিটি গুলিবর্ষণের ঘটনার নির্বাহী তদন্ত হয়। যদি কেউ ভুল করে থাকেন, তাহলে র‍্যাব কঠোর ব্যবস্থা নেয়।

নিষেধাজ্ঞায় সম্পত্তি বাজেয়াপ্ত হতে পারে

(প্রথম পাতার পর)

তলব করে ওই নিষেধাজ্ঞা জারির প্রতিবাদ জানিয়েছেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন বলেছেন, র‍্যাব কর্মকর্তাদের বিরুদ্ধে মার্কিন নিষেধাজ্ঞা দুঃখজনক। কোনো প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ উঠলে তার প্রধানকে যুক্ত করা যুক্তরাষ্ট্রের একটা নতুন ঢং। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, আইনশৃঙ্খলা বাহিনীর কেউ ইচ্ছা করলেই ক্রসফায়ার বা গুলি করতে পারে না। তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, যুক্তরাষ্ট্রেই মানবাধিকারের চরম লঙ্ঘন হয়। অন্যদের ওপর তাদের আরোপিত নিষেধাজ্ঞা একপেশে এবং অকার্যকর।

র‍্যাব'র পক্ষ থেকে এক সংবাদ সম্মেলনে বলা হয়েছে, র‍্যাব কখনও মানবাধিকার লুণ্ঠন করেনি। বরং মানবাধিকার রক্ষা করে চলেছে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, যারা মানবাধিকার লঙ্ঘন করে তাদের এ পরিণতিতে পড়তে হয়। দলটির আরেক নেতা ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, এ নিষেধাজ্ঞা লজ্জাজনক। এ নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমেও প্রতিক্রিয়া জানিয়েছেন বহু মানুষ। মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাব'র সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর শুক্রবার নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এ নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাব'র সাবেক মহাপরিচালক এবং বর্তমান আইজিপি বেনজীর আহমেদও রয়েছেন।

দূতকে তলব: যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার প্রতিক্রিয়ায় শনিবার সকাল ১০টায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় রাষ্ট্রদূত আর্ল মিলারকে ডেকে নেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। প্রায় একঘণ্টা রাষ্ট্রদূতের সঙ্গে কথা বলেন তিনি। এ সময় সচিব বাংলাদেশের অবস্থান স্পষ্ট করেন। পরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে তলবের কারণসহ বিস্তারিত জানানো হয়। বলা হয়, আর্ল মিলারের কাছে নিষেধাজ্ঞার বিষয়ে বাংলাদেশের অসন্তুষ্টি জানিয়েছেন পররাষ্ট্র সচিব। বাংলাদেশের সঙ্গে কোনো ধরনের আলোচনা ছাড়াই একতরফা সিদ্ধান্তে হতাশা প্রকাশ করেন সচিব মোমেন। মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, র‍্যাব'র বর্তমান ও সাবেক কর্মকর্তাদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র মন্ত্রণালয় যে নিষেধাজ্ঞা দিয়েছে তাতে ঢাকা অসন্তুষ্ট। এই অসন্তোষের কথা জানিয়ে দিতে ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল আর মিলারকে তলব করা হয়েছিল। এ সময় পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন বাংলাদেশের অসন্তোষের কথা জানিয়ে বলেন, বাংলাদেশ সরকারের সঙ্গে আগেভাগে কোনো আলোচনা ছাড়াই যুক্তরাষ্ট্র প্রশাসন একতরফাভাবে পদক্ষেপ নিয়েছে। তিনি জানিয়ে দিয়েছেন, নিষেধাজ্ঞা দেয়ার জন্য যে ইস্যু উত্থাপন করা হয়েছে তা সক্রিয় আলোচনার বিষয়। বিশেষ করে দুই পক্ষের মধ্যে নিয়মিত প্রাতিষ্ঠানিক সংলাপের মাধ্যমে এর সমাধান সম্ভব। যুক্তরাষ্ট্র আগে কোনোভাবে অবহিত না করেই এমন সিদ্ধান্ত নিয়েছে। পররাষ্ট্র সচিব বলেন, সন্ত্রাস, মাদক পাচার এবং অন্যান্য বহুজাতিক জঘন্য অপরাধের (ট্রান্সন্যাশনাল ক্রাইম) বিরুদ্ধে লড়াইয়ে সামনে থাকা সরকারি একটি এজেন্সির মর্যাদা খর্ব করেছে যুক্তরাষ্ট্রের এমন সিদ্ধান্ত। পররাষ্ট্র সচিব হতাশা প্রকাশ করে বলেন, সুনির্দিষ্ট যেসব ইস্যুতে র‍্যাব'র বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, তা ব্যাখ্যা করা হয়েছে। এ বিষয়ে ন্যায়বিচার ও জবাবদিহিতার পদক্ষেপ নেয়া হয়েছে। এসব বিষয় শুধু মার্কিন প্রশাসন নয়, বহুবার বিভিন্ন সময়ে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক মেকানিজমের অনেকের কাছে ব্যাখ্যা দেয়া হয়েছে। তিনি আরও বলেন, বাংলাদেশ সরকার আইনের শাসন, মানবাধিকার সমুন্নত রাখায় দৃঢ় প্রতিজ্ঞ। আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর যে কোনো অন্যায়ের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অবলম্বন করছে। পররাষ্ট্র সচিব মোমেন জোর দিয়ে বলেন, বাংলাদেশে ইউনিফর্ম পরা সেবাখাতগুলোতে এর কোনো সদস্য অন্যায় করলে সেই অন্যায়ের আইনগত এবং প্রশাসনিক ব্যবস্থা নেয়ার নিয়ম আছে। এক্ষেত্রে র‍্যাব ব্যতিক্রম নয়।

মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি মতে, আমেরিকান দূতের সঙ্গে আলাপে সচিব মাসুদ বিন মোমেন অভিযোগ করে বলেন, যুক্তরাষ্ট্র যেসব তথ্যের ভিত্তিতে নিষেধাজ্ঞার সিদ্ধান্তটি নিয়েছে মনে হয় তা ভুল বা পরীক্ষা করা হয়নি এমন সূত্র থেকে নেয়া। সচিব বলেন, কোনো সংস্থার নাম ধরে তাকে কাঠগড়ায় দাঁড় করানো হলে দু'দেশের সম্পর্কে উন্নতি হবে না। ফলে এ নিয়ে সচিব সংলাপ, আলোচনা ও পারস্পরিক সহযোগিতার ওপর জোর দেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের দাবি রাষ্ট্রদূত মিলার পররাষ্ট্র সচিবের বক্তব্য আমলে নিয়েছেন এবং আশ্বস্ত করেছেন বাংলাদেশের বার্তা ওয়াশিংটনে পাঠানো হবে। সরকারি বিজ্ঞপ্তি মতে, রাষ্ট্রদূত আশা প্রকাশ করেন দুইদেশের মধ্যে সুন্দর সম্পর্ক আলোচনা ও উচ্চ পর্যায়ের সফরের মাধ্যমে আরও গভীর হবে। সামনের দিনগুলোতে দুইদেশের জন্য প্রযোজ্য বিষয়গুলো নিয়ে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র আরও আলোচনা হবে বলেও জানান রাষ্ট্রদূত মিলার।

নিষেধাজ্ঞার ফলে কী হবে

মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে আইজিপি ড. বেনজীর আহমেদ, র‍্যাব ও র‍্যাব'র ডিজি চৌধুরী আব্দুল্লাহ আল মামুনসহ ৭ কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করেছে যুক্তরাষ্ট্র। বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিষয়ক মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে এই অবরোধ দেয়া হয়েছে। ইতিমধ্যে তাদের একজনের ভিসা বাতিল করা হয়েছে। বেনজীর আহমেদ ও র‍্যাব-৭ এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদ, তাদের পরিবারের সদস্যদের যুক্তরাষ্ট্রে প্রবেশে অযোগ্য ঘোষণা করা হয়েছে। এ বিষয়ে ওই মন্ত্রণালয় থেকে ১০ই ডিসেম্বর দেয়া বিবৃতিতে বলা হয়েছে, ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে অর্থবছর ২০২১ ডিপার্টমেন্ট অব স্টেট, ফরেন অপারেশন্স এবং রিলেটেড প্রোগ্রাম অ্যাপ্রোপ্রিয়েশন্স অ্যাক্টের ৭০৩১(সি) ধারার অধীনে ড. বেনজীর আহমেদের বিরুদ্ধে ভিসায় বিধিনিষেধ ঘোষণা করেছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়। এতে বাংলাদেশে ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন হচ্ছে বলেও বলা হয়। র‍্যাব'র সাবেক ডিজি'র দায়িত্বে থাকার সময় সংঘটিত মানবাধিবার লঙ্ঘনের জন্য বেনজীর আহমেদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়। র‍্যাব'র সাবেক ও বর্তমান মোট ৬ জন কর্মকর্তাকে নির্বাহী আদেশে 'ফরেন এনটিটি' বা বিদেশি হিসেবে অভিহিত করে এই নিষেধাজ্ঞার আওতায় আনা হয়েছে। বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ সরকারের মাদকের বিরুদ্ধে অভিযানের অংশ হিসেবে র‍্যাব ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন করেছে বলে অভিযোগ আছে। এর মধ্য দিয়ে আইনের শাসন, মানবাধিকার ও মৌলিক স্বাধীনতাকে খর্ব করা হচ্ছে। খর্ব করা হচ্ছে বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে। আর তাতে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থ হুমকিতে রয়েছে। ওই বিবৃতিতে আরও বলা হয়, ২০০৪ সালে বাংলাদেশে র‍্যাব গঠন করা হয়। পুলিশ, সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী এবং সীমান্তরক্ষীদের সমন্বয়ে র‍্যাব গঠিত হয়। এনজিওগুলো অভিযোগ করেছে যে, ২০০৯ সাল থেকে কমপক্ষে ৬০০ গুমের জন্য দায়ী র‍্যাব এবং বাংলাদেশের অন্যান্য আইন প্রয়োগকারীরা। ২০১৮ সাল থেকে প্রায় ৬০০ মানুষকে বিচার-বহির্ভূতভাবে হত্যা করা হয়েছে। নির্যাতন করা হয়েছে। কোনো কোনো রিপোর্টে বলা হয়েছে, এসব ঘটনায় টার্গেট করা হয়েছে বিরোধীদলীয় সদস্য, সাংবাদিক ও মানবাধিকারকর্মীদের। নিষেধাজ্ঞাপ্রাপ্ত কর্মকর্তারা হলেন, র‍্যাব ডিজি চৌধুরী আবদুল্লাহ আল মামুন, সাবেক ডিজি ও বর্তমান আইজিপি বেনজীর আহমেদ, র‍্যাব'র অতিরিক্ত ডিজি খান মোহাম্মদ আজাদ, তোফায়েল মুস্তাফা সারোয়ার, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, মোহাম্মদ আনওয়ার লতিফ খান। এদিকে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব-৭ এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর সে দেশে প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছে। ২০১৮ সালের মে মাসে কক্সবাজারের টেকনাফে পৌর কাউন্সিলর একরামুল হককে বিচার-বহির্ভূত হত্যাকা-ের মধ্য দিয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনে সম্পৃক্ততার জন্য এ দু'জনের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়ার কথা জানানো হয়েছে। এ সমস্ত ব্যক্তি এবং তাদের পরিবারের সদস্যরা যুক্তরাষ্ট্রে প্রবেশে অযোগ্য হবেন বলে ওই বিবৃতিতে জানানো হয়েছে।

পররাষ্ট্রমন্ত্রী যা বললেন-

রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে প্রাক্তন ফরেন সার্ভিস অফিসার এবং রাষ্ট্রদূতদের এক অনুষ্ঠান শেষে মার্কিন নিষেধাজ্ঞা বিষয়ক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন, যেকোনো অভিযোগ তথ্যভিত্তিক হওয়া উচিত। ১০ বছরে ৬০০ লোককে মারা হয়েছে ঢালাওভাবে বলা ঠিক না। যুক্তরাষ্ট্রের মতো পরিপক্ক গণতন্ত্রের কাছ থেকে এমন ঢালাও অভিযোগ কাম্য নয়। কারণ তাদের দেশে প্রতি বছর ৬ লাখ লোক নিখোঁজ হয়।



ইসলামে স্বদেশপ্রেম

ড. মো. শাহজাহান কবীর

স্বাধীনতা মহান আল্লাহর দেওয়া এক বড় নিয়ামত। মাতৃভূমির প্রতি যে বিশেষ অনুরাগ-আবেগ, মমতা ও ভালোবাসা, তারই নাম স্বদেশপ্রেম। ইসলামে স্বদেশের প্রতি

ভালোবাসার জোরালো দিকনির্দেশনা রয়েছে। স্বদেশপ্রেম ও মাতৃভূমিকে ভালোবাসা এবং দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা করা ইমানের দাবি। তাই বহুল প্রচারিত আরবি প্রবাদ-ও'স্বদেশপ্রেম ইমানের অঙ্গ' ধর্মপ্রাণ মানুষের হৃদয়-মনজুড়ে আরবি প্রবাদ বাক্যটি স্বদেশপ্রেমের প্রতি বিশেষ প্রভাব ফেলেছে।

মাতৃভূমির প্রতি হৃদয়ের টান এক মহান মানবীয় গুণ। এ গুণের অধিকারী ছিলেন নবী-রাসুল (সা.) ও সাহাবায়ে কেরাম। ধর্মের বাণী মানুষকে শান্তির পরশ বুলিয়ে দিয়েছে; কিন্তু ধর্মের প্রবক্তারা জীবন বিসর্জন দিয়ে ধর্মীয় সত্য প্রতিষ্ঠা করে গেছেন। নবী ও রাসুলগণ এ পন্থায় দেশ ও সমাজের উপকার করে স্বদেশপ্রেমের দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। তাদের দেশাত্মবোধে উদ্বুদ্ধ হয়ে আমাদেরও সেসব দৃষ্টান্ত অনুসরণ করা উচিত।

মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর মাতৃভূমির প্রতি ভালোবাসা কেমন ছিল, তা সুস্পষ্টরূপে ফুটে ওঠে হিজরতের প্রাক্কালে মক্কাকে লক্ষ্য করে দেওয়া তার ভাষণে। মদিনায় হিজরতের প্রাক্কালে রাসুল (সা.) বলেছিলেন,'আল্লাহর নামে শপথ- হে মক্কা, তুমি আল্লাহর ভূখন্ডগুলোর মধ্যে সর্বোত্তম, তুমি আল্লাহর কাছে অধিক প্রিয় তার অন্যান্য ভূখন্ড থেকে। আমি যদি তোমার কোল থেকে বহিস্কৃত না হতাম, আমি তোমার কাছ থেকে বের হয়ে যেতাম না।'

এ বাণী থেকে রাসুলের (সা.) মাতৃভূমির প্রতি ভালোবাসার নিদর্শন সহজেই বোঝা যায়। সাহাবায়ে কেরামগণ আমাদের মতোই দেহ-মনের মানুষ ছিলেন। হজরত আবু বকরও (রা.) রাসুলের (সা.) সঙ্গে মদিনায় হিজরত করেছিলেন। তাই বলে তার মন থেকে মক্কার প্রতি ভালোবাসা কখনও মুছে যায়নি।

মাতৃভূমির প্রতি ভালোবাসা, তার সংরক্ষণের দায়িত্ব শুধু জন্মভূমি হওয়ার কারণেই জরুরি নয়। বরং যে জন্মভূমিতে বসে, যে রাষ্ট্রে বাস করে মুসলিম জনগণ মহান আল্লার দেওয়া বিধান অনুযায়ী জীবনযাপনের সুযোগ পাবে, তার প্রতি সীমাহীন ভালোবাসা থাকা একান্ত জরুরি। এ প্রসঙ্গে রাসুল (সা.) এরশাদ করেন, আল্লাহর পথে এক দিন ও এক রাত সীমান্ত পাহারা ক্রমাগত এক মাসের সিয়াম সাধনা ও সারা রাত নফল ইবাদতে কাটানো অপেক্ষা উত্তম (মুসলিম)।'

হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত; তিনি বলেন, আমি রাসুলকে (সা.) বলতে শুনেছি, 'দুই প্রকারের চক্ষুকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না। প্রথমত, সেই চক্ষু যা আল্লাহর ভয়ে কাঁদে; দ্বিতীয়ত, আল্লাহর পথে সীমান্ত পাহারাদারি করতে করতে রাত কাটিয়ে দেয় বা বিনিদ্র রজনী যাপন করে' (তিরমিজি)।

ইসলামে স্বাধীনতা ও দেশপ্রেমের গুরুত্ব অনেক। কারণ দেশের প্রতি যার ভালোবাসা নেই, দেশের মানুষের প্রতি যার মায়ামমতা নেই, সে দেশের জন্য উন্নয়নমূলক কাজ করতে পারে না, দেশের জন্য কোনো কিছু ত্যাগ করতে পারে না। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করতে না পারলে মানসম্মান, স্বাধিকার ও ইমান-আমল রক্ষা করা যায় না।

দেশ ও জাতির প্রতি ভালোবাসা ইমান ও আদর্শভিত্তিকই হতে হবে। ইমানপ্রেমের মতো দেশপ্রেমও মুমিনের অস্তিত্বের অংশ। এ জন্য নিজের দেশ ও জাতির প্রতি স্বাধীন দেশের প্রত্যেক ধর্মপ্রাণ নাগরিকের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্যবোধ থাকতে হবে। এ প্রসঙ্গে প্রিয় নবী (সা.) বলেন, 'সাবধান, তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল ও তোমাদের প্রত্যেককেই দায়িত্বশীলতার জন্য জবাবদিহি করতে হবে (বুখারি)।'

দেশাত্মবোধ ও স্বদেশের প্রতি মমতা অনেক অন্যায় ও অপরাধপ্রবণতা থেকে মানুষকে বিরত রাখতে পারে। তাই দেশের প্রকৃত উন্নয়ন ও অগ্রগতি সাধন করতে হলে অবশ্যই দেশের প্রতিটি নাগরিকের অন্তরে দেশপ্রেম জাগ্রত করতে হবে। স্বদেশের প্রতি অনুগত থেকে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশমাতৃকাকে ভালোবাসা সবার ইমানি দায়িত্ব ও পবিত্র কর্তব্য।

মহান আল্লাহর দরবারে প্রার্থনা, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যারা শহীদ হয়েছেন, তিনি যেন তাদের জান্নাতের উচ্চ মাকাম দান করেন এবং আমাদের দেশের স্বাধীনতা রক্ষা ও দেশকে ভালোবাসার তাওফিক দান করুন।

লেখক: সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা

'লুকিয়ে' ঢাকায় ফিরলেন মুরাদ

(প্রথম পাতার পর)

কার্যক্রম শেষ করা হয়। পরে সাংবাদিকদের এড়াতে মুরাদ হাসান আন্তর্জাতিক টার্মিনাল ব্যবহার না করে অভ্যন্তরীণ টার্মিনাল দিয়ে অনেকটা 'লুকিয়ে'বের হন। তিনি সন্ধ্যা সোয়া ৬টার দিকে বিমানবন্দর ত্যাগ করেন। যদিও এর আগে তিনি যথাযথ প্রটোকল নিয়ে ভিআইপি গেট ব্যবহার করতেন। সূত্র জানায়, মুরাদ হাসান ভিআইপি গেটের সামনে এলেও সাংবাদিকদের দেখে আবার ভেতরে চলে যান। পরে বিমানবন্দরের ভেতর দিয়ে অভ্যন্তরীণ টার্মিনালে যান। সেখানে তার জন্য হোন্ডা সিআরভি ব্র্যান্ডের একটি গাড়ি রাখা ছিল। মাথা ও মুখ ঢেকে সেই গাড়িতে চড়ে তিনি বিমানবন্দর ত্যাগ করেন। তিনি পুলিশের উপস্থিতিতে একটি প্রাইভেটকারে বিমানবন্দর ত্যাগ করেন। বিমানবন্দর থেকে বেরিয়ে ডা. মুরাদ কোথায় গেছেন- তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। রাজধানীর ধানমন্ডির ১৫ নম্বর সড়কের ৩০/এ ভবনে সপরিবারে থাকতেন মুরাদ হাসান। ভবনটির চার তলায় তার বাসা, আর দ্বিতীয় তলায় অফিস।

মন্ত্রিত্ব ও দলীয় পদ হারানোর আগে তার বাসায় নেতাকর্মীদের আনাগোনা ছিল, কিন্তু এখন সুনসান নীরবতা। মুরাদ দেশত্যাগের পর পরিবারের সদস্যরা ওই বাসায়ই রয়েছেন বলে জানা গেছে। তার ব্যবহৃত গাড়িটিও বাসার গ্যারেজে রয়েছে। ধানমন্ডির মুরাদের বাসার নিরাপত্তাকর্মী মো. সুমন আলী জানান, জানতে পেরেছি স্যার দেশে এসেছেন। তবে তিনি এখনো বাসায় আসেননি। বাসায় স্যারের পরিবারের সদস্যরা আছেন। সম্প্রতি এক চিত্রনায়িকার সঙ্গে ডা. মুরাদের অশালীন ফোনালাপ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এরপর জামালপুর-৪ (সরিষাবাড়ী) আসনের এই সংসদ সদস্যকে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করার নির্দেশ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ৭ ডিসেম্বর তিনি পদত্যাগ করলে ওইদিন রাতেই তার পদত্যাগপত্র গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। একইদিনে জামালপুর জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় মুরাদ হাসানকে জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যাবিষয়ক সম্পাদকের পদ থেকে অব্যাহতি দেওয়া হয়। এর ধারাবাহিকতায় বুধবার তাকে সরিষাবাড়ী উপজেলা আওয়ামী লীগের সদস্য পদ থেকে অব্যাহতি দেওয়া হয়। বৃহস্পতিবার মুরাদ হাসানকে তার নিজ ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য পদ থেকে অব্যাহতি দেওয়া হয়। এ ছাড়া মুরাদের আওয়ামী লীগের প্রাথমিক সদস্যপদ বাতিলের বিষয়েও দলের পরবর্তী কার্যনির্বাহী সংসদের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানা গেছে। গত ৯ ডিসেম্বর দিবাগত রাতে কানাডার উদ্দেশে দেশত্যাগ করেছিলেন তিনি। এরপর কানাডার টরন্টো পিয়ারসন আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছলেও তাকে সে দেশে ঢুকতে দেওয়া হয়নি। সেখান থেকে তাকে দুবাইগামী একটি ফ্লাইটে তুলে দেওয়া হয়। কিন্তু দুবাইও তাকে ঢুকতে দেওয়া হয়নি বলে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশ হয়। জানা যায়, মুরাদ হাসান একটি ফ্লাইটে স্থানীয় সময় শুক্রবার দুপুর ১টা ৩১ মিনিটে টরেন্টো পিয়ারসন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। এ সময় কানাডা ইমিগ্রেশন এবং বর্ডার সার্ভিস এজেন্সির কর্মকর্তারা তাকে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যান। দীর্ঘ সময় তাকে জিজ্ঞাসাবাদ করা হয়। বিমানবন্দর সংশ্লিষ্ট বিভিন্ন সূত্রে জানা যায়, জিজ্ঞাসাবাদে তাকে বাংলাদেশের সাম্প্রতিক ঘটনা প্রবাহ সম্পর্কে জানতে চাওয়া হয়। পরে তাকে মধ্যপ্রাচ্যের একটি দেশের বিমানে তুলে দেওয়া হয়। বিপুলসংখ্যক কানাডিয়ান নাগরিক কানাডায় তার প্রবেশের ব্যাপারে আপত্তি জানিয়ে সরকারের কাছে আবেদন করেছেন বলেও তাকে জানানো হয়। কূটনৈতিক পাসপোর্ট নিয়েও কানাডায় প্রবেশ করতে পারেননি ডা. মুরাদ হাসান। জানা গেছে, কানাডায় মুরাদেও প্রবেশ ঠেকাতে ১৭১টি ইমেইল করা হয় দেশটির ইমিগ্রেশন এবং বর্ডার সার্ভিসেস এজেন্সিতে। কানাডায় প্রবেশে ব্যর্থ হওয়ার পর দুবাইয়ের ভিসা পাওয়ার চেষ্টায় করছিলেন ডা. মুরাদ। কিন্তু সেই চেষ্টায়ও ব্যর্থ তিনি। দুবাইয়ের ভিসা না পেয়ে শেষমেশ দেশে ফেরার সিদ্ধান্ত নেন মুরাদ।

আমেকিান ভিসা বাতিল

(প্রথম পাতার পর)

মারফত জেনারেল আজিজকে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেয়া হয়েছে। কাতারভিত্তিক টেলিভিশন নেটওয়ার্ক আল জাজিরায় জেনারেল আজিজের দুর্নীতি ও নানা অনিয়মের খবর প্রচারের পর যুক্তরাষ্ট্র এই সিদ্ধান্ত নিয়েছে বলে ধারণা করা হচ্ছে। গত ফেব্রুয়ারিতে 'অল দ্য প্রাইম মিনিস্টার'স মেন' নামে রিপোর্টটি প্রচার করে আল জাজিরা। এতে সামি (ছদ্মনাম) নামের হাঙ্গেরিতে বসবাসরত বাংলাদেশি বংশোদ্ভূত এক ব্যক্তির সহায়তায় হারিস আহমেদ নামের এক 'আসামি'র পরিচয় প্রকাশ করা হয়। হারিস বুদাপেস্টে 'মোহাম্মদ হাসান' নামে বসবাস করছিলেন। তিনি আজিজ আহমেদের ভাই।

আহমেদ পরিবারের বাকি সদস্যদের বিরুদ্ধেও নানা অপকর্মের অভিযোগ প্রকাশ করা হয়। আজিজ আহমেদ অবশ্য তখন এসব অভিযোগ অস্বীকার করেছিলেন। উল্লেখ্য, জেনারেল আজিজ আহমেদ ২০২১ সালের ২৪ জুন অবসরে যান।

'লুণ্ঠন করেনি, র‍্যাব মানবাধিকার রক্ষা করে চলছে'

(প্রথম পাতার পর)

র‍্যাব বলছে, র‍্যাব মানবাধিকার লুণ্ঠন করেনি, র‍্যাব মানবাধিকার রক্ষা করে চলছে। অপরাধীদের আত্মসমর্পণের সুযোগ দিয়ে র‍্যাব মানবিকতার নজির স্থাপন করেছে। রোববার দুপুরে রাজধানীর কাওরানবাজারে র‍্যাবের মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে এ দাবি করা হয়।

র‍্যাবের আইন ও গণমাধ্যম বিভাগের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন জানান, 'যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার বিষয়টি আমরা গণমাধ্যমের মাধ্যমে অবগত হয়েছি। এ বিষয়ে অফিসিয়ালি এখনো কোনো কিছু জানি না।

অফিসিয়াল কোনো চিঠি না পাওয়ার আগ পর্যন্ত এ বিষয়ে তেমন কিছু বলতে পারছি না। অফিসিয়াল চিঠি পাওয়ার পর, আমরা এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেবো। তবে আমরা বলবো, র‍্যাব মানবাধিকার লুণ্ঠন করেনি, র‍্যাব মানবাধিকার রক্ষা করে চলেছে।

বিশ্বজুড়ে যাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র

(প্রথম পাতার পর)

জবাবদিহিতায় আনার বিষয়ে দৃঢ় অবস্থানে যুক্তরাষ্ট্র।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে ১০ ডিসেম্বর দেয়া পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেনের এক বিবৃতিতে এসব কথা বলা হয়েছে। এই বিবৃতিতে বিভিন্ন দেশে মানবাধিকার লঙ্ঘন, বিচারবহির্ভূত হত্যাকা-ের জন্য জড়িত কিছু কর্মকর্তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে।

এতে বলা হয়, বৃটেন, কানাডার সঙ্গে সমন্বয়ের মধ্য দিয়ে মিয়ানমারে সহিংসতা এবং নিষ্পেষণের জন্য দায়ী টার্গেটেড সামরিক কর্মকর্তাদের বিরুদ্ধে অবরোধ কর্মসূচি নেয়া হয়েছে। এমন পদক্ষেপের প্রশংসা করে যুক্তরাষ্ট্র।

অ্যান্টনি ব্লিনকেন তার বিবৃতিতে বলেন, ইউরোপিয়ান ইউনিয়ন, বৃটেন এবং কানাডার সঙ্গে গত সপ্তাহে বেলারুশের বিরুদ্ধে এ যাবতকালের যে শক্তিশালী অবরোধ দেয়ার বিষয়ে সমন্বয় হয়েছে তাকে স্বাগত জানাই। এই যৌথ উদ্যোগে বেলারুশের জনগণের বিরুদ্ধে দেশটির প্রেসিডেন্ট লুকাশেঙ্কো যে নিষ্ঠুরতা অব্যাহত রেখেছেন, তার মূল্য দিতে হবে। এক্ষেত্রে মানবাধিকার রক্ষা, জবাবদিহিতা এবং সুশাসন নিশ্চিত করতে মিত্র, অংশীদার ও নাগরিক সমাজের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাবে যুক্তরাষ্ট্র।

তিনি আরো বলেন, মানবাধিকার দিবস ২০২১ উপলক্ষে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়, ফরেন অপারেশন্স এবং রিলেটেড প্রোগ্রামস অ্যাপ্রোপ্রিয়েশন অ্যাক্ট,২০২১ এর ধারা ৭০৩১(সি)-এর অধীনে বিদেশি সরকারগুলোর ১২ জন কর্মকর্তাকে চিহ্নিত করেছে যুক্তরাষ্ট্র। এই আইন বলে যে, বিদেশি কোনো কর্মকর্তা যদি ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন করেন, বড় দুর্নীতি করেন এবং এ বিষয়ে বিশ্বাসযোগ্য তথ্য থাকে, তাহলে ওইসব ব্যক্তি এবং তাদের পরিবারের ঘনিষ্ঠ সদস্যদেরকে সরকারিভাবে, বেসরকারিভাবে চিহ্নিত করে যুক্তরাষ্ট্রে প্রবেশে অযোগ্য ঘোষণা করতে হবে। এক্ষেত্রে যাদের বিরুদ্ধে এই ব্যবস্থা নেয়া হয়েছে তার মধ্যে অন্যতম উগান্ডার পিপলস ডিফেন্স ফোর্সেসের চিফট্যান্সি অব মিলিটারি ইন্টেলিজেন্সের প্রধান মেজর জেনারেল আবেল কানদিহো।

নির্যাতনসহ ভয়াবহ মানবাধিকারের সঙ্গে যুক্ত তিনি। একই অভিযোগে এ সপ্তাহে তাকে গ্লোবাল ম্যাগনিটস্কি অবরোধ কর্মসূচির অধীনে শনাক্ত করেছে ডিপার্টমেন্ট অব দ্য ট্রেজারি। এর আওতায় আছেন চীনের সিনজিয়াংয়ের বর্তমান ও সাবেক কর্মকর্তা শোহরাত জাকির, এরকেন তুনিয়াজ, হু লিয়ানহে এবং চেন মিঙ্গগুও। উইঘুর মুসলিমদের বিরুদ্ধে খেয়ালখুশিমতো আটক সহ ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের জন্য দায়ী করা হয়েছে তাদেরকে। এর মধ্যে ডিপার্টমেন্ট অব দ্য ট্রেজারির গ্লোবাল ম্যাগনিটস্কি অবরোধ কর্মসূচির আওতায় আনা হয়েছে শোহরাত জাকির এবং এরকেন তুনিয়াজকে। বেলারুশের মিনস্কে কুখ্যাত আক্রেস্তসিনা ডিটেনশন সেন্টারের প্রধান ইহার কেনিউখ এবং ইউহেনি শাপেটস্কার বিরুদ্ধেও একই অভিযোগ আনা হয়েছে। কারণ, তারা নির্যাতন ও নিষ্ঠুরতাসহ ভয়াবহ মানবাধিকারের সঙ্গে যুক্ত। ২০২০ সালের ৯ আগস্ট জালিয়াতির নির্বাচনের পর আটক ব্যক্তিদের ওপর এই নির্যাতন চালানো হয়। তাদের সঙ্গে অমানবিক, অশোভন আচরণ করা হয়, শাস্তি দেয়া হয়।

এই তালিকায়ই রয়েছেন বাংলাদেশের বর্তমান আইজিপি এবং র‍্যাবের সাবেক মহাপরিচালক বেনজীর আহমেদ এবং র‍্যাব ইউনিট-৭ এর সাবেক কমান্ডিং কর্মকর্তা লেফটেন্যান্ট কর্নেল মিফতাহ উদ্দিন আহমেদ। ২০১৮ সালের মে মাসে টেকনাফের কাউন্সিলর একরামুল হককে বিচারবহির্ভূত হত্যাকা-ের মতো ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের সঙ্গে জড়িত তারা।

এই তালিকায় রয়েছেন শ্রীলঙ্কার নৌ গোয়েন্দা কর্মকর্তা চন্দনা হেত্তিয়ারাচ্চি। তার বিরুদ্ধেও ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ আছে। বিশেষ করে ২০০৮ থেকে ২০০৯ সালের মধ্যে 'ত্রিনকোমালি ১১'-এর কমপক্ষে আটজন ভিকটিমকে মুক্তি দেয়ার দাবি প্রত্যাখ্যান করেন তিনি। এ ছাড়া আছেন শ্রীলঙ্কার সেনাবাহিনীর সাবেক স্টাফ সার্জেন্ট সুনীল রত্নায়েকে। তিনি ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের সঙ্গে যুক্ত। বিশেষ করে ২০০০ সালের ডিসেম্বরে তামিলদের কমপক্ষে আটটি গ্রামে বিচারবহির্ভূত হত্যাকা- জড়িত তিনি।

এতে আরো আছেন মেক্সিকোর পুয়েবলার সাবেক গভর্নর মারিও প্যুতারকো মারিন টোরেস। তিনিও মেক্সিকোতে ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন করেছেন। বিশেষ করে ২০০৫ সালের ডিসেম্বরে খেয়ালখুশি মতো সাংবাদিক ও মানবাধিকার কর্মী লিদিয়া ক্যাচো'কে আটক করেন।

নিউইয়র্কের ৯ লক্ষ নন-সিটিজেন সিটি

(শেষের পাতার পর)

অধিকার পেলেন। গত ৯ ডিসেম্বর বৃহস্পতিবার বিলটি ৫১ সদস্যবিশিষ্ট সিটি কাউন্সিলে ৩৩-১৪ ভোটে পাস হয়। কিছু সদস্য ভোট দানে বিরত ছিলেন। 'আওয়ার সিটি-আওয়ার ভোট' বিলে বৃহস্পতিবার স্বাক্ষরও করেছেন মেয়র বিল ডি ব্লাজিও।

সিটি কাউন্সিলম্যান ওয়োদানিস রড্রিগেজের আনা বিলটি পাস হওয়ার ফলে হাজার হাজার গ্রিনকার্ডধারী ও ওয়ার্ক পারমিটধারীরা স্থানীয় নির্বাচনগুলোতে ভোট দিতে পারবেন। তাদের সংখ্যা নগরীর মোট জনসংখ্যার প্রায় ১০ ভাগ। তবে তারা ফেডারেল বা স্টেট নির্বাচনে ভোট দিতে পারবে না। স্থানীয় সিটি কাউন্সিল, বরো প্রেসিডেন্ট, কম্পট্রোলার ও মেয়র নির্বাচনের মধ্যেই তাদের ভোটাধিকার সীমাবদ্ধ থাকবে। আর ভোটাধিকার পেতে হলে ওই গ্রিনকার্ডধারীকে সিটির পাঁচ বরোর কোনো একটি বরোতে অন্তত ৩০ দিন বাস করতে হবে। সংশ্লিস্টরা ২০২২ সালের ১ জানুয়ারী থেকে ভোট দিতে পারবেন।

বিলের স্পন্সর কাউন্সিলম্যান রড্রিগেজ বলেন, এর ফলে আমাদের নগরী আরো শক্তিশালী হবে।

এদিকে এক হিসাবে দেখা যায়, এই বিলের ফলে ৬,২২,০০০ গ্রিনকার্ডধারীসহ প্রায় ৮ লক্ষ নিউইয়র্কবাসী স্থানীয় নির্বাচনে ভোট দিতে পারবে।

মেয়র বিল ডি ব্লাজিও বলেছেন, তিনি আইনগত কিছু সমস্যার কারণে বিলটি সমর্থন করতে পারছেন না, তবে সংখ্যাগরিষ্ঠ লোকের সমর্থন থাকায় তিনি বাধাও দেবেন না। এ নিয়ে সান ফ্রান্সিসকোসহ যুক্তরাষ্ট্রের মোট ১৪টি নগরী নন-সিটিজেনরা স্থানীয় নির্বাচনে ভোটাধিকার দিলো।

স্পিকার কোরে জনসন বলেন, স্থানীয় নির্বাচনে অ-নাগরিকদের ভোটাধিকার দেওয়ার ফলে আমাদের নগরী দেশের মধ্যে বৃহত্তম নগরীতে পরিণত হবে। অভিবাসীরাই নিউইয়র্ক গড়ে তুলেছেন। আমরা এখন যে অবস্থানে রয়েছি, তা হয়েছে তাদের কারণেই।

অপরদিকে বিরোধীরা (রিপাবলিকান) বিলটি-কে বিপজ্জনক অভিহিত করে এর বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণের হুমকি দিয়েছে। উল্লেখিত বিলটি পাস করে সিটিজেনদের মূল্য কমানো হয়েছে দাবী করে বিলের বিরোধীতায় নামেন কয়েকজন কাউন্সিলম্যানসহ নাগরিকদের একটি গ্রুপ।

এদিকে, মি. ব্লাজিওর পর মেয়রের দায়িত্ব নিতে যাওয়া এরিক এডমস বিতর্কিত এই বিলে একমত পোষণ করলেও বিলের দিকগুলো নিয়ে উদ্বিগ্ন তিনি। ভোট একটি অধিকার উল্লেখ করে তিনি বলেন, আমাদের উচিত সব মানুষকে নাগরিক হতে উৎসাহিত করা।

শহীদ বুদ্ধিজীবী

(শেষের পাতার পর)

সাংস্কৃতিক জোট উত্তর আমেরিকা। এ উপলক্ষে নিউইর্য়কের জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে ১৩ ডিসেম্বর সোমবার সন্ধ্যা ৮টা থেকে ১২টা পর্যন্ত এসব কর্মসূচি পালন করা হবে।

নিউইয়র্কে শহীদ বুদ্ধিজীবী দিবস উদযাপনে সম্মিলিত সাংস্কৃতিক জোট উত্তর আমেরিকার আয়োজনে কর্মসূচির মধ্যে রয়েছে: চারুশিল্পীদের তাৎক্ষণিক উপস্থিতিতে আঁকা ট্রাফিক পেইন্টিং (মুক্ত চিত্রাঙ্কন), আবৃত্তি ও পাঠাভিনয়, যুদ্ধদিনের কথা: একাত্তরের স্মৃতিচারণ, একক সঙ্গীত: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গান, কবির কণ্ঠের পাঠ: স্বরচিত কবিতা, দলগত সম্মেলক সংগীত। লেখক, শিল্পী, সাংবাদিক, মুক্তিযোদ্ধা, শহীদ বুদ্ধিজীবী ও মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের অংশগ্রহণে সংহতি-সমাবেশটি রাত ১২টা ০১ মিনিটে দিবসটির কর্মসূচি আলোক শোকযাত্রার মধ্য দিয়ে সমাপ্ত হবে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, বাঙালী জাতির শোকাবহ এই দিনটিকে স্মরণ করার জন্যে বিগত ২৩ বছর ধরে সম্মিলিত সাংস্কৃতিক জোট উত্তর আমেরিকা বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে।

জেএমসি'র নতুন কমিটির শপথ গ্রহণ

(শেষের পাতার পর)

করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সৈয়দ মোজাফফর। আগামী ১ জানুয়ারী থেকে দায়িত্ব গ্রহণ করবে নতুন কমিটি। এদিন যারা শপথ নিতে পারেননি তাদেরকে পরবর্তীতে জেএমসি'র সভাপতি ও ট্রাষ্টি বোর্ড চেয়ারম্যান শপথ পাঠ করাবেন।

নতুন কমিটির কর্মকর্তারা হলেন: প্রেসিডেন্ট- ডা. সিদ্দিকুর রহমান, ভাইস প্রেসিডেন্ট- মঞ্জুর আহমেদ চৌধুরী, সেক্রেটারী- আফতাব মান্নান, জয়েন্ট সেক্রেটারী- ফখরুল ইসলাম দেলোয়ার, কোষাধ্যক্ষ- মোহাম্মদ বাবুল মজুমদার, সহকারী কোষাধ্যক্ষ- মুয়াহিদ বিল্লাহ সিপিএ। কার্যনির্বাহী কমিটির সদস্য যথাক্রমে মোহাম্মদ সাবুল উদ্দিন, ইমাদ সিদ্দিক, সাঈদ রহমান লাবু, আজহার হক, ডা. ইমরান হোসেইন, আতাউর রহমান ও শাহাদাত হাসান।

বোর্ড অব ট্রাস্টির কর্মকর্তারা হলেন: চেয়ারম্যান- ফার্মাসিস্ট মোহাম্মদ জায়েদুর রহমান, ভাইস চেয়ারম্যান- ডা. নাজমুল এইচ খান এবং সদস্য যথাক্রমে ডা. মোহাম্মদ মাহমুদুর রহমান তুহিন, ফার্মাসিস্ট মুহাম্মদ আসাবুর সাবু, ফার্মাসিস্ট নুরুল হক, ডা. জুম্মুন চৌধুরী, রফিউদ্দিন মঞ্জু। পদাধিকার বলে সাবেক জেএমসি প্রেসিডেন্ট এবং এক্স অফিসিয়াল বোর্ড অব ট্রাস্টির সদস্য থাকবেন।

উল্লেখ্য, গত ১৪ নভেম্বর রোববার বিকেলে জ্যামাইকাস্থ জেএমসি'র নিজস্ব ভবনে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় কার্যকরী ও ট্রাষ্টিবোর্ড কমিটি দু'টি অনুমোদন দেয়া হয়।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY

Authorized e-file Provider

কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC

Board certified in Internal Medicine
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302
Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

We provide Vaccines for:
- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100

- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা



আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health
INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372



মূলধারার রাজনীতিতে

(শেষের পাতার পর)

এরিক এডামস'র মুখপাত্র জুহেব চৌধুরী, বাংলাদেশ সোসাই-টির সাবেক সহ সভাপতি ফারুক হোসেন মজুমদার, মেগা ইন্স্যুরেন্সের সিইও রাকিব খান, নিউইয়র্ক বাংলাদেশ পুলিশ এসোসিয়েশন সাবেক সেক্রেটারি হুমায়ুন কবির, ফান্ড রেইজিং ডিনারের কো চেয়ার সংগীত শিল্পি ও সঞ্চালক আলিয়া ফেরদৌসী, আইটি স্পেশালিষ্ট সৈয়দ এম আলম সুমন, সেরা ডিজিটাল ও ট্রান্সফোটেক একাডেমির সিইও শেখ গালিব রহমান, আইটিভি ও চ্যানেল ৭৮৬ এর সম্পাদক মাওলানা মোহাম্মদ শহীদুল্লাহ্, এনসিএন টিভির সম্পাদক ফরিদ আলম, আওয়াজ বিদ্রির সম্পাদক শাহ আহমেদ, বাংলাদেশ সোসাইটির নেতা মফিজুল ইসলাম রুমি, গোল্ডেন এজ হোম কেয়ার ভাইস চেয়ারম্যান রানু নেওয়াজ, পপুলার ব্যাংকের ভাইস প্রেসিডেন্ট খরুন খোরশিদ, আইনজীবী এন এম নুরুজ্জামান, বর্নিশিখা কালচারাল একাডেমির পরিচালক সবিতা দাশ, ল সোসাইটি'র নেত্রী এডভোকেট পর্না ইয়াসমিন।

অনুষ্ঠানে সিনেটর শেখ রহমান বলেন, আমাদেরকে আরো এগিয়ে যেতে হবে। আমেরিকান মূলধারার রাজনীতিতে বাঙালী কমিউনিটিকে আরো সম্পৃক্ত হতে হবে। তিনি বলেন, আমার পথচলা এত সহজ ছিলো না। আমি শুধু বাংলাদেশ নয়। যুক্তরাষ্ট্রের নির্বাচিত প্রথম মুসলিম স্টেট সিনেটর।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে থাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যুতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

নগদ অর্থে বাড়ী

(শেষের পাতার পর)

হয়। যা ২০১৬ সাল থেকে কার্যকর করার কথা থাকলেও এখন পর্যন্ত তা হয়নি। ২০২২ সালের জুন মাস থেকে সেটাকে কার্যকর করা হবে বলে প্রেসিডেন্ট বাইডেন উল্লেখ করেছেন। ন্যাশনাল এসোসিয়েশন অব রিয়েলটর জরিপ অনুযায়ী বিক্রয়কৃত বাড়ীর এক তৃতীয়াংশ নগদ ক্রেতা। এই নগদ অর্থের উৎসব কি বা অর্থ পাচারের সংশ্লিস্টতা আছে কিনা তা এখন খতিয়ে দেখা হবে। নগদ লেনদেনের কারণে রিয়েলএস্টেট মর্কেট বিরাট ঝুঁ-কির মধ্যে এসে দাঁড়িয়েছে। যা নিরসনে অনতিবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া প্রয়োজন বলেও মনে করা হচ্ছে।

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভূল তথ্যের ভিত্তিতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেন:

ইমিগ্রেশন:
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
ডিভোর্স কন্সিলশন
এভিডেন্সিয়ারি অব সাপোর্ট
বিনা শর্তাধীনে সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস সুলভ
ডিপোর্টেশন, এসাইলম, গ্রীণকার্ড রিমিট

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্স:
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্স ক্যাব ও ফুড ট্রেডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

বাড়ীর মালিকদের সহায়তায় ৫৩৯ মিলিয়ন ডলারের ফান্ড

(শেষের পাতার পর)

বা স্থানচ্যুতির ঝুঁকিতে রয়েছে এমন বাড়ীর মালিকদের সহায়তা করার জন্য নিউইয়র্ক স্টেট হোমওনার অ্যাসিসট্যান্স ফান্ড নামক একটা প্রোগ্রাম চালু করেছে। আবেদন করতে হলে, বাডরি মালিক-কে অবশই নিউইয়র্ক রাজ্যের বাসিন্দা এবং সেটা তাদের প্রাথমিক বাসস্থান হতে হবে ।

নতুন বছর তথা আগামী ২০২২ সালের ৩ জানুয়ারী থেকে আবেদনগুলো গ্রহণ করা শুরু হবে রাজ্য একটি অ্যাপ্লিকেশন গাইড তৈরি করেছে যাতে আপনি যখন আপনার আবেদন জমা দেওয়ার জন্য প্রস্তুত হন তখন আপনার প্রয়োজনীয় নথিগুলির একটি তালিকা অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রোগ্রামের আওতায় একজন বাড়ির মালিক সর্বোচ্চ ৫০,০০০ টাকা পর্যন্ত পেতে পারেন।

উল্লেখিত ফান্ড বিষয়ে জাকির চৌধুরী সিপিএ জানান, এই সহ-য়তা পেতে গেলে বাড়ীর মালিকরা মর্টগেজের পেমেন্ট বাকী বাড়ী, হারানোর আশঙ্কা ফোরক্লোজ ইত্যাদির সম্ভাবনা থাকতে হবে। কোন বাড়ীওয়ালা যদি মর্টগেজ ঠিকমত দিয়ে থাকেন এবং বর্তমানে কোন কাজ নেই তারাও এই সহায়তার আওতায় পরবেন।

তিনি বলেন, মর্টগেজ পরিশোধ, মর্টগেজ মূল্য হ্রাস, ব্রডব্যান্ড ইন্টারনেট ইউটিলিটি পেমেন্ট, ফ্রি লিয়েন কনডোমিনিয়াম ফি, প্রোপার্টি ট্যাক্সে পরিশোধ প্রভৃতি ডকুমেন্টের ভিত্তিতে অনুদান পাওয়া যেতে পারে। তবে বিস্তারিত জানতে বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করে নেয়াই ভালো।

জাকির চৌধুরী সিপিএ আরো জানান, এক ফ্যামিলি, দুই বা তার অধিক ইউনিট, কনডোমিনিয়ামের আওতায় পরবে। অনুমোদনের পরিমান দিয়েও পরবর্তী ছয় মাসের মর্টগেজ পরিশোধ করা যাবে। অনুমোদন হবে ৫ বছরের সুদহীন ঋণ। বাড়ীর মালিক যা ন্যূনতম ৫ বছর থাকতে হবে ঋন মওকুফ হওয়ার জন্য। এই সংক্রান্ত যে কোন প্রশ্নের উত্তরের জন্য জাকির চৌধুরী তার অফিসে (১৫০৬ ক্যাসল হিল এভিনিউ, ব্রুকলীন, নিউইয়র্ক ১০৪৬২, ফোন: ৯২৯-২০৭-১৫১৬) যোগাযোগ করতে অনুরোধ করেছেন।

আগাম জামিন চেয়েপণ মিথিলা ও

(শেষের পাতার পর)

রাফিয়াত রশিদ মিথিলা ও শবনম ফারিয়া। রোববার বিচারপতি জাহাঙ্গীর হোসেন সেলিম ও বিচারপতি মো. আতোয়ার রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে এই আবেদন জানানো হয়েছে। মিথিলার আইনজীবী নিয়াজ মোর্শেদ জানিয়েছেন, সোমবার (১৩ ডিসেম্বর) তার জামিন আবেদন শুনানির জন্য কার্যতালিকায় আসবে। অর্থ আত্মসাৎ ও প্রতারণার অভিযোগে হওয়া মামলায় অভিনেতা ও গায়ক তাহসান খান, অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা ও শবনম ফারিয়াসহ ৯ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। গত ৪ ডিসেম্বর ধানমন্ডি থানায় মামলাটি করেন সাদ স্যাম রহমান নামে ইভ্যালির এক গ্রাহক। এসব তারকা যে কোনো সময় গ্রেফতার হতে পারেন বলে গত শুক্রবার জানান ডিএমপির রমনা বিভাগের উপকমিশনার (ডিসি) সাজ্জাদুর রহমান।

এ খবরের পর এক প্রতিক্রিয়ায় মিথিলা বলেন, 'ইভ্যালির কারণে আমি নিজেও ব্যক্তিগতভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি। এর কারণে আমার এত বড় সুনাম নষ্ট হলো। আমি এ বিষয়ে এখনও কোনো লিগ্যাল নোটিশ পাইনি। সুতরাং এ বিষয়ে কিছুই জানি না।'

মিথিলা ইভ্যালির সঙ্গে 'ফেস অব ইভ্যালি লাইফস্টাইল' হিসেবে যুক্ত ছিলেন। প্রতিষ্ঠানটিতে শুভেচ্ছাদূত হিসেবে যোগ দেন গত ১৫ মে। ওই দিন তাহসানসহ ইভ্যালির একটি বিশেষ লাইভেও অংশ নেন তিনি। এর দুই মাস পর তিনি চুক্তি বাতিল করেন।


আগামী আইপিএল ভারতে!

(শেষের পাতার পর)

টি-টোয়েন্টি বিশ্বকাপও ভারত থেকে সংযুক্ত আরব আমিরাতে সরানো হয়। তবে ২০২২ আইপিএল ভারতে করার বিষয়ে আশাবাদী বিসিসিআই প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলী।

ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাতকারে সৌরভ বলেছেন, 'আমি মনে করি, আমরা খারাপ সময় পেরিয়ে এসেছি। আশা করি, আমরা পরের বছর ভারতে আইপিএলের আয়োজন করতে পারব। কারণ এটি ভারতেরই টুর্নামেন্ট এবং এটি যখন ভারতে খেলা হয়, তখন এর পরিবেশ সম্পূর্ণ আলাদা। ভারতে এখন আন্তর্জাতিক পর্যায়ে ক্রিকেট খেলা হচ্ছে। আমরা নিউজিল্যান্ড সিরিজ আয়োজন করেছি। আমরা নিজেরাও দক্ষিণ আফ্রিকা যাচ্ছি। তারপর ওয়েস্ট ইন্ডিজ এবং শ্রীলঙ্কা সিরিজ রয়েছে। তাই আমি মনে করি, সবচেয়ে খারাপ সময়টা পার করে এসেছি।'

এদিকে ওমিক্রণের জন্য দক্ষিণ আফ্রিকা সফর বাতিলের কথা ভাবছে না বিসিসিআই। বিসিসিআই প্রেসিডেন্ট সৌরভ আরও বলেছেন, 'কোভিড সমস্যা থাকা সত্ত্বেও আইপিএলকে দুবাইতে নিয়ে গিয়ে শেষ করতে সফল হয়েছি আমরা। আমাদের ঘরোয়া ক্রিকেট আগের মতোই চলছে। গত বছর মহামারীর কারণে কিছুটা বিরতি ছিল। আমরা প্রায় প্রতিটি টুর্নামেন্ট শেষ করেছি। জানুয়ারীতে শুরু হচ্ছে রঞ্জি ট্রফি। জুনিয়র ক্রিকেট চলছে। এবং এখনও পর্যন্ত কোভিড নিয়ে সমস্যায় পড়তে হয়নি।'







জ্যামাইকায় দোকান বিক্রয়

জ্যামাইকার ১৭৯ হিলসাইড এভিনিউ সাবওয়ে ও বাস স্টপেজের সাথে চালু অবস্থায় একটি মোবাইল/গিফট শপ/ই বাইক/জুয়েলারী/খেলনা/শোপিস এর দোকান বিক্রিয় হইবে। যোগাযোগ: ৬৪৬-৫১০-৫১৭৮
ন-২৯/ডি-০৬

আবশ্যক

ম্যানহাটানে ফুড এন্ড ভেজিটেবল পুশকার্ড-এর রাতের শিফটে কাজ করার জন্য পার্ট টাইম/ফুল টাইম লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৫৯২-৯৪৯৫
ন-২৯/ডি-০৬

মেডালিয়ান বিক্রি

গাড়ীসহ হুইল চেয়ার মেডালিয়ান ইয়েলো ট্যাক্সি বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিগণ যোগাযোগ করুন। ফোন: ৩৪৭-৩৪৫-৮৭০০
ন-২৯/ডি-০৬

ঢাকায় ফ্ল্যাট বিক্রি

ঢাকার শাজাহানপুর, আল- বারাকা হসপিটালের গলিতে শহীদবাগ মসজিদের পাশে নির্মাণাধীন ফ্ল্যাট ১৫৫০ (৪ বেড), ১০৫০, ১১৫০, ১২৬০ বর্গফুট বিক্রয় হবে। যোগাযোগ: ০১৭১০৪৭৫০০৪ (মারুফ), ০১৭২২৫৬৮৪৬০ (রায়হান) এবং ০১৬৭৮৭০২১১৩ (জাহিন) অথবা ৮০৪-৩৯৭-৭৮৯৯ (খান), যুক্তরাষ্ট্র।
ন-২২/২৯

রুমমেট আবশ্যক

এস্টোরিয়ার স্টাইনওয়ে স্ট্রীট সাবওয়ের পাশে এপার্টমেন্ট বিল্ডিং-এ পহেলা ডিসেম্বর থেকে তিনজন রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯৩৪-২১৬-৫২০৬
ন-২২/২৯

আবশ্যক

হালাল ফুড/জাইরো কারের জন্য মোবাইল ফুড ভেনডিং লাইসেন্সধারী লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-২৬১-৫৪৮২ অথবা ৩৪৭-৭৮৪-৮৭৭৩
ন-২২/২৯

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা কুইন্স ভিলেজে ২০৮ স্ট্রীট এবং ১১২ এভিনিউতে দুই বেড, লিভিং, কিচেন , বাথরুম সহ ১ ডিসেম্বর থেকে ভাড়া হবে।
যোগাযোগ: ৯১৭ ৫৮২ ৫২৭১

আবশ্যক

টেক্সাসের সান এন্টনিও শহরে বাংলাদেশী মালিকানাধীন আবাসিক হোটেলে ফ্রন্ট ডেস্ক ও হাউস কিপিংয়ে লোক প্রয়োজন। আগ্রহী প্রার্থীরা দ্রুত যোগাযোগ করুন।
মনির: ৬৬১-৩৭৩-১৫২৮
ন-০৮/১৫

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ২০০ স্ট্রীট ও হলিস এভিনিউর কর্ণারে বাংলাদেশীদের মসজিদের কাছে এক বেডরুম, এক লিভিং রুম, একটি কিচেন এবং ফুল বাথরুমের সেমি বেসমেন্ট-এর বাসা ভাড়া হবে। এক মাস সিকিউরিটি ডিপোজিট দিতে হবে। যোগাযোগ: ৬৪৬-২৮০-৫০০১ (শিমুল) অথবা ৯১৭-৫২৫-৮৮৪৪ (কামরান)
ন-০৮/১৫

রুম ভাড়া

করোনা এলাকায় সেভেন ট্রেনের কাছে একটি এপার্টমেন্টে একটি আলাদা রুম ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। কেবলমাত্র পুরুষরা যোগাযোগ করুন। মাসিক ভাড়া ৩৫০ ডলার। কোন অতিথি আনা যাবে না। ফোন: ৭১৮-৫০৭-৪১৬৯
অ-২৫/ন-০১

সাহায্যকারী আবশ্যক

নিউজার্সীর নিউ ব্রুন্সউইক-এ বসবাসরত একজন বয়স্কা প্যারালাইজড মহিলা রোগিনীকে সবসময় দেখাশুনা করার জন্য রোগিনীর বাসায় থাকতে আগ্রহী মহিলা সাহায্যকারী দরকার। আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন: ৯৭৩-৯৩১-৬০৫৯ (কলি)
অ-২৫/ন-০১/০৮/১৫

সেমি বেইসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের নিকটে ৭০ স্ট্রিটে নর্দান বুলেবার্ড, মসজিদ সংলগ্ন সুন্দর পরিবেশে সম্পূর্ন নতুন ২ বেডরুম, ১ লিভিং, ১ কিচেন ও ১ বাথরুমের একটি সেমি বেইসমেন্ট বাসা পহেলা ডিসেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ: পাভেল (৯২৯) ৪২৪-৭৮৮১ অথবা (৬৪৬) ৯৫৭-৫১৫৪
ন-১৫/২২

বাসা ভাড়া

কুইন্স ভিলেজে-এর ৯৩ এভিনিউ এবং ২১০ প্লেস-এ এক বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া দেওয়া হবে। বাসার কাছেই কিউ১১০, কিউ৭৭, কিউ৩৬ আর কিউ১ এর বাস স্টপেজ। যোগাযোগ: ৯১৭-২২৬-৪৪২৩ (বাবলু)
অ-২৫/ন-০১

আবশ্যক

এস্টোরিয়ার ৩৬ এভিনিউর একটি রেষ্টুরেন্টে কাজের জন্য কাউন্টার পার্সন ও কিচেন হেলপার আবশ্যক।
যোগাযোগ: ৯২৯-৪৭১-৫৭৪৩
ডি-১৩/২০

রুম ভাড়া

সানিসাইডের ৪৪ স্ট্রীট-এ সেভেন ট্রেন এর ৪৬ ষ্ট্রীট ষ্টেশন থেকে দুই মিনিটের দূরত্ব) একটা বড় রুম শুধুমাত্র একজন অধুমপায়ী ও কর্মজীবি'র কাছে ভাড়া দেওয়া হবে। ভাড়া ৮০০ ইউএস ডলার। যোগাযোগ: ৭১৮-৭৯৫-৫১৭৯
ডি-১৩/২০

রুম ভাড়া

জ্যাকসন হাইটসের ৭৪ ষ্ট্রীটে বাথরুম সহ একটি রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯২৯-৩০১-৪৩৮৮
ডি-১৩/২০

সোফা বিক্রি

উডসাইড এলাকার বাসা বদলের প্রেক্ষিতে একটি বড় সোফা বিক্রি করা হবে। যোগাযোগ: ৩৪৭-৬৮৬-৪৫৭৭
ডি-১৩/২০

বাসা ভাড়া

ব্রুকলীনের এফ ট্রেনের বেলপার্কওয়ে সাবওয়ে ষ্টেশন ও বি৬ বাস স্টপ একই ব্লকের মধ্যে ১ রুমের বাসা ভাড়া হবে। আলাদা লিভিং ও কিচেন। যোগাযোগ: ৭১৮-৮৫৯-৫১৪৯ অথবা ৭১৮৫৫২৬৯৩১
অ-২৫/ন-০১/০৮

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হি-লসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

বাসা ভাড়া

জ্যামাইকার হলিসে ডিসেম্বর মাস থেকে দ্বিতীয় তলায় তিন রুম, ১ বাথরুম, লিভিং রুম, এবং ডাইনিং ও কিচেনসহ বাসা ভাড়া হবে। যোগাযাগে: ৭১৮-৬০০-৬০৫৮
ন-৮/১৫

রুম ভাড়া

ব্রঙ্কস কেসেলহিল সাবওয়ের কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ বেড রুমের সেমিবেসমেন্ট রুম ভাড়া ও রুমমেট আবশ্যক।
যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭

বাসা ভাড়া

কুইন্স ভিলেজের ৮৮ এভিনিউ এবং ২১২ প্লেসে ডুপ্লেক্স বাড়ী ভাড়া হবে, ১লা নভেম্বর থেকে। ৩ বেডরুম, ১ বাথরুম (সেকেন্ড ফ্লোর), ১/২ বাথরুম, লিভিং, ডাইনিং, কিচেন (ফানস্ট ফ্লোর)। এফ ট্রেন এর লাস্ট স্টপেজ (১৭৯ স্ট্রীট)। বাস কিউ১, কিউ৩৬ ও কিউ৪৩। যোগাযোগ: ড্যানী (৬৪৬) ৫২৯-৫২৪০।
অ-০৪/১১

বাড়ী ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টারে (১৪৬৮ হোয়াইট প্লেইন্স রোড, ফাস্ট ফ্লোর) তিন বেডরুম ও ২ বাথরুমের বাড়া নভেম্বর মাস থেকে ভাড়া দেওয়া হবে। ভাড়া ২৫০০ ডলার। যোগাযোগ: ৬৪৬-৬৬৭-৮১২৯ অথবা ৭১৮-৫৬১-০৬৯৯
ন-০১/০৮

আবশ্যক

ব্রঙ্কসে বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ৩টা থেকে সন্ধ্যা ৮:৩০ ঘটিকা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ইংলিশ জানা ৩৫ থেকে ৪৭ বছরের মধ্যে। প্রতি ঘন্টা ১৭ ডলার। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ আবশ্যক ৩৪৭-৫৭৯-৯৮৭৮
অক্টো-১১/১৮

কাউন্টার পারসন আবশ্যক

এস্টোরিয়া ৩৬ এভিনিউ এ অবস্থিত একটি রেস্টুরেন্টে কাজের জন্য কাউন্টার পারসন ও কিচেন হেলপার আবশ্যক।
যোগাযোগঃ ২৯-০৬, ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬।
ফোনঃ ৯২৯-৪৭১-৫৭৪৩

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়


টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে। কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন। **ফোনঃ ৯১৭-৩০০-৫০০৪**

ফ্লোরিডায় গ্রোসারীতে লোক আবশ্যক

ফ্লোরিডায় একটি গ্রোসারী স্টোরে জরুরী ভিত্তিতে আকর্ষনীয় বেতনে ক্যাশিয়ার বা সেলস ক্লার্ক আবশ্যক।
ফোন অথবা টেক্সট করুন: ৭৮৬-৮৩৮-৭৬৫৭
ন-০৮/১৫/২২/৩৯

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।
যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭
জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

মেডিকেল এ্যাসিস্ট্যান্ট আবশ্যক

ব্রঙ্কসের পার্কচেস্টারে অবস্থিত একটি স্বনামধন্য ডায়াগনিস্টিক সেন্টারে কাজ করার জন্য বাংলাভাষী মেডিকেল এ্যাসিস্ট্যান্ট আবশ্যক। বাংলাদেশ থেকে ডাক্তারী পাশ করা বা নার্স হিসাবে কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। বেতন আলোচনা সাপেক্ষ।

যোগাযোগঃ ২৬৭-৩৪২-১৪৮১



নিউইয়র্কে সীরাত কনভেনশন ১৯ ডিসেম্বর

(শেষের পাতার পর)

আমেরিকান মুসলিম সেন্টার (এএমসি) এর উদ্যোগে প্রতি বছরের মত এবারও "ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাহ কনভেনশন-২০২১" আয়োজিত হচ্ছে। কনভেনশনে থাকবে বাংলা ও ইংরেজি দুই ভাষায় আলোচনা পর্ব, কেরাত গজল সহ সীরাত সংস্কৃতির বর্নাঢ্য আয়োজন।

গত ১০ ডিসেম্বর শুক্রবার বাদ এশা, সন্ধ্যায় সাড়ে সাতটায় জ্যামাইকাস্থ আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে আয়োজিত সংবাদ সম্মেলনে উপরোক্ত তথ্য জানানো হয়। এতে সীরাত কনভেনশন আয়োজক কমিটি আশাবাদ ব্যক্ত করেন যে, এবারের সীরাহ কনভেনশন সীরাত প্রেমিকদের জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে। কমিটি নবী প্রেমিকদের সাথে নিয়ে এবারের গুরুত্বপূর্ণ সীরাতুন্নবী কনভেনশন সফল করার জন্য সকলের প্রতি আহবান জানান।

এবারের সীরাত কনভেনশন অনুষ্ঠানের মূল থীম হচ্ছে "মুহাম্মদ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম, বিশ্ব শান্তি ও সামাজিক ন্যায়বিচারের প্রতীক" এবং শ্লোগান হচ্ছে "বিশ্বনবীর বিশ্ব উম্মাত ঐক্যবদ্ধ মুসলিম মিল্লাতের বিশ্ব ঘোষণায় মহা আয়োজন"।

সংবাদ সম্মেলনে বিশেষ দিক নির্দেশনামূলক মতামত দেন আমেরিকান মুসলিম সেন্টারের চেয়ারম্যান ইমাম মির্জা আবু জাফর বেগ। আয়োজক কমিটির পক্ষ থেকে বক্তব্য রাখেন উপদেষ্টা মুফতি আব্দুল মালেক, সভাপতি এবং হাজী ক্যাম্প মসজিদের প্রতিষ্ঠাতা ইমাম হাফেজ রফিকুল ইসলাম, এএমসি'র বোর্ড অব ট্রাস্টির সদস্য এবং দারুল উলুম নিউইয়র্কের মুদাররিস আবদুল্লাহ কামাল আল আজহারি, ইমাম মাশুক, ইমাম লুৎফুর রহমান কাসেমি, ইয়র্ক বাংলা সম্পাদক রশিদ আহমদ, দারুল কোরান ওয়াস সুন্নাহর মুদাররিস মুফতি উবাইদুল্লাহ, হাজী ক্যাম্প মসজিদের রিলিজিয়াস টিচার ও মিডিয়া বক্তা মৌলানা মনজুর করিম, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাবেক সভাপতি মনির হোসেন, এএমসির আইটি বিষয়ক উপদেষ্টা বাকি বিল্লাহ, এএমসি ইমাম আতাউর রহমান, পরিচালক ফয়সাল নেওয়াজ সহ আয়োজক কমিটির সদস্যবৃন্দ।

নিউইয়র্কের পথে প্রান্তরে-১২

(শেষের পাতার পর)

দেখে গন্তব্যের দিকে হাটতে শুরু করলাম। পথে দেখি এক বাঙালী চাচা, বেশ বয়স্ক, বেগল বিক্রি করছেন। কেবল মাত্র কথা বলার জন্য অজুহাত হিসেবে জিজ্ঞেস করলাম, অমুক নং কোনদিকে উনি দেখিয়ে দিলেন। ভাবলাম ফেরার পথে উনার কাছ থেকে একটা বেগল কিনে নিব।

আমার সব সময়ের অভ্যেস, পথের পাশে বা ছোট দোকানে যারা কিছু বিক্রি করেন, সাধ্যের মধ্যে থাকলে তাদের কাছ থেকে কিনে নেই।

যাইহোক উনার সাথে কথা বলে আরেকটু সামনে এগোতেই অ্যাপলের অফিস। ২/৩ টা ছবি তুললাম। একজন পর্যটক আমাকে জিজ্ঞেস করলেন আমি নিজের ছবি তুলব কি না, হাসিমুখে বললাম, না, আমি নিজের ছবি তুলি না। উনি হয়তো ভেবেছেন আমি ফোন হারানোর ভয় করছি। বললেন, আমি তোমার ফোন নিয়ে পালিয়ে যাব না। বললাম, না না, আমি আসলেই নিজের ছবি তুলি না। অন্যের ছবি, প্রকৃতির ছবি বিশেষ করে খোলা আকাশের ছবি তুলি প্রচুর।

জিজ্ঞেস করলেন তুমি আকাশ ভালোবাসো, বললাম হ্যা, বললেন যারা খোলা আকাশ ভালোবাসে তাদের মন নাকি উদার, বিশাল হয়, জানি না। পরে উনার অনুরোধে উনার বেশ কটা ছবি তুলে দিলাম।

ফেরার পথে এত বেশি মন খারাপ ছিল যে চাচার কাছ থেকে বেগল কেনার কথা মনেই হল না। কিন্তু উনি ঠিকই আমাকে থামালেন। জিজ্ঞেস করলেন তোমার বাড়ি কই? কই থাক? কী কর? কিছুক্ষণ কথা হল উনার সঙ্গে। পরে প্রায় এক মাস পর আবার গিয়েছিলাম কিন্তু উনার সাথে আর দেখা হয়নি।

উনার কাছ থেকে বিদায় নিয়ে নিউইয়র্ক পাবলিক লাইব্রেরীতে কিছুক্ষণ সময় কাটালাম।

তার কদিন পর অফিস ফেরার পথে ট্রেনে প্রচুর ভীড়, মাঝ পথে এক বেশ বয়স্ক স্বাস্থ্যবান স্প্যানিশ মহিলা উঠলেন। কেউই তাকে বসতে বলল না। উনি আমার থেকে বেশ দূরে ছিলেন, এগিয়ে গিয়ে উনার হাত ধরে আমার সিটে বসালাম। পরের স্টপেজে সিট খালি হলে আমিও বসলাম উনার পাশে।

উনি স্প্যানিশে কিছু জিজ্ঞেস করলেন, বুঝলাম না। পরে বললেন ওয়ার্ক, আন্দাজ করলাম হয়তো জিজ্ঞেস করছেন কাজ থেকে ফিরছি কি না। বললাম হ্যাঁ কাজ থেকে ফিরছি। হাংরি? বলে হাতের আধা খাওয়া ভেলভেট কেকটা অফার করলেন।

যারা আমায় অতিরিক্ত ভালোবাসতেন দাদা দাদু বাবা আজ দূর আকশের তারা, মা কাছে নেই। অচেনা অজানা শহরের একজন মায়ের মতো জিজ্ঞেস করছে অফিস থেকে ফিরেছি কি না, ক্ষুধার্ত কি না। নিজের অজান্তেই চোখ ভিজে এলো, ভালোলাগায় মনটা ভরে গেল। আসলে ওই মূহুর্তের অনুভূতি কাউকে বুঝিয়ে বলতে পারব না।

অশ্রুসজল নয়নে হাসিমুখে বললাম, না, আমি ক্ষুধার্ত না, তবে ভেলভেট কেক আমার পছন্দ, আপনাকে অনেক অনেক ধন্যবাদ। ইচ্ছে করছিল উনাকে একটু জড়িয়ে ধরি, বুকে শক্ত করে। কিন্তু মন চাইলেই সব কিছু করা যায় না। খুব দ্রুত পথ ফুরিয়ে আসায় উনাকে শুভ রাত্রি বলে বিদায় নিলাম।

হয়তো উনার সাথে আর দেখা হবে না কিন্তু এই নিষ্টুর পাষাণ নগরীতে যেখানে প্রতিনিয়ত রুক্ষতা, স্বার্থপরতা আর নিষ্টুর ব্যবহার সহ্য করতে হয় সেখানে এমন মায়ের আদর হৃদয়কে আলোড়িত করে দিল।

এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির নতুন কমিটি গঠিত

(শেষের পাতার পর)

এবং পরিচালনা করেন গাজী এস এ জুয়েল। সভায় প্রধান নির্বাচন কমিশনার আজহারুল ইসহাক (খোকা) এবং সহকারী নির্বাচন কমিশনার উলফাত আলী মোল্লা ও টি ইসলাম উপস্থিত ছিলেন। পরে নির্বাচন কমিশন অন্য কোন প্রতিদ্বন্দ্বি না থাকায়, বিনা প্রতিদ্বন্দ্বিতায় আগামী ২ বছরের (২০২২-২০২৩) জন্য এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির সভাপতি হিসেবে আবুল বাসার মিলন, সাধারণ সম্পাদক মোঃ ফেরদৌস আলম ভুঁইয়া এবং সিনিয়র সহ-সভাপতি এম আর সেলিম, সহ-সভাপতি মনির হোসেন ও যুগ্ন সাধারণ সম্পাদক গাজী এস এ জুয়েলকে নির্বাচিত করেন। সভায় আগামী এক সপ্তাহের মধ্যে পুর্ণাঙ্গ কমিটি গঠন করার জন্য নতুন কমিটিকে দায়িত্ব দেওয়া হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

ঢাবি এলামনাই এসোসিয়েশনের

(শেষের পাতার পর)

পড়াতে নির্বাচন কমিশন ঐ প্যানেলকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। গত ২৮ নভেম্বর জ্যাকসন হাইটসের ইটজি চাইনিজ রেস্টুরেন্টে সাংবাদিকদের উপস্থিতিতে নির্বাচন কমিশনের চেয়ারম্যান মোহাম্মদ তৈয়বুর রহমান হারুন নির্বাচিতদের নাম ঘোষণা করেন। কমিশনের চেয়ারম্যানকে সহযোগিতা করেন ডেপুটি চেয়ারম্যান সাইফুল ইসলাম খান। নূতন কমিটির সভাপতি নির্বাচিত হলেন সাঈদা আক্তার লিলি এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন গাজী সামউদ্দীন।

এসময় নির্বাচন কমিশনের কর্মকতা ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মোহাম্মদ হোসেন খান, সাঈদা আক্তার লিলি, মো: তাজুল ইসলাম, স্বপন বড়ুয়া, গোলাম মোস্তফা, গাজী সামসউদ্দীন, এম.এস.আলম, মোহাম্মদ হানিফ মজুমদার প্রমুখ।

নূতন কমিটির সভাপতি সাঈদা আক্তার লিলি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী শতবর্ষ উদযাপনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

নির্বাচিত নূতন কমিটির কর্মকর্তারা হলেন: সভাপতি- সাঈদা আক্তার লিলি, সিনিয়র সহ সভাপতি- মো: গোলাম মোস্তফা, মোঃ মহিউদ্দীন দেওয়ান, মো: আব্দুস সালাম, সাধারণ সম্পাদক- গাজী সামসউদ্দীন, কোষাধ্যক্ষ- মোঃ হানিফ মজুমদার, দপ্তর সম্পাদক মো: ইউসুফ আলী, প্রচার ও প্রকাশনা সম্পাদক- মো: লিয়াকত আলী, কার্যকরী কমিটির **সদস্য:** মোল্লা মনিরুজ্জামান, মোঃ আজহার আলী খান, এম.এস.আলম, ম. জহিরুল হক, সাইফুল ইসলাম ভূঁইয়া ও মো: রুহুল আমীন সরকার।

প্রেসিডিয়াম সদস্য: মোহাম্মদ হোসেন খান, স্বপন বড়ুয়া, আবুল কালাম আজাদ ও মো: তাজুল ইসলাম।

স্বাস্থ্য সুরক্ষায় কিশমিশ

(শেষের পাতার পর)

পরিবর্তে ভিজিয়ে খেলে উপকার বেশি। কিশমিশ ভেজানো পানি রক্ত পরিষ্কার করতে সাহায্য করে। প্রতিদিন কিশমিশের পানি খেলে কোষ্ঠকাঠিন্য, অ্যাসিডিটি থেকে মুক্তি পাবেন ওষুধ ছাড়াই। এ ছাড়া কিশমিশ হৃদয় ভালো রাখে। নিয়ন্ত্রণে রাখে কোলেস্টেরল। কিশমিশে প্রচুর ভিটামিন এবং খনিজ আছে। আছে প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট, যা সহজে রোগমুক্তির কারণ। আর আছে প্রচুর আয়রন, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম এবং ফাইবার।

ভেজানো কিশমিশ খাওয়ার উপকারিতা–

কিশমিশ খাওয়ার সবচেয়ে ভালো উপায় সারারাত কিশমিশ পানিতে ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেটা খান। ভেজানো কিশমিশে থাকে আয়রন, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম এবং ফাইবার। হাই ব্লাডপ্রেসারের সমস্যা থাকলেও এটি তা নিয়ন্ত্রণে রাখে।

ব্লাড প্রেসার: উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের প্রাকৃতিক পদ্ধতিগুলোর মধ্যে একটি কিশমিশ। এর মধ্যে থাকা পটাসিয়াম হাই-ব্লাড প্রেসার বশে রাখে।

রক্তস্বল্পতা কমায়: রক্তস্বল্পতা কমাতে কিশমিশ যথেষ্ট উপকারী। নিয়মিত কিশমিশ খেলে এর মধ্যে থাকা আয়রন রক্তে হিমোগ্লোবিনের মাত্রা বাড়ায়। এছাড়া এর মধ্যে আছে তামা, যা রক্তে লাল রক্তকণিকা তৈরিতে সাহায্য করে।

হজমশক্তি বাড়ায়: সুস্থ থাকার জন্য ভালো হজমশক্তি জরুরি। এ ক্ষেত্রে কিশমিশ হজমশক্তি বাড়াতে সাহায্য করে। রোজ রাতে এক গ্লাস পানিতে কিশমিশ ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেই কিশমিশ খান। নিজেই তারপর তফাৎ খেয়াল করুন দিন পনেরো পরেই।

রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়: আপনি যদি রোগ প্রতিরোধ ক্ষমতা বড়াতে চান তবে ভেজা কিশমিশ এবং তার পানি নিয়মিত খান। এর মধ্যে রয়েছে অ্যান্টিঅক্সিডেন্ট, যা রোগের সঙ্গে লড়াই করার ক্ষমতা বা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

বিষমুক্ত শরীর: শরীরকে দূষণমুক্ত করতে কিশমিশ খান নিয়মিত। চারদিকের দূষণে আপনি যখন জেরবার তখন সকালে খালি পেটে ভেজানো কিশমিশ খেলে শরীর বিষমুক্ত হবে। ভেজানো কিশমিশের পাশাপাশি কিশমিশ ভেজানো পানিও খেতে পারেন।

কোষ্ঠকাঠিন্য কমায়: নিয়মিত কিশমিশ খেলে কোষ্ঠকাঠিন্য কমে। আপনি যদি পেটের সমস্যায় নিয়মিত ভোগেন তাহলে প্রতিদিন সকালে খালিপেটে ভেজানো কিশমিশ খান। যারা কোষ্ঠকাঠিন্যে কষ্ট পান তারা ওষুধের বদলে নিয়মিত কিশমিশ খেয়ে দেখতে পারেন।



গীতিকার গৌরীপ্রসন্ন মজুমদারের

(শেষের পাতার পর)

হাইটসের নবান্ন পার্টি হল মিলনায়তনে 'গৌরীপ্রসন্ন মজুমদার স্মরণ সংসদ, নিউইয়র্ক' এর উদ্যোগে তৃতীয়বারের মতো মঞ্চে প্রদীপ প্রজ্জ্বলন করার মাধ্যমে স্মরণ করা হয় গৌরীপ্রসন্ন মজুমদারকে।

স্বাধীন মজুমদারের পরিচালনায় অনুষ্ঠানে সংক্ষিপ্ত জীবন পরিচয় তুলে ধরেন মোশারফ হোসেন, স্বাগত বক্তব্য রাখেন আয়োজক গোপাল স্যানাল, শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের আহবায়ক মুহাম্মদ ফজলুর রহমান, প্রবীণ সাংবাদিক মনজুর আহমদ, সংগীতগুরু মোত্তালিব বিশ্বাস, সংস্কৃতি কর্মী মিথুন আহমেদ, রাজনীতিবিদ জাকারিয়া চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মিনহাজ আহম্মেদ শাম্মু, ড. উবায়দুল্লাহ মামুন, শুভ রায়, শাহ জে চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে গৌরীপ্রসন্ন মজুমদারের সঙ্গে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময়কালের স্মৃতিচারণ এবং সঙ্গীত পরিবেশন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায়। গৌরীপ্রসন্ন মজুমদারের লেখা কয়েকটি গান পরিবেশন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ হাসান। অনুষ্ঠানে আরো সঙ্গীত পরিবেশন করেন সংগীতগুরু মোত্তালিব বিশ্বাস, চন্দন চৌধুরী, শাহ মাহবুব, শাহানা ভট্টাচার্য্য ও মরিয়ম মারিয়া। তবলায় সঙ্গত করেছেন তপন মোদক আর মন্দিরায় শহীদ উদ্দীন। গিটারে গানের সুর তুলেন কিশোরশিল্পী মাস্টার মজুমদার।

অনুষ্ঠানে বক্তারা বলেন, গৌরীপ্রসন্ন মজুমদার বাংলাদেশে মুক্তিযুদ্ধের প্রবল সমর্থক ছিলেন, মুক্তিযোদ্ধাদের প্রেরণা সৃষ্টিকারী অনেক গানও লিখেছেন তিনি। বাংলাদেশের বরেণ্য এই গীতিকারের জন্মদিন পালনের মধ্য দিয়ে আয়োজকরা পাবনায় তার পৈত্রিক ভিটা সংরক্ষণের দাবি জানান। বর্তমানে গৌরপ্রসন্ন মজুমদারের বাড়িটি স্বাস্থ্য কমপ্লেক্স হিসাবে ব্যবহৃত হচ্ছে। এই স্বাস্থ্য কমপ্লেক্সটি গৌরী-প্রসন্ন মজুমদারের নামকরণ করার দাবি জানানো হয়।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অধ্যাপিকা হুসনে আরা, প্রখ্যাত গীতিকার মাহফুজুর রহমান, নাট্যভিনেত্রী রেখা আহমেদ, নীরা কাদেরী, দর্পন কবীর, কানু দত্ত, পারভীন সুলতানা, মনিকা রয় চৌধুরী, ইশতিয়াক রুপু আহমেদ, তোফাজ্জল লিটন সহ নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির সঙ্গীতানুরাগী, সাংবাদিক, সাহিত্যিক, সুধীজন সহ নানা পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গৌরীপ্রসন্ন মজুমদারের গান বাংলাদেশের মুক্তিযুদ্ধে অনেক অনুপ্রেরণা যুগিয়েছে যা বাংলাদেশীরা সবসময় কৃতজ্ঞচিত্তে স্মরণ করবে। তিনি আরো জানান, তাঁর লিখা গান দিয়ে যুদ্ধের সময় মানুষের মধ্যে যে উদ্দীপনা সৃষ্টি করেছিলেন তা আগামী প্রজন্মকে তাঁর সম্পর্কে অবহিত করতে হবে। তাঁর লেখা 'কফি হাউসের সেই আড্ডাটা আজ আর নেই' ২০০৪ সালে বিবিসির জরিপে সর্বকালের সর্বশ্রেষ্ঠ ২০টি বাংলা গানে ঠাঁই পেয়েছিল। তাঁর উল্লেখযোগ্য গানের মধ্যে 'শোন একটি মজিবরের কণ্ঠ থেকে লক্ষ মজিবরের কণ্ঠে সুরের ধ্বনি প্রতিধ্বনি', 'মাগো, ভাবনা কেন, আমরা তোমার শান্তিপ্রি শান্ত ছেলে', 'এই পথ যদি না শেষ হয়', 'বাঁশি শুনে আর কাজ নাই', 'এই মেঘলা দিনে একলা ঘরে থাকে না তো মন', 'ও নদীরে একটি কথা শুধাই শুধু তোমারে', 'আমার স্বপ্নে দেখা রাজকন্যা থাকে', 'এই সুন্দর স্বর্ণালি সন্ধ্যায়,' এবং 'প্রেম একবার এসেছিল নীরবে' প্রমুখ, যা মানুষের মনকে আজও উজ্জিবিত করে।

গৌরীপ্রসন্ন মজুমদার ১৯২৫ সালে ৫ ডিসেম্বর পাবনার ফরিদপুর উপজেলার গোপালনগর গ্রামে জন্ম নেন। ১৯৮৬ সালের ২০ আগস্ট তিনি কলকাতায় মৃত্যুবরণ করেন।

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696

Res: 718-931-2509

e-mail: moondhs@gmail.com

শিশু বিশেষজ্ঞরা এখন COVID-19 টিকা সুপারিশ করেন 5-17 বছর বয়সীদের জন্য।

COVID-19 টিকা নেওয়ার পরে কি আমার শিশুর হৃদযন্ত্রের সমস্যা হতে পারে?

COVID-19 টিকাগুলো যে বয়:সন্ধি বা উর্বরতার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করে পারে তার সপক্ষে কোন প্রমাণ নেই। ঠিক অন্য টিকাগুলির জন্য যেগুলি শিশুদের জন্য অনুমোদিত এবং সুপারিশকৃত, COVID-19 টিকাগুলি বিস্তৃতভাবে অধ্যয়ন করা হয়েছিল এবং নিরাপদ বলে পাওয়া গেছিল।

COVID-19 টিকা জীবন বাঁচায়। আপনার শিশুকে টিকা দেওয়ান। COVID-19 টিকা সম্পর্কে আরো জানতে nyc.gov/covidvaccine এ যান অথবা 212-268-4319 নম্বরে কল করুন।

NYC VACCINE FOR ALL: SAFE, FREE, EASY

NYC Health

Bill de Blasio মেয়র
Dave A. Chokshi, MD, MSc কমিশনার

সতর্কীকরণ: সীসা থাকতে পারে

সিঁদুরে সীসা থাকতে পারে, যা শিশুদের মধ্যে শেখা ও আচরণের সমস্যা তৈরি করতে পারে, গর্ভবতী মহিলাদের গর্ভপাত এবং বন্ধ্যাত্ব ঘটাতে পারে।

- ব্যবহার করার পরে আপনার হাত ধুয়ে নিন।
- শিশুদের থেকে দূরে থাকুন।
- আপনি যদি সিঁদুর ব্যবহার করেন, তাহলে আপনার ডাক্তারকে রক্তে সীসার উপস্থিতি পরীক্ষার জন্য বলুন।

আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন করুন বা **nyc.gov/leadfree** দেখুন।

NYC Health

Bill de Blasio মেয়র
Dave A. Chokshi, MD, MSc কমিশনার

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // December 13 // 2021

ওমিক্রনের বড় ঢেউ আঘাত হানবে বৃটেনে, বিজ্ঞানীদের হুঁশিয়ারি

বাংলা পত্রিকা ডেস্ক: কোনো ধরনের কড়াকড়ি আরোপ করা না হলে ওমিক্রনের কারণে সামনের জানুয়ারিতে বড় ধরনের কোভিড সংক্রমণের মুখোমুখি হবে বৃটেন। এমন হুঁশিয়ারি বার্তাই দিয়েছেন দেশটির বিজ্ঞানীরা। তারা বলছেন, এপ্রিল নাগাদ ওমিক্রন ভ্যারিয়েন্টে বৃটেনে ২৫ হাজার থেকে ৭৫ হাজার মানুষের মৃত্যু হতে পারে। তবে এটি নির্ভর করছে ভ্যারিয়েন্টটিতে মৃত্যুর হার কেমন এবং এর বিরুদ্ধে ভ্যাকসিন কেমন কাজ করছে তার উপরে। এ খবর দিয়েছে বিবিসি। বিজ্ঞানীরা আরও বলছেন, কঠিনতম পরিস্থিতিতে এই ভ্যারিয়েন্টের কারণে বৃটিশ হাসপাতালগুলো ভরে উঠতে পারে। এ জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলেন তারা। এই গবেষণাটি করেছে লন্ডন স্কুল অফ হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন। এর গবেষকরা বলছেন, বুস্টার ডোজ গ্রহণের মাত্রা বাড়লে ওমিক্রন সংক্রমণ ও মৃত্যুর হারেও পরিবর্তন আসবে। গবেষক দলের সদস্য ড. নিক ড্যাভিস বলেন, ওমিক্রন অত্যন্ত দ্রুত ছড়িয়ে পড়ছে এবং এটি বেশ উদ্বেগজনক। তাই এ বছরের শেষ নাগাদ এটি বৃটেনের সবথেকে প্রভাবশালী ভ্যারিয়েন্টে পরিণত হবে বলে আশঙ্কা করা হচ্ছে।

রোহিঙ্গা সংকট নিরসনে আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও প্রচেষ্টা বাড়ানোর আহ্বান জাতিসংঘে রাষ্ট্রদূত ফাতিমা

নিউইয়র্ক: "রোহিঙ্গা সংকট দীর্ঘায়িত প্রকৃতির একটি সংকট বিধায় আমরা আন্তর্জাতিক সম্প্রদায় ও জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থাসমূহকে এর দায়ভার ও দায়িত্ব ভাগাভাগি করে নিতে প্রচেষ্টা আরও বৃদ্ধি করার আহ্বান জানানিয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা। শুক্রবার (১০ ডিসেম্বর) জাতিসংঘ সাধারণ পরিষদে 'বিশেষ অর্থনৈতিক সহায়তাসহ জাতিসংঘের মানবিক ও দুর্যোগ-ত্রাণ সহায়তার সমন্বয় জোরদার করা' শীর্ষক সাধারণ বিতর্কে প্রদত্ত বক্তব্যে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

জাতিসংঘ ও অন্যান্য মানবাধিকার সংস্থাগুলোর সহযোগিতার মাধ্যমে বাংলাদেশ রোহিঙ্গাদের যে মানবিক সহায়তা প্রদান করে যাচ্ছে তা তুলে ধরে তিনি মিয়ানমার পরিস্থিতির উপর আন্তর্জাতিক সম্প্রদায়ের আরও বেশি মনোযোগ বাড়ানোর অনুরোধ জানান যাতে জোরপূর্বক বাস্তুচ্যুত ১.১ মিলিয়ন রোহিঙ্গাদের নিজভূমি মিয়ানমারে নিরাপদ ও টেকসই প্রত্যাবর্তনের উপযোগী পরিবেশ তৈরি হয়। রোহিঙ্গা সঙ্কটের ফলে এই অঞ্চলে ইতোমধ্যে যে জটিল রাজনৈতিক ও মানবিক পরিস্থিতি বিরাজ করছে, সংকট দীর্ঘায়িত হলে তা আরও জটিলতর পরিস্থিতির সৃষ্টি করবে মর্মে উল্লেখ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত মানবিক পরিস্থিতিতে দুর্যোগ ঝুঁকি হ্রাস, প্রতিরোধ, অভিযোজন, প্রতিকূলতা মোকাবিলা করে ঘুরে দাঁড়ানোর সামর্থ্য অর্জন, এাণ ও প্রশমনের ক্ষেত্রে বাংলাদেশ যে উত্তম অনুশীলন এবং বিশেষ বিনিয়োগ করে যাচ্ছে তা উল্লেখ করেন রাষ্ট্রদূত ফাতিমা। তিনি বলেন, "আমরা 'মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা' গ্রহণ করেছি যা আমাদেরকে জলবায়ু নাজুক পরিস্থিতি থেকে জলবায়ুর প্রতিকূলতা মোকাবিলা করে ঘুরে দাঁড়ানোর সামর্থ্য অর্জন ও সমৃদ্ধিপূর্ণ পরিস্থিতির দিকে ধাবিত করতে সাহায্য করছে"।

প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের কারণে বাস্তুচ্যুত হওয়ার ক্রমবর্ধমান ঘটনা প্রসঙ্গে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে বাস্তুচ্যুতদের মানবিক চাহিদা মেটাতে জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থাসমূহ ও অন্যান্য অংশীজনদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয় বৃদ্ধি করা অত্যন্ত প্রয়োজন। এক্ষেত্রে তিনি প্লাটফর্ম অন ডিজাস্টার ডিসপ্লেসমেন্ট এর বিভিন্ন কর্মকান্ড তুলে ধরেন।

জলবায়ু পরিবর্তনে জরুরি সাড়া দান পর্যায় থেকে প্রস্তুতি ও প্রতিকূলতা মোকাবিলা করে ঘুরে দাঁড়াতে সক্ষম পর্যায়ে উত্তরণের ক্ষেত্রে জাতীয় অগ্রাধিকার ও মাঠ পর্যায়ের বাস্তব পরিস্থিতি বিবেচনার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, উন্নয়ন কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে আন্তর্জাতিক সম্প্রদায়কে অবশ্যই মানবিক সহযোগিতার উপর নির্ভরশীলতা হ্রাস ও প্রতিকূলতা মোকাবিলায় সক্ষম সমাজ বিনির্মাণের দিকে মনোযোগ দিতে হবে। যে কোনো মানবিক সঙ্কটে নারীরাই প্রথম সাড়া দেয় এবং কেন্দ্রিয় ভূমিকা পালন করে মর্মে উল্লেখ করে তিনি দুর্যোগ ঝুঁকি হ্রাস ও প্রশমণের ক্ষেত্রে লিঙ্গ-সংবেদনশীল নীতি জোরদার কারার আহ্বান জানান।





সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.B.(CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

সিস্টাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



নিউইর্য়কের জ্যামাইকা মাল্টিপ্লেক্স সিনেমা হলে

মিশন এক্সট্রিম'র প্রিমিয়ার শো অনুষ্ঠিত

আশরাফুল হাবিব মিহির: বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের ৯টি অঙ্গরাজ্যে গত ৩ ডিসেম্বর মুক্তি পেলো সানি সানোয়ার এবং ফয়সাল আহমেদের যৌথ পরিচালনায় নির্মিত বহুল প্রতীক্ষিত বাংলা চলচ্চিত্র 'মিশন এক্সট্রিম'। নিউইর্য়কের ৩টি হল ছাড়াও ক্যালিফোর্নিয়ার ৪টি হল সহ নিউজার্সী, মিশিগান, টেক্সাস, ভার্জিনিয়া, ফ্লোরিডা, ম্যাসাচুসেটস এবং ওয়াশিংটন-এ একসাথে ১৬টি সিনেমা হলে মুক্তি পেয়েছে চলচ্চিত্রটি।

এই উপলক্ষ্যে গত ৩ ডিসেম্বর শুক্রবার, সন্ধ্যে ৬টায় জ্যামাইকা মাল্টিপ্লেক্স সিনেমাস হলে অনুষ্ঠিত হলো 'মিশন এক্সট্রিম' এর প্রিমিয়ার শো। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রে চলচ্চিত্রটির একমাত্র পরিবেশক 'বায়োস্কোপ ফিল্মস' এর সিইও রাজ হামিদ বলেন, জ্যামাইকা মাল্টিপ্লেক্স শুক্রবার থেকে রোববার প্রতিদিন ৪টি এবং সোম থেকে বৃহ:স্পতিবার প্রতিদিন ৩টি করে শো ৯ ডিসেম্বর পর্যন্ত মোট ২৪টি শো প্রদর্শিত হয়। দর্শকদের কাছ থেকে যে সাড়া পাওয়া যাচ্ছে, তাতে হয়তো আরও অনেকগুলো সিনেমা হলে চালাতে হতে পারে।

তিনি নিউইর্য়কবাসীর প্রতি বাংলাদেশী ছবিকে পৃষ্ঠপোষকতা করা এবং দর্শকদের হলে এসে বাংলা ছবি দেখার আহবান জানান। এতে করে বাংলা ছবির বাজার সম্প্রসারণ হবে। বলেন, আমরা নিয়মিত দর্শক তৈরী করতে চাই উত্তর আমেরিকায়। 'মিশন এক্সট্রিম' সহ উত্তর আমেরিকায় এ পর্যন্ত ২০টি ছবি পরিবেশক বায়োস্কোপ ফিল্মস। তাছাড়া বছরে ৮ থেকে ১০টি বাংলা ছবি প্রদর্শনের পরিকল্পনার তাদের আছে।

যুক্তরাষ্ট্রে চলচ্চিত্রটির প্রচার সহযোগী প্রতিষ্ঠান 'সেরা ডিজিটাল ৩৬০' এর পক্ষে অভিনেতা আদনান ফারুক হিল্লোল বলেন, আমার জন্য এটা গ্রেট অনার, আমার কলিগ আরেফিন শুভ, আমরা একসাথে কাজও করেছি, ওর এই মুভিটা আমরা 'সেরা ডিজিটাল ৩৬০' মার্কেটিং করার সুযোগ পেয়েছি। আমার মনে হয়, এটাই প্রথম নিউইর্য়ক বা পুরো উত্তর আমেরিকাতে কোন মুভি ডিজিটাল মার্কেটিং। তিনি দর্শকদের উদ্দেশ্যে বলেন, আপনারা আমাদের আহবানে সাড়া দিন, বাংলা ছবি দেখতে হলে আসুন।

কোভিডের এই সময়ে, অনলাইনে এবং কাউন্টারে এসে টিকেট কেটে, নিউইর্য়কের জ্যামাইকা মাল্টিপ্লেক্স সিনেমাসে প্রথমদিনে হলে দর্শকদের উপস্থিতি ছিলো চোখে পড়ার মতো। অ্যাকশন থ্রিলার সিনেমাটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন অভিনেতা আরিফিন শুভ। এ ছাড়াও অভিনয় করেছেন তাসকিন রহমান, জান্নাতুল ফেরদৌস ঐশী, রাইসুল ইসলাম আসাদ, ফজলুর রহমান বাবু, শতাব্দী ওয়াদুদ, মাজনুন মিজান, ইরেশ যাকের, সাদিয়া নাবিলা, সুমিত সেনগুপ্ত, মনোজ প্রামাণিক, আরেফ সৈয়দ, সুদীপ বিশ্বাস দীপ, দীপু ইমাম, রাশেদ মামুন অপু, এহসানুল রহমান সহ আরো অনেকে।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432

Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

শহীদ বুদ্ধিজীবী দিবসে নিউইয়র্কে নানা কর্মসূচী গ্রহণ

বাংলা পত্রিকা রিপোর্ট: চৌদ্দই ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস। দিবসটি উপলক্ষে প্রতি বছরের মতো এবারও বুদ্ধিজীবী দিবসের প্রথম প্রহরে বিভিন্ন কর্মসূচি পালন করবে সম্মিলিত **(বাকি অংশ ৩৭ পাতায়)**

নিউইয়র্কে সীরাত কনভেনশন ১৯ ডিসেম্বর

বাংলা পত্রিকা রিপোর্ট: আগামী ১৯ ডিসেম্বর রোববার, বিকাল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত কুইন্সের আগ্রা প্যালেসের হলে (১১৬-৩৩ কুইন্স বুভার্ড, ফরেস্ট হিল, নিউইর্য়ক ১১৩৭৫) **(বাকি অংশ ৪৪ পাতায়)**

নিউইয়র্কের পথে প্রান্তরে-১২



জুনের শেষের দিকে, মেঘলা আকাশ, ঝিরিঝিরি বৃষ্টি ঝড়ছিল। সেদিন একটা জরুরী কাজে ম্যানহাটনে গিয়েছিলাম। তো সাবওয়ে থেকে বের হয়ে গুগল ম্যাপ (বাকি অংশ ৪৪ পাতায়

গীতিকার গৌরীপ্রসন্ন মজুমদারের জন্মোৎসব পালিত

নিউইয়র্ক: দুই বাংলায় সমানভাবে জনপ্রিয়, অসংখ্য কালজয়ী গানের রচিয়তা ও সুরকার গৌরীপ্রসন্ন মজুমদারের জন্মোৎসব পালিত হয়েছে নিউইয়র্কে। এই উপলক্ষ্যে গত ৬ ডিসেম্বর সোমবার সন্ধ্যায় নিউইর্য়কের কুইন্সের জ্যাকসন **(বাকি অংশ ৪৪ পাতায়)**

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ৪১ পাতায়)

বাড়ীর মালিকদের সহায়তায় ৫৩৯ মিলিয়ন ডলারের ফান্ড



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের ফেডারেল সরকার ষ্টেট ভিত্তিক বাড়ীর মালিকদের সহায়তায় ৫৩৯ মিলিয়ন ডলারের ফান্ড অনুমোদন করেছে। এই প্রথম বাড়ীর মালিকদের জন্য কোন কোন প্রকারের সহায়তা আসল। এর আগে ভাড়াটিয়ারা অনুমোদন পেয়েছিলেন। এই সহায়তার আওতায় বাড়ীওয়ালা সর্বোচ্চ ৫০ হাজার ডলার পর্যন্ত পেতে পারেন। নিউইয়র্ক ষ্টেট গভর্ণর ক্যাথি হোকল গত ৬ ডিসেম্বর সোমবার এই ফান্ডের কথা ঘোষণা করেন। কাভিড-১৯ মহামারীর কারণে আর্থিক অসুবিধার ফলে ডিফল্ট, ফোরক্লোজার **(বাকি অংশ ৪২ পাতায়)**

নিউইয়র্কের ৯ লক্ষ নন-সিটিজেন সিটি কাউন্সিল নির্বাচনে ভোটাধিকার লাভ



বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির বিপুলসংখ্যক বাংলাদেশীসহ প্রায় ৯ লক্ষ অভিবাসী নিউইয়র্ক সিটি নির্বাচনে ভোটাধিকার পেলেন। নিউইয়র্ক সিটির গ্রীণকার্ডধারী, ওয়ার্ক পারমিটধারী, ড্রিমার তথা ড্যাকা কর্মসূচির অন্তর্ভূক্তদের জন্যে শুধুমাত্র সিটি কাউন্সিলে ভোটাধিকারের এই বিল গত সপ্তাহে পাশ হলো। তবে তারা ফেডারেল অথবা ষ্টেট পার্লামেন্টের ভোটে শরিক হতে পারবেন না। সিটি'র নির্বাচনে ভোটাধিকার পাওয়ায় স্থানীয় পর্যায়ে নীতি-নির্দ্ধারণে নন-সিটিজেনরাও তাদের মতামত প্রকাশের **(বাকি অংশ ৩৭ পাতায়)**

ঢাবি এলামনাই এসোসিয়েশনের নির্বাচন
নূতন কমিটি ঘোষনা





বাংলা পত্রিকা ডেস্ক: ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচন (২০২২-২০২৩) শেষে কার্যকরী পরিষদের নূতন কমিটি ঘোষণা করেন। নির্বাচনে একটিমাত্র প্যানেল জমা **(বাকি অংশ ৪৪ পাতায়)**

এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির নতুন কমিটি গঠিত





নিউইয়র্ক: এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির এক সভা গত ৮ ডিসেম্বর এস্টোরিয়াস্থ বৈশাখী রেস্টুরেন্ট ও পার্টি হলে অনুষ্ঠিত হয়। এই সভায় সভাপতিত্ব করেন আজহারুল ইসহাক (খোকা) **(বাকি অংশ ৪৪ পাতায়)**

নিউইয়র্কে সিনেটর শেখ রহমানের ফান্ড রেইজিং
মূলধারার রাজনীতিতে সম্পৃক্ত হওয়ার আহ্বান



বক্তব্য রাখছেন স্টে সিনেটর শেখ সিরাজ

এস এম সোলায়মানঃ যুক্তরাষ্ট্রের নির্বাচিত প্রথম মুসলিম স্টেট সিনেটর বাংলাদেশী-আমেরিকান শেখ রহমানের ফান্ড রেইজিং অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১২ ডিসেম্বর) নিউইয়র্কের জ্যাকসন হাইটস নবান্ন রেষ্টুরেন্টে অনুষ্ঠিত ফান্ড রেইজিং এ সভাপতিত্ব করেন জেবিবিএ সভাপতি ও কমিউনিটি বোর্ড মেম্বার শাহনেওয়াজ। ফান্ড রেইজিং এর আয়োজক মূলধারার নেতা জয় চৌধুরী ও আহনাফ আলমের সঞ্চালনায় বক্তব্য রাখেন মূলধারার সিনিয়র নেতা মোর্শেদ আলম, নিউইয়র্ক বাংলাদেশ পুলিশ এসোসিয়েশনের সহ সভাপতি লেঃ কর্নেল শামছুল হক, আমেরিকা বাংলাদেশ সোসাইটির সভাপতি ও কমিউনিটি বোর্ড মেম্বার মোহাম্মদ আলী, নিউইয়র্ক সিটি মেয়র(বাকি অংশ ৪১ পাতায়)

জেএমসি'র নতুন কমিটির শপথ গ্রহণ

বাংলা পত্রিকা রিপোর্ট: জ্যামাইকা মুসলিম সেন্টারের নতুন কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। গত রোববার (১২ ডিসেম্বর) জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত সাধারণ সভায় শপথ গ্রহণ করে নতুন কমিটি। শপথ অনুষ্ঠান পরিচালনা(বাকি অংশ ৩৭ পাতায়

নগদ অর্থে বাড়ী ক্রেতাদের উপর নজরদারী নির্দেশ

বাংলা পত্রিকা ডেস্ক: নগদ অর্থে বাড়ী ক্রেতাদের উপর নজরদারী আরম্ভ করার জন্য দূর্নীতি দমন কমিশন সংস্থাকে হোয়াইট হাউজ থেকে নির্দেশ দেয়া হয়েছে। গত ৬ সেপ্টেম্বর সোমবার এই নির্দেশ দেয়া **(বাকি অংশ ৪১ পাতায়)**

খেলার খবর

আগামী আইপিএল ভারতে!

স্পোর্টস ডেস্ক: করোনাভাইরাসের মাঝেই আইপিএলের গত আসরের আয়োজন করেছিল বিসিসিআই। কিন্তু করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় তা বন্ধ হয়ে যায়। বাকি অংশ অনুষ্ঠিত হয় সংযুক্ত আরব আমিরাতে। এমনকী **(বাকি অংশ ৪২ পাতায়)**

হেলথ টিপস

স্বাস্থ্য সুরক্ষায় কিশমিশ

বাংলা পত্রিকা ডেস্ক: শরীরে আয়রনের ঘাটতি দূর করার পাশাপাশি রক্তে লাল কণিকার পরিমাণ বাড়ায় কিশমিশ। শুকনো কিশমিশ খাওয়ার **(বাকি অংশ ৪৪ পাতায়)**

বিনোদন

আগাম জামিন চেয়েপণ মিথিলা ও শবনম

বিনোদন ডেস্ক: অর্থ আত্মসাৎ ও প্রতারণার অভিযোগে হওয়া মামলায় আগাম জামিন চেয়ে হাইকোর্টে আবেদন করেছেন অভিনেত্রী **(বাকি অংশ ৪২ পাতায়)**

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Zakir Choudhury, CPA
Founder & CEO
929-207-1516

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com